THE CALCUTTA SANSKRIT SERIES

Edited by

NARENDRACHANDRA VEDANTATIRTHA, M. A.

No. 26

VĀLMĪKI-RĀMĀYANAM

Vol. VI. XI—xxi Part XLIII.

বাল্মীকীয়ং

রামায়ণম্

(গৌড়ীয়-পাঠঃ)

লোকনাথ-চক্রবর্ত্তিকৃত-টীকয়া টীকান্তরসারভূয়িষ্ঠ-টিপ্পন্যা

বঙ্গানুবাদ-পাঠান্তরাদিভিশ্চ সমলঙ্কৃতম

ত্রিচত্বারিংশ-খণ্ডম্

(যুদ্ধকাণ্ডে ১১—২১ সর্গাঃ)

সাংখ্যতীর্থ-মীমাংসাতীর্থ-তর্করত্ন-শাস্ত্রি-

শ্রীনরেন্দ্রচন্দ্র বেদান্ততীর্থ-এম্-এ-

ভট্টাচার্য্যেণ সংস্কৃতম্

METROPOLITAN PRINTING & PUBLISHING HOUSE, LTD.
90, Lower Circular Road, Calcutta.
1939

কলিকাতা সংস্কৃত গ্রন্থমালা

১। **ব্রহ্মসূত্রশাঙ্করভাষ্য**—নয়টি টীকা ও সংস্কৃত ভূমিকা সহ—মহামহোপাধ্যায় শ্রী অনন্তকৃষ্ণ শাস্ত্রী সম্পাদিত। ইংরাজী ভূমিকা সহিত। চতুঃসূত্রী, দুই খণ্ড।

মূল্য—১৫৲ টাকা।

২। **বাল্মীকি-রামায়ণ**—(বঙ্গাক্ষরে মুদ্রিত) লোকনাথ চক্রবর্ত্তীর টীকা, সম্পাদকীয় টিপ্পনী ও বঙ্গানুবাদ সহ—শ্রী অমরেশ্বর ঠাকুর, এম্-এ, পি-এ'চ্-ডি, বেদান্তশাস্ত্রী সম্পাদিত (৩০ খণ্ড)।

বাল্মীকি-রামায়ণ—৩০শ খণ্ড (কিষ্কিন্ধ্যাকাণ্ড, বিংশ সর্গ) হইতে শ্রীনরেন্দ্রচন্দ্র বেদান্ততীর্থ, এম্-এ সম্পাদিত।

(৪৪শ খণ্ড, যুদ্ধকাণ্ড, যন্ত্রস্থ।) প্রতিখণ্ড মূল্য—১৲ টাকা।

৩। **কৌলজ্ঞাননির্ণয়**—(মৎস্যেন্দ্রনাথ-প্রস্থানভূত বৌদ্ধতন্ত্র) ইংরাজী ভূমিকা ও টিপ্পনী সহ—শ্রী প্রবোধচন্দ্র বাগ্‌চি, এম্-এ, ডি-লিট্ সম্পাদিত।

মূল্য—৬৲ টাকা।

৪। **বেদান্তসিদ্ধান্তমুক্তিমঞ্জরী**—(সিদ্ধান্তলেশসিদ্ধান্ত) প্রকাশটীকা, সংস্কৃত ও ইংরাজী ভূমিকা, সংস্কৃত ও ইংরাজী টিপ্পনী, সূচীপত্রাদি সহ - শ্রীনরেন্দ্রচন্দ্র বেদান্ততীর্থ, এম্-এ সম্পাদিত।

মূল্য—৪৲ টাকা।

৫। **অভিনয়দর্পণ**—(নন্দিকেশ্বরকৃত) ইংরাজী ভূমিকা, অনুবাদ, টিপ্পনী প্রভৃতি সহ—শ্রীমনোমোহন ঘোষ, এম্-এ, পি-এ'চ্-ডি, কাব্যতীর্থ সম্পাদিত।

মূল্য—৫৲ টাকা।

৬। **কাব্যপ্রকাশ**—মহেশ্বর ন্যায়ালঙ্কারকৃত আদর্শটীকা, সংস্কৃত ভূমিকা, টিপ্পনী প্রভৃতি সহ—শ্রী অমরেন্দ্রমোহন তর্কতীর্থ ও শ্রী উপেন্দ্রমোহন সাংখ্যতীর্থ সম্পাদিত। ইংরাজী ভূমিকাদি সহিত।

মূল্য—৮৲ টাকা।

৭। **মাতৃকাভেদতন্ত্র**—সংস্কৃত ভূমিকা, টিপ্পনী প্রভৃতি সহ—শ্রীচিন্তামণি ভট্টাচার্য্য সম্পাদিত। ইংরাজী ভূমিকা সহিত।

মূল্য—২৲ টাকা।

৮। **সপ্তপদার্থী**—(ন্যায়-বৈশেষিক প্রকরণগ্রন্থ) মিতভাষিণী, পদার্থ-চন্দ্রিকা, বলভদ্র-সন্দর্ভ, জিনবর্দ্ধনটীকা, সংস্কৃত ও ইংরাজী ভূমিকা, টিপ্পনী প্রভৃতি সহ—শ্রীনরেন্দ্রচন্দ্র বেদান্ততীর্থ, এম্-এ, ও শ্রী অনরেন্দ্রমোহন তর্কতীর্থ সম্পাদিত।

মূল্য—৪৲ টাকা।

৯। **ন্যায়ামৃত ও অদ্বৈতসিদ্ধি**—সাতটী টীকা, ইংরাজী ও সংস্কৃত ভূমিকা সহ—মহামহোপাধ্যায় শ্রী অনন্তকৃষ্ণ শাস্ত্রী সম্পাদিত। সাক্ষিবাধবিচার পর্য্যন্ত।

মূল্য - ১২৲ টাকা।

১০। **ডাকার্ণব**—(বৌদ্ধতন্ত্র) ইংরাজী ভূমিকা, টিপ্পনী, সূচীপত্র সহ - শ্রীনগেন্দ্র-নারায়ণ চৌধুরী, এম্-এ, পি-এ'চ্-ডি সম্পাদিত।

মূল্য—৫৲ টাকা।

১১। **অধ্যাত্মরামায়ণ**—নরোত্তম, গোপাল চক্রবর্ত্তী ও রামবর্ম্মকৃত টীকা, টিপ্পনী সহ—শ্রীনগেন্দ্রনাথ সিদ্ধান্তরত্ন সম্পাদিত। ইংরাজী ভূমিকা সহিত। দুই খণ্ড।

মূল্য—১২৲ টাকা।

খরাতিস্তনিতা মেঘা ঘোরাঃ প্রতিভয়ঙ্করাঃ।
শোণিতেনাভিবর্ষন্তি লঙ্কামুষ্ণেন সর্ব্বতঃ ॥ ২৭ ॥

প্রতিমাশ্চ প্রকম্পন্তে খিদ্যন্তি চ হসন্তি চ।
উদপানানি গর্জন্তি তড়াগাশ্চ বৃষা ইব ॥ ২৮ ॥

প্রযুক্তাশ্চাপ্রবর্ত্তন্তে রথা যুদ্ধাভিনন্দিনঃ।
চরতাং বাহনানাঞ্চ নিপতন্ত্যশ্রুবিন্দবঃ ॥ ২৯ ॥

ধ্বজা ধ্বস্তা বিশীর্ণাশ্চ ন বিভান্তি যথা পুরা।
নষ্টশ্রীকমহং মন্যে সৈন্যং তে রাক্ষসাধিপ ॥ ৩০ ॥

২৭। লো-টী। খরং তীক্ষ্ণম্ অতিস্তনিতং গর্জ্জিতং যেষাং তে। খরস্য গর্দ্দভস্য ইতি ঘোরা ভয়স্বরূপাঃ।

২৮। লো-টী। উদপানানি কূপাঃ।

২৯। লো-টী। প্রযুক্তা যুদ্ধায় ন প্রবর্ত্তন্তে অপ্রবর্ত্তন্তে। চরতাং গচ্ছতাম্। অযুক্তাশ্চ প্রবর্ত্তন্তে রথা যুদ্ধাভিকাঙ্ক্ষিণ ইতি ক্বচিৎ পাঠঃ।

দুঃশ্রাব্যশব্দকারী ভীতিজনক অতি ভয়ঙ্কর মেঘসকল লঙ্কার সমস্ত স্থানে অত্যুষ্ণ শোণিত বর্ষণ করিতেছে ॥ ২৭ ॥

প্রতিমা সকল কাঁপিতেছে, খিন্ন হইতেছে এবং হাসিতেছে, কূপ এবং গভীর জলাশয়সমূহ বৃষের ন্যায় গর্জ্জন করিতেছে ॥ ২৮ ॥

যুদ্ধের জন্য সজ্জিত রথসমূহ চালাইতে ইচ্ছা করিলেও চলিতেছে না এবং চলন্ত অশ্বগণের অশ্রুবিন্দু সকল ভূমিতে পতিত হইতেছে ॥ ২৯ ॥

ধ্বজসমূহ ধ্বস্ত এবং বিশীর্ণ হইয়া পূর্ব্বের ন্যায় শোভা পাইতেছে না। হে রাক্ষসরাজ, তোমার সৈন্যদিগকে আমি শ্রীভ্রষ্ট মনে করি ॥ ৩০ ॥

১। ছ 'খরাভি-'। ২। ছ 'ঘোরা মেঘাঃ'। ৩। ছ 'উদঞ্চনানি'। ৪। ছ 'অযুক্তাশ্চ প্র-'।

১ ২ ৩
অল্পে ভুক্তে শকৃচ্চৈব প্রভূতমিহ দৃশ্যতে।
৪
রক্ষসাং বাহনানাঞ্চ ত্বৎপরাভবলক্ষণম্ ॥ ৩১ ॥

বিষ্ণুং রামমহং মন্যে মানুষং ছদ্মরূপিণম্।
ন হি মানুষমাত্রোঽসৌ রাঘবো দৃঢ়বিক্রমঃ।
যেন বদ্ধঃ সমুদ্রেঽস্মিন্ স সেতুঃ পরমাদ্ভুতঃ ॥ ৩২ ॥

কুরুষ্ব নররাজেন সন্ধিং রামেণ রাবণ।
সীতাকৃতে মহাপ্রাজ্ঞ মহদ্ ভয়মুপস্থিতম্ ॥ ৩৩ ॥

যস্যাং প্রতিনিবিষ্টোঽসি যস্যাং যুক্তো নিশাচর।
তস্যাঃ কৃতে মহাপ্রাজ্ঞ মহদ্ ভয়মুপস্থিতম্ ॥ ৩৪ ॥

৩১। লো-টী। প্রভূতং প্রচুরম্।

৩৪। লো-টী। প্রতিনিবিষ্টোঽসি রক্ষণে যুক্তোঽসি যুদ্ধায় উদ্যুক্তোঽসি তস্যাঃ ক্ষয়ে ইহ নিবাসে।

রাক্ষসদিগের এবং বাহনদিগের মধ্যে অল্পভোজন করিলেও অধিক মল ত্যাগ করিতে দেখা যায়, ইহা তোমার পরজয়ের লক্ষণ ॥ ৩১ ॥

রামচন্দ্রকে আমি মনুষ্যরূপধারী ছদ্মবেশী বিষ্ণু বলিয়া মনে করি ; যিনি এই বিশাল সমুদ্রে তাদৃশ অত্যাশ্চর্য্য সেতুবন্ধন করিয়াছেন, দৃঢ়-বিক্রমশালী সেই রামচন্দ্র সাধারণ মনুষ্য মাত্র নহেন ॥ ৩২ ॥

হে মহাপ্রাজ্ঞ রাবণ, নররাজ রামচন্দ্রের সহিত সন্ধি কর ; সীতার নিমিত্ত আমাদের অত্যন্ত ভয় উপস্থিত হইয়াছে ॥ ৩৩ ॥

হে মহাপ্রাজ্ঞ, হে নিশাচর, তুমি যাঁহার রক্ষায় নিযুক্ত থাকিয়া যুদ্ধে লিপ্ত হইয়াছ, তাঁহার নিমিত্ত অত্যন্ত ভয় উপস্থিত হইয়াছে ॥ ৩৪ ॥

১। ছ 'অল্পং'। ২। ছ 'ভুঙ্‌ক্তে'। ৩। ছ '-মিব'। ৪। ছ 'তৎ পরা-'।

১
যথেমানি নিমিত্তানি লক্ষয়ে রাক্ষসেশ্বর।
২ ৩
কাকা গোমায়বো গৃধ্রা রাসন্তি চ সুভৈরবম্।
৪
প্রবিশ্য লঙ্কাং সহসা সমবায়াংশ্চ কুর্ব্বতে ॥ ৩৫ ॥

কৃষ্ণা স্ত্রী পাণ্ডরৈর্দন্তৈঃ প্রহসত্যগ্রতঃ স্থিতা।
রথ্যাসু বালকৈর্নিত্যং বহুশঃ পরিগীয়তে ॥ ৩৬ ॥
৫ ৬
স্বপ্নে চ মুক্তকেশা স্ত্রী গৃহাণি পরিধাবতি।
গৃহেষু বলিকর্ম্মাণি প্রেতাঃ প্রত্যুপভুঞ্জতে ॥ ৩৭ ॥

৩৫। লো-টী। রাসন্তি রাসন্তে, ধাতুরয়ং রেফাদির্দন্ত্যান্তঃ যস্য প্রয়োগঃ—রাসত [ভ?] ইতি। সমবায়ান্ মিলনানি গোষ্ঠীর্ব্বা।

৩৬। লো-টী। রথ্যাসু বর্ত্মসু সর্ব্বেষামগ্রতঃ স্থিতা প্রহসতি ইতি বালকৈর্নিত্যং বহুশো বহুবারং যথা।

৩৭। লো-টী। পরিধাবতি পর্য্যটতি। গৃহাণাং মধ্যে স্থিতানি বলিকর্ম্মাণি বৈশ্বদেবান্নানি।

হে রাক্ষসেশ্বর, এই সমস্ত দুর্লক্ষণ লক্ষ্য করিতেছি; যথা—কাক, শৃগাল এবং গৃধ্রগণ অতি বিকট শব্দ করিতে করিতে সহসা লঙ্কায় প্রবেশ করিয়া একত্র সঙ্ঘবদ্ধ হইতেছে ॥ ৩৫ ॥

বালকেরা প্রতিদিন বহুবার বলাবলি করে যে, পথে চলিবার সময় সম্মুখে অবস্থান করিয়া একটী কৃষ্ণবর্ণা স্ত্রী তাহার শুভ্র দশনরাজি বিকসিত করিয়া হাসিতে থাকে ॥ ৩৬ ॥

স্বপ্নে দেখা যায় যে, মুক্তকেশী রমণী গৃহে গৃহে দ্রুত বিচরণ করে এবং প্রেতগণ বৈশ্বদেবাদির অন্নসমূহ ভোজন করে ॥ ৩৭ ॥

১। ছ 'অথে-'। ২। ছ 'কাকগো-'। ৩। ছ 'সভৈ-'। ৪। ছ 'লঙ্কাং প্রবিশ্য সময়ে'। ৫। ছ 'স্বপ্নেষু'। ৬। ছ '-শী'।

খরা গোষু প্রসূয়ন্তে মূষিকা নকুলেষু চ।

মার্জারা দ্বীপিভিঃ সার্দ্ধং শূকরাশ্চ শ্বভিঃ সহ।

১
কিন্নরা রাক্ষসৈশ্চৈব সমীয়ুর্মানুষৈঃ সহ ॥ ৩৮ ॥

পাণ্ডুরা রক্তপাদাশ্চ বিহগাঃ কালচোদিতাঃ।

২
রাক্ষসানাং বিনাশায় উৎপাতান্ ব্যাহরন্তি চ ॥ ৩৯ ॥

৩ ৪
'চিচীকুচী'তি রাসন্তে সারিকা বেশ্মসু স্থিতাঃ।

৫
পতন্তি ব্যথিতাশ্চৈব কলহৈরিব পক্ষিণঃ ॥ ৪০ ॥

করালো বিকটো মুণ্ডঃ পুরুষঃ কৃষ্ণপিঙ্গলঃ।

কালো গৃহাণি সর্ব্বাণি কালে কালেঽন্ববেক্ষতে ॥ ৪১ ॥

৩৮। লো-টী। প্রসূয়ন্তে জায়ন্তে। দ্বীপিভির্ব্যাঘ্রবিশেষৈঃ। সমীয়ুঃ সঙ্গতা বভূবুঃ। এবমন্যত্রান্বয়ঃ।

৩৯। লো-টী। ব্যাহরন্তি কথয়ন্তি।

৪১। লো-টী। করালো ভয়ানকঃ বিকটো দন্তুরঃ কৃষ্ণশ্চ পিঙ্গলশ্চ। কলয়তি ভূত-জাতং মৃগয়তীতি কালঃ।

গরুর উদরে গর্দ্দভ এবং নকুলের উদরে মূষিক জন্মিতেছে। মার্জ্জারগণ ব্যাঘ্রের সহিত, শূকরগণ কুক্কুরের সহিত এবং কিন্নরগণ রাক্ষস এবং মানুষের সহিত মিলিত হইতেছে ॥ ৩৮ ॥

শ্বেতবর্ণ এবং রক্তপাদ বিহগগণ কালপ্রেরিত হইয়া রাক্ষসদিগের বিনাশ-সূচক উৎপাতসমূহ প্রকাশ করিতেছে ॥ ৩৯ ॥

গৃহে অবস্থিত সারিকা 'চি-চি' করিয়া শব্দ করিতেছে এবং পক্ষিগণ পরস্পর কলহদ্বারা ব্যথিত হইয়া নিম্নে পতিত হইতেছে ॥ ৪০ ॥

ভয়ঙ্কর দন্তুর মুণ্ডিতমস্তক কৃষ্ণ ও পিঙ্গলবর্ণ পুরুষাকৃতি মৃত্যু মধ্যে মধ্যে গৃহসকল অন্বেষণ করেন ॥ ৪১ ॥

১। ক 'কিন্নর্য্যো'। ২। ছ 'কপোতা'। ৩। ছ 'রাসন্ত্যা' (?)। ৪। ছ 'শারিকা'। ৫। ছ 'নির্জিতাঃ কলহৈর্যথা'।

তীক্ষ্ণঃ[১] পটুর্দিনকরঃ করৈস্তাপয়তে জগৎ।
প্রতিলোমশ্চ তে বায়ুস্ত্বৎপরাভবলক্ষণম্ ॥ ৪২ ॥
অত্যুগ্রমিহ[২] পশ্যন্তি যুদ্ধমানন্দিনো দ্বিজাঃ।
ক্রব্যাদা ভক্ষয়িষ্যন্তি[৩] মাংসানি গজবাজিনাম্ ॥ ৪৩ ॥
ইদং বচস্তত্র নিবেদ্য[৪] মাল্যবান্ সুধীশ্চ[৫] রক্ষোঽধিপতেঃ স্থিতোঽগ্রতঃ।
অনুত্তমেষূত্তমপৌরুষো[৬] বলী বভূব তূষ্ণীং সমবেক্ষ্য[৭] রাবণম্ ॥ ৪৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে মাল্যবদ্বাক্যং নাম একাদশঃ সর্গঃ ॥ ১১ ॥

৪২। লো-টী। পটুঃ সৎকর্ম্মপ্রবর্ত্তনে দক্ষঃ, তাপয়তে প্রকাশয়তি। স তে তব প্রতিলোমঃ মন্দতেজাঃ, লঙ্কায়ামিতি শেষঃ। বায়ুশ্চ প্রতিকূলঃ।

৪৩। লো-টী। দ্বিজাঃ পক্ষিণঃ।

৪৪। লো-টী। অনুত্তমেষু মধ্যে উত্তমং পৌরুষং পুরুষকারো যস্য সঃ।

[লো-টী।] অনুদীরয়েৎ বৃদ্ধ্যভাব আর্ষঃ। 'অভ্যুদৈরয়দি'তি বা পাঠঃ।

মাল্যবদ্বাক্যম্ ॥ ১১ ॥

কিরণদ্বারা জগতের সন্তাপকারী সৎকর্ম্মপ্রবর্ত্তনে দক্ষ অতি প্রচণ্ড সূর্য্য এবং আপনার প্রতিকূল বায়ু আপনারই পরাভব সূচনা করিতেছে ॥ ৪২ ॥

পক্ষিগণ আনন্দের সহিত অতিভয়ঙ্কর যুদ্ধ দর্শন করিতেছে এবং মাংস-ভক্ষক প্রাণিগণ হস্তী এবং অশ্বের মাংস খাইবার আশা করিতেছে ॥ ৪৩ ॥

অসাধারণ পরাক্রমশালী জ্ঞানী 'মাল্যবান্' এইরূপ নিবেদন করিয়া রাক্ষসাধিপতি রাবণের সম্মুখে অবস্থান করত: তাঁহাকে দেখিয়া চুপ করিয়া রহিলেন ॥ ৪৪ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে মাল্যবদ্বাক্য-নামক ১১শ সর্গ সমাপ্ত ॥ ১১ ॥

১। ছ '-ক্ষং কটু-'। ২। ছ '-গ্রন্ত্বিহ'। ৩। অতঃ পরং ছ 'গজেন্দ্রা বাজিনশ্চৈব ন চ গ্রাসাভিকাঙ্ক্ষিণঃ। শকৃন্মূত্রং বিমুঞ্চন্তি ধ্যায়ন্তীব সমন্ততঃ ॥' ইত্যধিকম্। ৪। ছ 'পরীক্ষ্য'। ৫। ছ '-তেঽহিতে স্থিতঃ'। ৬। ছ '-ত্তমোঽসুত্তম-'। ৭। অতঃ পরং ছ 'স তদ্বচো মাল্যবতা সুভাষিতং দশাননো ন প্রশশংস মোহাতঃ। ভৃশং জগর্হেঽথ স দুষ্টমানসো মুমূর্ষুরুক্তশ্চ বচোঽভ্যুদৈরয়ৎ ॥' ইত্যধিকম্।

(১২) দ্বাদশঃ সর্গঃ

তৎ তু মাল্যবতো বাক্যং হিতযুক্তং দশাননঃ ।
নামর্ষয়ত দুর্বুদ্ধিঃ কালস্য বশমাগতঃ ॥ ১ ॥

স বদ্ধা ভ্রূকুটীং বক্ত্রে ক্রোধস্য প্রতিলক্ষণম্ ।
অমর্ষাৎ পরিবৃত্তাক্ষো মাল্যবন্তমথাব্রবীৎ ॥ ২ ॥

হিতবুদ্ধ্যা যদার্য্যেণ মোহাৎ পরুষমুচ্যতে ।
পরপক্ষং প্রশস্যৈব ন তচ্ছ্রোত্রগতং মম ॥ ৩ ॥

মানুষং কৃপণং রামমেকং শাখামৃগাশ্রয়ম্ ।
সমর্থং মন্যসে কেন ত্যক্তং পিত্রা বনাশ্রয়ম্ ॥ ৪ ॥

১। লো-টী। হিতং যুক্তম্ উচিতম্। 'হিতযুক্ত'মিতি পাঠে মাল্যবতো মাল্যং বতা (?) নামর্ষয়ত ন গৃহীতবান্।
২। লো-টী। পরিবৃত্তে বক্রীভূতে অক্ষিণী যস্য সঃ।
৩। লো-টী। মোহাদনবধানাৎ।

দুষ্টাত্মা রাবণ কালের বশবর্ত্তী হইয়া মাল্যবানের হিতকর এবং যুক্তিযুক্ত উপদেশ গ্রহণ করিলেন না ॥ ১ ॥

সেই রাবণ ক্রোধের চিহ্নস্বরূপ মুখে ভ্রূকুটী করিয়া চক্ষু বিঘূর্ণিত করত অসহিষ্ণুতাবশতঃ মাল্যবান্‌কে এইরূপ বলিতে লাগিলেন— ॥ ২ ॥

আপনি মোহবশতঃ হিত মনে করিয়া শত্রুপক্ষের প্রশংসা করিয়া যে কঠোর বাক্য বলিয়াছেন, তাহা আমার কর্ণে প্রবেশ করে নাই ॥ ৩ ॥

যে পিতাকর্ত্তৃক পরিত্যক্ত হইয়া বানরদের সাহায্য গ্রহণ করিয়াছে, সেই বনবাসী শোচনীয়-দশাগ্রস্ত মানুষ রামকে কিহেতু সামর্থ্যশালী বলিয়া মনে করিতেছেন ? ॥ ৪ ॥

১। ছ 'হিতমুক্তং'। ২। ছ '-মমর্ষ সুদ্র-'। ৩। ছ 'ভ্রূকু-'। ৪। ছ '-ণাম্'। ৫। ছ 'প্রশংস্যৈব'। ৬। ছ 'নৈত-'।

রক্ষসামীশ্বরং মাঞ্চ দেবতানাং ভয়ঙ্করম্ ।

হীনং মাং মন্যসে কস্মাদহীনং সত্ত্ববিক্রমৈঃ ॥ ৫ ॥

বীর দ্বেষেণ বা শঙ্কে পক্ষপাতেন বা রিপোঃ ।

ত্বয়াহং পরুষাণ্যুক্তঃ পরপ্রোৎসাহিতেন বা ॥ ৬ ॥

প্রভবন্তং পদস্থং চ পরুষং কোঽভিধাস্যতি ।

পণ্ডিতঃ শাস্ত্রতত্ত্বজ্ঞো বিনা প্রোৎসাহনাদ্রিপোঃ ॥ ৭ ॥

আদায় চ বলাৎ সীতাং পদ্মহীনামিব শ্রিয়ম্ ।

কিমর্থং প্রতিদাস্যামি রাঘবস্য ভয়াদিব ॥ ৮ ॥

বৃতং বানরকোটীভিঃ সসুগ্রীবং সলক্ষ্মণম্ ।

পশ্য কৈশ্চিদহোভিস্ত্বং নিহতং রাঘবং ময়া ॥ ৯ ॥

৫-৬। লো-টী। মাং হীনমসমর্থং কস্মান্মন্যসে ? যস্মাদেব তস্মাৎ সত্ত্ববিক্রমৈরহীনং মাং মন্যসে তৎ বীরস্য মম দ্বেষেণ রিপোঃ পক্ষপাতেন বাহমাশঙ্কে ইত্যন্বয়ঃ ।

৭। লো-টী। প্রভবন্তং প্রভুম্ ।

রাক্ষসদিগের অধীশ্বর দেবতাদিগেরও ভয়জনক বলবিক্রমে অন্যূন আমাকে কি কারণে হীন বলিয়া মনে করিতেছেন (?) ॥ ৫ ॥

হে বীর, আমার আশঙ্কা হইতেছে যে, আপনি দ্বেষবশতঃ অথবা শত্রুর প্রতি পক্ষপাতবশতঃ বা শত্রুদ্বারা উৎসাহিত হইয়া আমার প্রতি এইরূপ কঠোর বাক্য বলিয়াছেন ॥ ৬ ॥

শত্রুর উৎসাহ ব্যতিরেকে কোন্ শাস্ত্রতত্ত্বজ্ঞ পণ্ডিত প্রভু এবং পদস্থ ব্যক্তিকে কঠোর বাক্য বলেন? ॥ ৭ ॥

পদ্মহীন লক্ষ্মীর ন্যায় সীতাকে বলপূর্ব্বক গ্রহণ করিয়া কি জন্য রামের ভয়ে প্রত্যর্পণ করিব ? ॥ ৮ ॥

আপনি কয়েক দিনের মধ্যেই দেখিতে পাইবেন, কোটী কোটী বানরপরিবৃত সুগ্রীব এবং লক্ষ্মণের সহিত রামকে আমি নিহত করিয়াছি ॥ ৯ ॥

১। ছ 'ত্বং'। ২। ছ '-মম্'। ৩। ছ 'রাগ-'। ৪। ছ '-দিতি'। ৫। ছ '-শ্চ'।

দ্বন্দ্বে যস্য ন তিষ্ঠন্তি দেবগন্ধর্ব্বদানবাঃ[১]।
রাবণো মানুষং প্রাপ্য ভয়মাহারয়েৎ কথম্ ॥ ১০ ॥
দ্বিধা ভজ্যেয়মপ্যেবং ন নমেয়ং তু কস্যচিৎ।
এষ মে সহজো দোষো গুণো বা দুরতিক্রমঃ[২] ॥ ১১ ॥
যদি রাম ইহ প্রাপ্তো বানরৈর্দুর্ব্বলৈঃ সহ।
তেন তে বিস্ময়ঃ কোঽত্র যেন তে ভয়মুত্থিতম্[৩] ॥ ১২ ॥
যদি চেহাগতো রামঃ সহ বানরসেনয়া।
প্রতিজানামি তে সত্যং ন জীবন্ প্রতিযাস্যতি ॥ ১৩ ॥
এবং ব্রুবাণং সংক্রুদ্ধং স তু বিজ্ঞায় রাবণম্।
ব্রীড়িতো মাল্যবাংস্তূষ্ণীং নোত্তরং প্রত্যপদ্যত ॥ ১৪ ॥

১০। লো-টী। ভয়াদিব ভয়াদেব আহারয়েৎ প্রাপ্নুয়াৎ। 'ভয়মাবহতে কথ'মিতি বা পাঠঃ।

১১। লো-টী। সহজঃ স্বভাবঃ, দুরতিক্রমঃ অনতিক্রমণীয়ঃ অত্যাজ্য ইত্যর্থঃ।

১২। লো-টী। দুরতিক্রমোঽন্যৈরনতিক্রমণীয়োঽপীহ প্রাপ্তঃ, তেন প্রাপণেন অত্র রামে কো বিস্ময়ঃ কো দর্পঃ? যেন দর্পেণ।

১৩। লো-টী। তে তব স্থানে প্রতিজানামি সত্যপ্রতিজ্ঞাং করোমি।

১৪। লো-টী। প্রত্যপদ্যত অকরোৎ।

যাহার সহিত যুদ্ধে দেবতা, গন্ধর্ব্ব এবং দানবগণও অবস্থান করিতে সমর্থ নয়, সেই রাবণ [তুচ্ছ] মনুষ্য হইতে কেন ভয় পাইবে? ॥ ১০ ॥

আমি দ্বিখণ্ডিত হইব, তথাপি কাহারও নিকট অবনত হইব না, ইহা আমার স্বাভাবিক দুরপনেয় দোষ অথবা গুণ ॥ ১১ ॥

যদিও দুর্ব্বল বানরগণের সহিত রাম এই লঙ্কায় আগমন করিয়াছে, তাহাতে আপনার বিস্ময়ের কি আছে, যে জন্য আপনার ভয় উৎপন্ন হইয়াছে? ॥ ১২ ॥

আমি প্রতিজ্ঞা করিয়া বলিতেছি যে, যদিও এই লঙ্কায় রাম বানরসেনার সহিত আগমন করিয়াছে, তথাপি জীবিত অবস্থায় ফিরিয়া যাইবে না ॥ ১৩ ॥

১। ছ 'দেবদানবপন্নগাঃ'। ২। ছ 'প্রসমীক্ষ্যতাম্'। ৩। ছ '-মাগতম্'।

জয়াশিষা চ রাজানং বর্দ্ধয়িত্বা যথোচিতম্ ।
মাল্যবানভ্যনুজ্ঞাতো জগাম স্বং নিবেশনম্ ॥ ১৫ ॥

রাবণস্তু সহামাত্যৈর্মন্ত্রয়িত্বা বিমৃষ্য চ ।
[১]লঙ্কায়ামুত্তমাং গুপ্তিং কারয়ামাস রাক্ষসঃ ॥ ১৬ ॥

ব্যাদিদেশাথ পূর্ব্বস্যাং প্রহস্তং দ্বারি রাক্ষসম্ ।
[২]দক্ষিণস্যাং দিশি তথা মহাপার্শ্বমহোদরৌ ॥ ১৭ ॥

পশ্চিমায়াং পুরদ্বারি পুত্রমিন্দ্রজিতং তথা ।
ব্যাদিদেশ মহামায়ং রাক্ষসৈর্বহুভির্বৃতম্ ॥ ১৮ ॥

[৩]উত্তরস্যাং দিশি তথা ব্যাদিষ্টৌ শুকসারণৌ ।
[৪]স্বয়ং চাত্র ভবিষ্যামি মন্ত্রিণস্তানুবাচ সঃ ॥ ১৯ ॥

১৬। লো-টী। বিমৃষ্য স্বয়ঞ্চ পরামৃষ্য গুপ্তিং গোপনং রক্ষণমিত্যর্থঃ।
১৯। লো-টী। অত্র আসু দ্বার্যু ভবিষ্যামি উপস্থিতো ভবিষ্যামীত্যর্থঃ।

সেই মাল্যবান্ রাক্ষস, রাবণ এইরূপ বলিলে তাহাকে ক্রুদ্ধ জানিয়া লজ্জিত হইয়া উত্তর প্রদান করিলেন না ॥ ১৪ ॥

মাল্যবান্ বিজয়-আশীর্ব্বাদদ্বারা রাজাকে যথোচিত সংবর্দ্ধিত করিয়া তৎকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া স্বীয় বাসস্থানে গমন করিলেন ॥ ১৫ ॥

রাবণ অমাত্যগণের সহিত মন্ত্রণা করিয়া এবং নিজেও বিশেষরূপে চিন্তা করত লঙ্কার রক্ষা বিষয়ে উত্তম ব্যবস্থা করিলেন ॥ ১৬ ॥

রাবণ লঙ্কানগরীর পূর্ব্বদ্বার রক্ষা করিবার জন্য 'প্রহস্ত' রাক্ষসকে এবং দক্ষিণ দিক্ রক্ষা করিবার জন্য 'মহাপার্শ্ব' ও 'মহোদর'কে আদেশ দিলেন ॥ ১৭ ॥

বহুরাক্ষস-পরিবৃত মায়াবী পুত্র ইন্দ্রজিৎকে নগরীর পশ্চিম দ্বার রক্ষা করিবার জন্য আদেশ করিলেন ॥ ১৮ ॥

উত্তর দিক্ রক্ষা করিবার নিমিত্ত শুক এবং সারণকে আদেশ দিলেন এবং নিজেও সেই স্থানে উপস্থিত থাকিবেন এইরূপ মন্ত্রীদিগকে বলিলেন ॥ ১৯ ॥

১। ছ '-মতুলাং'। ২। ছ '-ণায়াং'। ৩। ছ 'তথা দ্বারি'। ৪। ছ 'স্বয়মত্র ভবিষ্যামি'।

১
রাক্ষসং তু বিরূপাক্ষং মহাবীর্য্যপরাক্রমম্ ।
২
মধ্যমেঽস্থাপয়দ্ গুল্মে বহুভিঃ সহ রাক্ষসৈঃ ॥ ২০ ॥
৩
এবং বিধানং লঙ্কায়াং কৃত্বা রাক্ষসপুঙ্গবঃ ।
মেনে কৃতার্থমাত্মানং কৃতান্তবলমোহিতঃ ॥ ২১ ॥
বিসর্জয়ামাস ততঃ স মন্ত্রিণো বিধানমাজ্ঞাপ্য পুরস্য পুষ্কলম্ ।
৪
জয়াশিষা মন্ত্রিগণেন পূজিতো বিবেশ সোঽন্তঃপুরমূর্জিতস্তদা ॥ ২২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে পুরবিধানং নাম
দ্বাদশঃ সর্গঃ ॥ ১২ ॥

২০। লো-টী। গুল্মে সেনা-রক্ষণস্থানে। 'গুল্মঃ সেনাঘট্টা ভদোঃ সৈন্যরক্ষণরুগ্‌ভিদো'-রিতি কোষঃ।

২২। লো-টী। মন্ত্রিণঃ স বিসর্জয়ামাস ইত্যেকং বাক্যম্, সোঽন্তঃপুরমিত্যপরম্। পুরবিধানম্ ॥ ১২ ॥

মহাপরাক্রমশালী বিরূপাক্ষ-রাক্ষসকে বহু রাক্ষসের সহিত নগরমধ্যস্থিত সেনা-নিবাসে স্থাপিত করিলেন ॥ ২০ ॥

দৈববলে মুগ্ধ রাক্ষসপুঙ্গব রাবণ লঙ্কায় এইরূপ ব্যবস্থা করিয়া নিজেকে কৃতার্থ মনে করিলেন ॥ ২১ ॥

অনন্তর রাবণ লঙ্কানগরীর রক্ষণ-বিষয়ে মন্ত্রীদিগকে নানাপ্রকার আদেশ করিয়া মন্ত্রিগণকর্ত্তৃক বিজয়াশীর্ব্বাদে সম্মানিত হইয়া অন্তঃপুরে প্রবেশ করিলেন ॥ ২২ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে পুরবিধান-নামক
১২শ সর্গ সমাপ্ত ॥ ১২ ॥

১। ছ 'সরাক্ষসং'। ২। ছ 'রাক্ষসৈর্ব্বহুভির্ব্বৃতম্'। ৩। ছ '-য়াঃ'। ৪। ছ '-স্তদা'।

(১৩) ত্রয়োদশঃ সর্গঃ

নরবানররাজৌ তু স চ বায়ুসুতঃ কপিঃ।

জাম্ববানৃক্ষরাজশ্চ রাক্ষসশ্চ বিভীষণঃ ॥ ১ ॥

অঙ্গদো লক্ষ্মণো মৈন্দো দ্বিবিদো হরিযূথপঃ।

কুমুদঃ শরভশ্চৈব ঋষভো গন্ধমাদনঃ ॥ ২ ॥

ধীমান্ দধিমুখশ্চৈব সুষেণস্তার এব চ।

গয়ো গবাক্ষো গবয়ো নলো নীলশ্চ বানরঃ।

অমিত্রবিষয়ং প্রাপ্তাঃ সমবেতাস্ত্বমন্ত্রয়ন্ ॥ ৩ ॥

এষা সা দৃশ্যতে লঙ্কাপুরী রাবণপালিতা।

মানুষাসুরগন্ধর্ব্বৈঃ সুরৈরপি সুদুর্জয়া।

নিত্যং সন্নিহিতো যত্র রাবণো দ্রাবয়ন্ প্রজাঃ ॥ ৪ ॥

৪। লো-টী। প্রজা দ্রাবয়ন্ উপদ্রাবয়ন্।

রাম, সুগ্রীব, সেই বায়ুপুত্র হনুমান্, ঋক্ষরাজ জাম্ববান্, রাক্ষস বিভীষণ, অঙ্গদ, লক্ষ্মণ, মৈন্দ, বানরদলাধিপতি দ্বিবিদ, কুমুদ, শরভ, ঋষভ, গন্ধমাদন, বুদ্ধিমান্ দধিমুখ, সুষেণ, তার, গয়, গবাক্ষ, গবয়, নল, নীল প্রভৃতি বানরগণ শত্রুপুরীতে উপস্থিত হইয়া সমবেত ভাবে মন্ত্রণা করিতে লাগিলেন— ॥ ১-৩ ॥

"মনুষ্য, অসুর, গন্ধর্ব্ব এবং দেবগণেরও যাহা জয় করা কষ্টকর এবং যেখানে রাবণ প্রতিনিয়ত প্রজাদিগকে উৎপীড়িত করিয়া অবস্থান করেন, রাবণকর্ত্তৃক পালিতা এই সেই লঙ্কানগরী দেখা যাইতেছে ॥ ৪ ॥

১। ছ 'সসুরৈরপি দুর্জ্জয়া'। ছ-পুস্তকে অস্ত শ্লোকস্ত শেষার্দ্ধং নাস্তি।

কার্য্যসিদ্ধিং পুরস্কৃত্য মন্ত্রয়ধ্বং বিনির্ণয়ম্ ।

তথা তেষু ব্রুবাণেষু রাবণাবরজোঽব্রবীৎ ॥ ৫ ॥

১
রামস্য চ হিতং বাক্যমহিতং রাবণস্য চ ।

মন্ত্রার্থকুশলো নিত্যং ধর্ম্মাত্মা বুদ্ধিপণ্ডিতঃ ।

২
বাক্যং হেত্বর্থসংযুক্তং পুষ্কলার্থং বিভীষণঃ ॥ ৬ ॥

৩
অনলশ্চ হরশ্চৈব সম্পাতিঃ প্রঘসস্তথা ।

নিমেষান্তরমাত্রেণ মায়য়ামিতবিক্রমাঃ ।

৪
লঙ্কাং গত্বা মমাভ্যাসে পুরীং পুনরিহাগতাঃ ॥ ৭ ॥

ভূত্বা শকুনয়ঃ সর্ব্বে প্রবিষ্টা বৈরিণঃ পুরীম্ ।

৫
বিধানং বিহিতং যচ্চ দৃষ্ট্বা তৎ সমুপস্থিতাঃ ॥ ৮ ॥

৬। লো-টী। বুদ্ধৌ সর্ব্বশাস্ত্রার্থজ্ঞানে পণ্ডিতঃ বুদ্ধিপণ্ডিতঃ। পুষ্কলার্থং পূর্ণার্থম

৭। লো-টী। অভ্যাসে নিকটে।

৮। লো-টী। পক্ষিণো ভূত্বা, বিধানম্ আকরঃ বিহিতং কৃতম্।

কার্য্যসিদ্ধির বিষয় প্রধান ভাবে চিন্তা করিয়া মন্ত্রণা করুন।” তাহারা এইরূপ বলিলে মন্ত্রণাবিষয়ে অভিজ্ঞ পরম ধার্ম্মিক অতিশয় বুদ্ধিমান্ রাবণের কনিষ্ঠ ভ্রাতা বিভীষণ রামের হিতকর এবং রাবণের অনিষ্টকর গভীর অর্থসম্পন্ন যুক্তিযুক্ত বাক্য বলিলেন— ॥ ৫-৬ ॥

“মায়াবলে অতিশয় বলবান্ অনল, হর, সম্পাতি ও প্রঘস নিমেষমধ্যে লঙ্কা-নগরীতে গমন করিয়া পুনরায় আমার নিকটে আগমন করিয়াছেন ॥ ৭ ॥

সকলে পক্ষী হইয়া শত্রুপুরীতে প্রবেশপূর্ব্বক সৈন্যগণ কর্ত্তৃক অনুষ্ঠিত উপায় অবলোকন করিয়া আমার নিকটে আসিয়াছেন ॥ ৮ ॥

১। অস্য পূর্ব্বার্দ্ধাৎ পরং ছ 'নিত্যং সন্নিহিতো যত্র রাবণো দ্রাবয়ন্ প্রজাঃ' ইত্যর্দ্ধং দৃশ্যতে। ২। ছ 'তথার্থসং-'। ৩। ছ 'নগশ্চৈব'। ৪। ছ 'গত্বা লঙ্কামমাত্যা মে'। ৫। ছ 'সমুপাগতাঃ'।

সংবিধানং যদাহুস্তে[১] রাবণস্য দুরাত্মনঃ।
রাম তদ্ ব্রুবতঃ[২] সত্যং যথাতথ্যেন মে শৃণু ॥ ৯ ॥

পূর্ব্বং প্রহস্তো বলবান্ দ্বারমাবৃত্য তিষ্ঠতি।
দক্ষিণন্তু মহাবীর্য্যৌ মহাপার্শ্বমহোদরৌ ॥ ১০ ॥

ইন্দ্রজিৎ পশ্চিমং দ্বারং রাক্ষসৈর্বহুভির্বৃতঃ।
পট্টিশাসিধনুষ্পাণিরাস্থিতো রাবণাত্মজঃ ॥ ১১ ॥

রাক্ষসানাং সহস্রৈস্তু বহুভিঃ[৩] শস্ত্রপাণিভিঃ।
উত্তরং নগরদ্বারং রাবণঃ স্বয়মাস্থিতঃ ॥ ১২ ॥

বিরূপাক্ষস্তু মহতা তূণাশনিধনুষ্মতা।
বলেন রাক্ষসৈঃ[৪] সার্দ্ধং মধ্যমং গুল্মমাস্থিতঃ ॥ ১৩ ॥

৯। লো-টী। যথাতথ্যেন যেন তেন প্রকারেণ, সংবিধানং তৎ সত্যং ব্রুবতো মে মত্তঃ।
১২। লো-টী। উত্তরমিতি। যদ্যপি শুকসারণাবুক্তৌ, তথাপি তত্র তাভ্যাং সহ বোধ্যম্।
১৩। লো-টী। [বলেন্] রাবণসৈন্যেন, রাক্ষসৈঃ অন্যৈঃ প্রধানৈশ্চ। যদ্বা, রাক্ষসৈঃ রাক্ষসেন।

তাঁহারা দুরাত্মা রাবণের নগররক্ষার যে উপায় বলিয়াছেন, হে রাম, তাহা সম্পূর্ণরূপে বলিতেছি, শ্রবণ করুন ॥ ৯ ॥

বলবান্ প্রহস্ত পূর্ব্বদ্বার আবৃত করিয়া অবস্থান করিতেছেন এবং মহা-পরাক্রমশালী মহাপার্শ্ব ও মহোদর দক্ষিণ দ্বার আবৃত করিয়া অবস্থান করিতেছেন ॥ ১০ ॥

রাবণপুত্র ইন্দ্রজিৎ বহুরাক্ষসপরিবৃত হইয়া পট্টিশ, অসি এবং ধনুর্ব্বাণ ধারণ করত নগরের পশ্চিম দ্বারে অবস্থান করিতেছেন ॥ ১১ ॥

শস্ত্রধারী সহস্র সহস্র রাক্ষসে পরিবেষ্টিত হইয়া রাবণ স্বয়ং নগরের উত্তর দ্বারে অবস্থান করিতেছেন ॥ ১২ ॥

বিরূপাক্ষ তূণ, বজ্র এবং ধনুর্ব্বাণধারী বিপুল সৈন্য এবং রাক্ষসগণের সহিত মধ্যম গুল্মে (শিবিরে) অবস্থান করিতেছেন ॥ ১৩ ॥

১। ক 'তদা-'। ২। ছ 'বদতঃ'। ৩। ছ '-ভিশ্চাস্ত্রপা-'। ৪। ছ '-সঃ'।

এতামেবংবিধাং গুপ্তিং লঙ্কায়াঃ সমবেক্ষ্য চ।
মামকাঃ সচিবাঃ সর্ব্বে জ্ঞাত্বা পুনরিহাগতাঃ ॥ ১৪ ॥
গজেন্দ্রাণাং সহস্রং তু হয়ানামযুতং পরম্।
রথানাং প্রযুতং চাত্র সাগ্রকোটী চ রক্ষসাম্ ॥ ১৫ ॥
বিক্রান্তা বলবন্তশ্চ সংগ্রামেষ্বনিবর্ত্তিনঃ।
ইষ্টা রাক্ষসরাজস্য নিত্যমেব নিশাচরাঃ ॥ ১৬ ॥
একৈকস্য তু যুদ্ধার্থং রাক্ষসস্য বিশাম্পতে।
পরিবারসহস্রাণাং সহস্রমুপতিষ্ঠতি ॥ ১৭ ॥

১৫। লো টী। ইদানীং রাবণস্য নিজপরিবারান্ যোধান্ বক্তুং প্রথমতস্তেষাং হস্ত্যশ্বরথপাদাতং চতুর্ব্বিধং সৈন্যমাহ—গজেন্দ্রাণামিতি। 'রথানামযুত'মিতি পাঠঃ। 'প্রযুত'মিতি পাঠে স এবার্থঃ। রক্ষসাং পত্তীনাং সাগ্রকোটীঃ সার্দ্ধকোট্যস্তিস্রঃ, অত এষু রাবণনিজপরিবারেষু যোধেষু এতৎসংখ্যাকং চতুর্ব্বিধং সৈন্যমিত্যর্থঃ।

১৬। লো-টী। নন্থ তে কীদৃশা যোধা ইত্যপেক্ষায়ামাহ—বিক্রান্তা ইতি। ইষ্টা নিত্যং প্রিয়াঃ।

১৭। লো টী। নন্থ রাক্ষসরাজস্য ইষ্টানামেষাং সর্ব্বেষাং কিমেতদেব চতুর্ব্বিধং সৈন্যং কিংবা একৈকস্য? তত্রাহ—অত্র এষু যোধেষু মধ্যে একৈকস্য রাক্ষসস্যৈতচ্চতুষ্টয়ম্। নন্থ তে কতি পরিবারা ইত্যাকাঙ্ক্ষায়ামাহ—পরিবারেতি। সহস্রাণাং সহস্রং দশলক্ষমিত্যর্থঃ। উপতিষ্ঠতাং রাবণমুপসর্পতাম্। 'উপতিষ্ঠতে' ইতি পাঠে রাবণমারাধয়তি।

মদীয় সকল মন্ত্রী লঙ্কার এতাদৃশ রক্ষণোপায় অবলোকনপূর্ব্বক অবগত হইয়া পুনরায় এই স্থানে আসিয়াছেন ॥ ১৪ ॥

হে মহারাজ, সহস্র শ্রেষ্ঠ হস্তী, অযুত অশ্ব, প্রযুত (১০ লক্ষ) রথ এবং কোটীর অধিক রাক্ষস তথায় অবস্থিত। সেই রাক্ষসগণ বল-বিক্রমশালী, সংগ্রামে অপরাঙ্মুখ এবং রাক্ষসরাজের প্রিয়। এক একজন রাক্ষসের জন্য দশ লক্ষ করিয়া রাক্ষস-পরিবার যুদ্ধার্থে উপস্থিত হইয়াছে" ॥ ১৫-১৭ ॥

১। ছ 'মন্ত্রিণঃ'। ২। ছ '-নাং চাযুতং'। ৩। ছ 'যত্র'। ৪। ছ 'শতং'। ৫। ছ '-র্থে'।

এতাং প্রবৃত্তিং লঙ্কায়াস্তত্র প্রোচ্য বিভীষণঃ।
১
রামং কমলপত্রাক্ষমিদং পুনরুবাচ হ ॥ ১৮ ॥

কুবেরং তু যদা রাম রাবণঃ প্রত্যযুধ্যত।

ষষ্টিঃ শত সহস্রাণি তদা নির্যান্তি রক্ষসাম্ ॥ ১৯ ॥

পরাক্রমেণ শৌর্য্যেণ তেজসা সত্ত্বগৌরবাৎ।

২
সদৃশানি স্ম সর্ব্বাণি রাবণস্য দুরাত্মনঃ ॥ ২০ ॥

অত্র মন্যুর্ন কর্ত্তব্যো রোষয়ে ত্বাং ন ভীষয়ে।

সমর্থো হ্যসি বীর্য্যেণ সুরাণামপি নাশনে ॥ ২১ ॥

৩
তদ্ ভবান্ হরিবীরাণাং বলেন মহতা বৃতঃ।

৪
বিক্ষোভ্য রাক্ষসীং সেনাং নিহনিষ্যতি রাবণম্ ॥ ২২ ॥

১৯। লো-টী। কুবেরস্তু। 'কুবেরেণ প্রত্যযুধ্যত' ইতি পাঠে কুবেরং প্রতি লক্ষ্যীকৃত্য। অস্য রাবণস্য।

২১। লো-টী। মন্যুঃ ক্রোধঃ, নাশনে শাসনে ইতি বা পাঠঃ।

বিভীষণ লঙ্কার এইরূপ সংবাদ দিয়া পুনরায় পদ্মপলাশলোচন রামকে এইরূপ বলিলেন— ॥ ১৮ ॥

হে রাম, রাবণ যখন কুবেরের সহিত যুদ্ধ করিয়াছিলেন তখন পরাক্রমে, শৌর্য্যে, তেজে এবং ধৈর্য্যাতিশয়ে দুরাত্মা রাবণের সদৃশ ষষ্টি লক্ষ রাক্ষস যুদ্ধক্ষেত্রে গমন করিয়াছিল ॥ ১৯-২০ ॥

এবিষয়ে [আমার] অপরাধ লইবেন না,, আমি আপনার ক্রোধের উদ্রেক করিতেছি, ভীতিপ্রদর্শন করিতেছি না, কারণ পরাক্রমে দেবতাদিগের ধ্বংসেও আপনি সমর্থ ॥ ২১ ॥

অতএব, আপনি বিশাল বানরসৈন্যে পরিবেষ্টিত হইয়া রাক্ষসী সেনাকে বিধ্বস্ত করিয়া রাবণকে নিহত করিবেন ॥ ২২ ॥

১। ছ 'বাক্যমুবাচ হ'। ২। ছ 'চ'। ৩। ছ 'চতুরঙ্গস্য পরব্যূহস্য সংযুগে'। ৪। ছ 'ব্যূহঙ্কৃ বানরবলং'।

রাবণাবরজাদ্বাক্যমেতচ্ছ্রুত্বা স রাঘবঃ।
শত্রূণাং প্রতিঘাতার্থমিদং বচনমব্রবীৎ ॥ ২৩ ॥
কপীনামুগ্রবীর্য্যাণাং সহস্রৈর্বহুভির্বৃতঃ।
নীলঃ প্রহস্তং প্লবগো রাক্ষসং প্রতি ধাবতু ॥ ২৪ ॥
অঙ্গদো বালিনঃ পুত্রো বলেন মহতা বৃতঃ।
দক্ষিণে ধাবতাং দ্বারি মহাপার্শ্বমহোদরৌ ॥ ২৫ ॥
পশ্চিমং নগরদ্বারং নিপীড্য পবনাত্মজঃ।
[১]
নিবিশত্বপ্রমেয়াত্মা কপিভির্বহুভির্বৃতঃ ॥ ২৬ ॥
দৈত্যদানবসঙ্ঘানামৃষীণাঞ্চ মহাত্মনাম্।
[২]
বিপ্রকারপ্রিয়ঃ ক্ষুদ্রো বরদানাদ্বলান্বিতঃ ॥ ২৭ ॥
পরিক্রামতি যঃ সর্ব্বান্ লোকান্ সন্ত্রাসয়ন্ বলাৎ।
তস্যাহং রাক্ষসেন্দ্রস্য রাবণস্য বধে স্থিতঃ ॥ ২৮ ॥

রাবণের কনিষ্ঠ ভ্রাতা বিভীষণের নিকট হইতে রামচন্দ্র এইরূপ শ্রবণ করিয়া শত্রুর বিনাশার্থ এই কথা বলিলেন— ॥ ২৩ ॥

ভীষণ-পরাক্রমশালী বহু সহস্র বানরসৈন্যে পরিবেষ্টিত হইয়া 'নীল'নামক বানর প্রহস্ত-রাক্ষসের প্রতি ধাবিত হউন ॥ ২৪ ॥

বালিপুত্র অঙ্গদ বিপুল সৈন্যে পরিবেষ্টিত হইয়া দক্ষিণদ্বারে মহাপার্শ্ব এবং মহোদরের প্রতি ধাবিত হউন ॥ ২৫ ॥

বহু-বানর-পরিবৃত মহাত্মা পবননন্দন হনুমান্ পশ্চিম দ্বার নিষ্পেষিত করিয়া প্রবেশ করুন ॥ ২৬ ॥

দৈত্য এবং দানবসমূহের এবং মহাত্মা ঋষিদিগের অপকারাভিলাষী বরদানে বলবান্ অতি নীচ যে রাবণ বলপূর্ব্বক সমস্ত লোককে সন্ত্রাসিত করিয়া বিচরণ

১। ছ 'নিবস-'। ২। ছ '-দানবলান্বিতঃ'।

উত্তরং নগরদ্বারমহং সৌমিত্রিণা সহ।
১
নিপীড্য পরিবেক্ষ্যামি সবলো যত্র রাবণঃ ॥ ২৯ ॥
২ ৩
বানরেন্দ্রস্তু সুগ্রীবো জাম্ববাংশ্চ তথর্ক্ষরাট্।
৪
রাক্ষসেন্দ্রানুজশ্চাপি গুল্মে ভবতু মধ্যমে ॥ ৩০ ॥
৫
ন চৈব মানুষং রূপং কার্য্যং কপিভিরাহবে।
৬
ন চ নশ্যেত বৈ যুদ্ধে সংজ্ঞা স্বে বানরে বলে ॥ ৩১ ॥
বানরো হ্যেষ নশ্চিহ্নং স্বজনেষু ভবিষ্যতি।
৭
বয়ং তু রক্ষসাং মধ্যে সপ্ত যোৎস্যামহে জনাঃ ॥ ৩২ ॥

৩১। লো-টী। সংজ্ঞা নাম, ন নশ্যেত ন বিস্মর্ত্তব্যেত্যর্থঃ। নামানুরূপং কর্ম্ম কর্ত্তব্যমিতি ভাবঃ। 'রাক্ষসে বল' ইতি পাঠঃ ক্বচিৎ।

৩২। লো-টী। মানুষং রূপং কথং ন কার্য্যমিত্যত আহ—বানর ইতি। নোঽস্মাকম্ স্বজনেষু বন্ধুষু মধ্যে হি যস্য এব বানর ইতি চিহ্নং ভবিষ্যতি।

করিতেছেন, আমি সেই রাক্ষসরাজ রাবণের বধের নিমিত্ত অবস্থান করিতেছি ॥ ২৭-২৮ ॥

আমি সুমিত্রানন্দন লক্ষ্মণের সহিত উত্তর দ্বার নিষ্পেষিত করিয়া (সেই স্থানে) প্রবেশ করিব, যে স্থানে রাবণ সসৈন্যে বর্ত্তমান ॥ ২৯ ॥

বানররাজ সুগ্রীব, ভল্লুকরাজ জাম্ববান্ এবং রাক্ষসরাজ রাবণের কনিষ্ঠ ভ্রাতা (বিভীষণ) মধ্যম গুল্মে অবস্থান করুন ॥ ৩০ ॥

বানরগণ যেন যুদ্ধে মনুষ্যমূর্ত্তি ধারণ না করে এবং যুদ্ধে স্বীয় বানরসৈন্যমধ্যে সুনাম নষ্ট না হয় ॥ ৩১ ॥

আমাদের স্বজন-মধ্যে এই বানররূপই আমাদের পক্ষের চিহ্ন, আমরা সাত জন মনুষ্যরূপে রাক্ষসদের মধ্যে যুদ্ধ করিব ॥ ৩২ ॥

১। ছ 'পরিরক্ষ্যামি'। ২। ছ '-ন্দ্রশ্চ'। ৩। ছ 'স সাক্ষরাট্' (?)। ৪। ছ '-শ্চৈব'। ৫। ছ '-বং'। ৬। ছ 'যুদ্ধে বৈ'। ৭। ছ 'সজ্ঞান্'।

অহমেব সহ ভ্রাত্রা লক্ষ্মণেনামিতৌজসা।

আত্মনা পঞ্চমশ্চায়ং সহায়ো মে বিভীষণঃ ॥ ৩৩ ॥

১

স রামঃ কার্য্যসিদ্ধ্যর্থমেবমুক্ত্বা বিভীষণম্।

২

সুবেলারোহণে বুদ্ধিং চকার মতিমাংস্তদা ॥ ৩৪ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে চারপ্রবেশো নাম
ত্রয়োদশঃ সর্গঃ ॥ ১৩ ॥

৩৩। লো-টী। অন্যথা শত্রুবুদ্ধ্যাঽনর্থপ্রসঙ্গাদাত্মনা আত্মীয়েন সচিবচতুষ্টয়েন সহ। চারবিধৌ চারবিধানে।

লঙ্কাকাণ্ডে চারপ্রবেশঃ ॥ ১৩ ॥

আমিই অসাধারণ তেজস্বী ভ্রাতা লক্ষ্মণের সহিত [মিলিত হইয়া যুদ্ধ করিব] এবং [চারি জন অমাত্য ও] নিজেকে লইয়া পঞ্চম এই বিভীষণ আমার সহায় হইবেন ॥ ৩৩ ॥

বুদ্ধিমান্ সেই রামচন্দ্র কার্য্যসিদ্ধির জন্য এইরূপ বলিয়া সুবেলপর্ব্বতে আরোহণ করিতে ইচ্ছা করিলেন ॥ ৩৪ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে চারপ্রবেশ-নামক
১৩শ সর্গ সমাপ্ত ॥ ১৩ ॥

১। ছ '-মিদ-'। ২। অতঃ পরং ছ 'ততঃ স রামো মহতা বলেন প্রচ্ছাদ্য সর্ব্বাং পৃথিবীং মহাত্মা। প্রকৃষ্টরূপোঽভিজগাম লঙ্কাং কৃত্বা মতিং শত্রুবধে সহায়বান্॥' ইত্যধিকম্।

(১৪) চতুর্দ্দশঃ সর্গঃ

স তু কৃত্বা সুবেলস্য বুদ্ধিমারোহণং প্রতি।

লক্ষ্মণানুগতো রামঃ সুগ্রীবমিদমব্রবীৎ ॥ ১ ॥

বিভীষণঞ্চ ধর্ম্মজ্ঞমনুরক্তং নিশাচরম্।

মন্ত্রজ্ঞং চ কৃতজ্ঞঞ্চ শ্লক্ষ্ণয়া পরয়া গিরা ॥ ২ ॥

সুবেলমথ শৈলেন্দ্রমিমং ধাতুশতৈশ্চিতম্।

অধ্যারোহামহে সর্ব্বে বৎস্যামোঽত্র নিশামিমাম্ ॥ ৩ ॥

দুর্গমঞ্চৈব যৎ কিঞ্চিৎ কারিতং তেন রক্ষসা।

রাক্ষসং তং চ দ্রক্ষ্যামঃ কথঞ্চিদ্ যদি রাবণম্ ॥ ৪ ॥

লঙ্কাং চালোকয়িষ্যামো নিলয়ং তস্য রক্ষসঃ।

যেন মে মর্ত্ত কামেন হৃতা ভার্য্যা যশস্বিনী ॥ ৫ ॥

পশ্চাদ্‌গামী লক্ষ্মণের সহিত সেই রামচন্দ্র সুবেল-পর্ব্বতে আরোহণের ইচ্ছা করিয়া ধার্ম্মিক অনুরক্ত মন্ত্রণাকুশল কৃতজ্ঞ সুগ্রীবকে এবং নিশাচর বিভীষণকে মধুর বাক্যে এইরূপ বলিলেন— ॥ ১-২ ॥

শত শত ধাতুপূর্ণ এই শ্রেষ্ঠ সুবেলে আমরা সকলে আরোহণ করিয়া এই স্থানে অদ্য রাত্রিবাস করিব ॥ ৩ ॥

সেই রাবণকে এবং সে দুর্জ্জেয় যাহা কিছু করিয়াছে, তৎ-সমস্ত যদি কোনরূপে অবগত হইতে পারি ॥ ৪ ॥

মরণাভিলাষী যে রাক্ষস আমার যশস্বিনী ভার্য্যা সীতাকে হরণ করিয়াছে, তাহার বাসস্থান লঙ্কা অবলোকন করিব ॥ ৫ ॥

১। ছ '-লঙ্কাস্ত'। ২। ছ 'রাবণস্ত চ'।

যেন ধর্ম্মো ন বিজ্ঞাতো ন বৃত্তং ন কুলং তথা।
রাক্ষস্যা জিহ্মায়া বুদ্ধ্যা যেনৈতদ্ গর্হিতং কৃতম্।
[১]
তস্মে বিবর্দ্ধতে রোষঃ পাপং সংস্মৃত্য রাক্ষসম্ ॥ ৬ ॥

যস্যাপরাধান্নীচস্য সর্ব্বান্ ধক্ষ্যামি রাক্ষসান্।
বাণৈর্বজ্রানলপ্রখ্যৈরসুরানিব বাসবঃ ॥ ৭ ॥
[২]
একো হি কুরুতে পাপং কালপাশবশং গতঃ।
[৩] [৪]
নীচস্যাস্যাপরাধেন কুলং পশ্য বিনঙ্ক্ষ্যতি ॥ ৮ ॥
[৫]
এবং সংমন্ত্রয়ন্নেব সক্রোধো রাবণং প্রতি।
[৬]
রামঃ সুবেলং বাসায় চিত্রসানুমুপাগমৎ ॥ ৯ ॥

পৃষ্ঠতো লক্ষ্মণশ্চৈনমন্বগচ্ছৎ সমাহিতঃ।
[৭]
সশরং চাপমুদ্যম্য সুমহদ্ ভীমবিক্রমঃ ॥ ১০ ॥

যে রাক্ষস ধর্ম্ম, চরিত্র, কুল, কিছুই জানে না এবং যে কপট রাক্ষসী-বুদ্ধিদ্বারা এরূপ গর্হিত কার্য্য করিয়াছে, সেই পাপিষ্ঠ রাক্ষসকে স্মরণ করিয়া আমার ক্রোধ বৃদ্ধি পাইতেছে ॥ ৬ ॥

সেই রাক্ষসাধমের অপরাধে আমি সমস্ত রাক্ষসকে বজ্র এবং অনল সদৃশ বাণদ্বারা ইন্দ্র যেরূপ অসুরদিগকে ভস্ম করিয়াছিলেন সেইরূপ ভস্ম করিব ॥ ৭ ॥

দেখ, কালপাশের বশবর্ত্তী হইয়া একজন পাপ কার্য্য করে, আর সেই অধমের অপরাধে সমস্ত কুল ধ্বংস হইয়া যায় ॥ ৮ ॥

রাবণের প্রতি ক্রুদ্ধ রাম এইরূপ বলিতে বলিতে রমণীয় সানুদেশযুক্ত সুবেল-পর্ব্বতে বাসের নিমিত্ত আরোহণ করিলেন ॥ ৯ ॥

ভীম-বিক্রমশালী লক্ষ্মণ শরযুক্ত সুবিশাল ধনুক উত্তোলন করিয়া সমাহিত চিত্তে রামের পশ্চাৎ পশ্চাৎ অনুগমন করিতে লাগিলেন ॥ ১০ ॥

১। ছ 'সঞ্চিন্ত্য'। ২। ছ 'বেগ-'। ৩। ছ '-স্যাস্যাপ-'। ৪। ছ 'সর্ব্বং'। ৫। ছ '-য়ামাস'। ৬। ছ '-বেলবাসায়'। ৭। ছ 'বিক্রমোপমম্'।

অন্বারোহচ্চ সুগ্রীবঃ সামাত্যঃ সবিভীষণঃ ।
১
হনুমানঙ্গদো মৈন্দো নীলো দ্বিবিদ এব চ ॥ ১১ ॥

গয়ো গবাক্ষো গবয়ঃ শরভো গন্ধমাদনঃ ।
২
পনসঃ কুমুদো ধূম্রো নলশ্চৈব তু যূথপঃ ॥ ১২ ॥
৩
জাম্ববাংশ্চ সুষেণশ্চ কেশরী সুমহাবলঃ ।

দুর্ম্মুখশ্চ মহাবীর্য্যস্তথা শতবলিঃ কপিঃ ॥ ১৩ ॥
৪
এতে চান্যে চ বহবো বানরাঃ শীঘ্রগামিনঃ ।
৫
অধ্যারোহন্ জবোদগ্রাঃ শাতয়ন্তো মহাশিলাঃ ॥ ১৪ ॥
৬
ততঃ সুবেলমারুহ্য রামস্তৈর্হরিভিঃ সহ ।
৭
নিষসাদ গিরেস্তস্য শৃঙ্গে সমশিলাতলে ॥ ১৫ ॥

---

১৪ । লো-টী । জবো বেগঃ উদগ্র উৎকটো যেষাং শাতয়ন্তশ্চূর্ণয়ন্তঃ ।

১৫ । লো-টী । সমং শিলাতলং শিলা যস্মিন্ তস্মিন্ শৃঙ্গে ।

সুগ্রীব, অমাত্যগণের সহিত বিভীষণ, হনুমান্, অঙ্গদ, মৈন্দ, নীল এবং দ্বিবিদও পশ্চাৎ পশ্চাৎ আরোহণ করিলেন ॥ ১১ ॥

গয়, গবাক্ষ, গবয়, শরভ, গন্ধমাদন, পনস, কুমুদ, ধূম্র, যূথপতি নল, জাম্ববান্, সুষেণ, অতিশয় বলবান্ কেশরী, মহাবীর্য্য দুর্ম্মুখ এবং শতবলি, ইহারা এবং অন্যান্য বহু প্রচণ্ড-বেগশালী দ্রুতগামী বানর বৃহৎ বৃহৎ শিলা চূর্ণ বিচূর্ণ করিয়া সুবেল-পর্ব্বতে আরোহণ করিল ॥ ১২-১৪ ॥

অনন্তর রামচন্দ্র সেই বানরদিগের সহিত সুবেল-পর্ব্বতের শিখরদেশে সমতল শিলার উপরে উপবেশন করিলেন ॥ ১৫ ॥

১। ছ 'নীলো মৈন্দ্যো'। ২। ছ '-দশ্চৈব ধূম্রাক্ষো নাম'। ৩। ছ 'চ'। ৪। ছ '-চারিণঃ'। ৫। ছ '-স্ত জবিনো বলবন্তো মহাগিরিম্'। ৬। ছ '-স্তৈঃ সহ যূথপৈঃ'। ৭। ছ 'সমতলে শুভে'।

ততঃ কপিগণাঃ সর্ব্বে সমাবৃত্য ত্রিযোজনম্ ।
১
আরোহন্ত সুবেলং তু প্লবন্তো দক্ষিণামুখাঃ ॥ ১৬ ॥

তে বায়ুবেগাঃ প্লবগাস্তং গিরিং গিরিচারিণঃ ।
২
অধ্যারোহন্ত শতশঃ সুবেলং যত্র রাঘবঃ ॥ ১৭ ॥

তে ত্বদীর্ঘেণ কালেন গিরিমাসাদ্য সর্ব্বতঃ ।
৩
দদৃশুঃ শিখরে তস্য বিষক্তামিব খে পুরীম্ ॥ ১৮ ॥
৪ ৫
তাং সুরূপাং মহাদ্বারাং প্রাকারৈরুপশোভিতাম্ ।
৬
লঙ্কাং রাক্ষসসম্পূর্ণাং পতাকাধ্বজমালিনীম্ ॥ ১৯ ॥

১৬। লো-টী। দক্ষিণস্যাং দিশি মুখানি যেষাং তে। পুংবদ্ভাবাভাব আর্ষঃ, আ সমন্তাদ্বা।
১৮। লো-টী। অদীর্ঘেণ দীর্ঘেণ।
১৯। লো-টী। সুরূপাং শোভনরূপবতীং মহাদ্বারাম্।

কপিগণ সকলে দক্ষিণ দিকে মুখ করত তিন যোজন ব্যাপিয়া উল্লম্ফন করিতে করিতে সুবেল পর্ব্বতে আরোহণ করিল ॥ ১৬ ॥

বায়ুর ন্যায় গতিশীল, পর্ব্বতে বিচরণকারী শত শত বানর রাম যে-স্থানে অবস্থান করিতেছিলেন, সেই সুবেল-পর্ব্বতে আরোহণ করিল ॥ ১৭ ॥

সেই বানরগণ অল্পকালের মধ্যেই পর্ব্বতে আরোহণ করিয়া উহার শিখরদেশে অবস্থিত যেন গগনমণ্ডলে লম্বমান লঙ্কানগরী দেখিতে পাইল ॥ ১৮ ॥

সেই লঙ্কা অতিশয় সুন্দর, বিশাল দ্বারযুক্ত, প্রাচীরবেষ্টিত, পতাকা এবং

১। ছ 'সুবেগমধ্যারোহন্তঃ'। ২। ছ 'সুতরাং'। ৩। ছ 'খেচরীম্'। ৪। ছ 'সুবপ্রাং'। ৫। ছ 'প্রাকারবর-'। ৬। ছ 'নানারাক্ষ-'।

সজ্জযন্ত্রোপকরণাং সমুচ্ছ্রিতধ্বজাকুলাম্ ।
সিতাভ্রচয়সঙ্কাশাং কৈলাসশিখরোপমাম্ ।
নানারূপৈর্মহাবীর্য্যৈর্ঘোরৈ রক্ষোভিরাবৃতাম্[১] ॥ ২০ ॥
প্রাকারবলভীসংস্থৈস্তমোনীলৈর্নিশাচরৈঃ ।
দদৃশুস্তে[২] মহাবীর্য্যাঃ প্রাকারমপরং কৃতম্ ॥ ২১ ॥
তে দৃষ্ট্বা বানরাঃ সর্ব্বে রাক্ষসান্ যুদ্ধকাঙ্ক্ষিণঃ ।
সসৃজুর্বিপুলান্ নাদান্ মেঘান্ দৃষ্ট্বেব বর্হিণঃ ॥ ২২ ॥
ততোঽস্তমগমৎ সূর্য্যঃ সন্ধ্যয়া প্রতিরঞ্জিতঃ[৩] ।
পূর্ণচন্দ্রপ্রদীপা চ যামিনী সমবর্ত্তত ॥ ২৩ ॥

২০। লো-টী। সজ্জানি সংভৃতানি যন্ত্রাণি শিলাপ্রক্ষেপাস্ত্রাণি উপকরণানি যুদ্ধোপকরণানি চ অন্যানি যত্র তাম্। সম্যগ উচ্ছ্রিতং সঞ্জাতং যদ্রামাস্তরং তেনাকুলাম্। 'সমুচ্ছ্রিতবরায়ুধা'মিতি পাঠে সমুচ্ছ্রিতং সম্যক্ সমুন্নদ্ধং বরমায়ুধম্। 'উচ্ছ্রিতং ত্রিষু সঞ্জাতে সমুন্নদ্ধপ্রবুদ্ধয়ো'রিতি কোষঃ। তমোনীলৈঃ অন্ধকারবৎ কৃষ্ণবর্ণৈঃ, অনেন অপরং প্রাকারমিব।

২৩। লো-টী। প্রতিরঞ্জিতঃ রক্তবর্ণঃ।

ধ্বজদ্বারা শোভিত, রাক্ষসগণে পরিপূর্ণ, যুদ্ধের অস্ত্রসমূহে সজ্জিত সমুন্নত-ধ্বজাকীর্ণ, শুভ্র-মেঘবৃন্দসদৃশ, কৈলাসশৃখরতুল্য এবং বহুরূপী পরাক্রমশালী ভীষণ রাক্ষসগণে পরিবৃত ॥ ১৯-২০ ॥

সেই বলবান্ বানর সকল দেখিতে পাইল, প্রাচীরের ছাদের উপর দণ্ডায়মান অন্ধকারের ন্যায় কৃষ্ণবর্ণ রাক্ষসবৃন্দ দ্বারা যেন অপর একটী প্রাচীর রচিত হইয়াছে ॥ ২১ ॥

সেই বানরগণ যুদ্ধাভিলাষী রাক্ষসদিগকে দেখিয়া মেঘদর্শনে ময়ূরের ন্যায় উচ্চ শব্দ করিতে লাগিল ॥ ২২ ॥

অনন্তর সন্ধ্যাহেতু রক্তবর্ণ সূর্য্য অস্ত গেলেন এবং পূর্ণচন্দ্ররূপ-প্রদীপযুক্তা রজনী আবির্ভূত হইল ॥ ২৩ ॥

১। ছ '-রাকুলান'। ২। ছ '-রং সমসঙ্কৃতম্'। ৩। ছ 'চাভির-'।

সচন্দ্রগ্রহনক্ষত্রং নভোঽদৃশ্যত সাগরে।
দ্বিতীয়মিব চাকাশং সচন্দ্রগ্রহতারকম্ ॥ ২৪ ।

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে সুবেলারোহণং নাম চতুর্দ্দশঃ সর্গঃ ॥ ১৪ ॥

২৪। লো-টী। নভঃ প্রতিবিম্বিতম্।
[লো-টী।] নিবাসম্ অবতস্থে চক্রে। প্রতিতামিত (?) উদিতঃ।
[লো-টী।] তে তদা দীপ্যমানাঃ।

সুবেলারোহণম্ ॥ ১৪ ॥

চন্দ্র এবং গ্রহ-নক্ষত্রযুক্ত গগনমণ্ডল সমুদ্রে প্রতিফলিত হইয়া চন্দ্র ও গ্রহতারকাযুক্ত দ্বিতীয় আকাশের ন্যায় দেখা গেল ॥ ২৪ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে সুবেলারোহণ-নামক ১৪শ সর্গ সমাপ্ত ॥ ১৪ ॥

১। ছ-পুস্তকে অতঃ পরং 'ততঃ স রামো হরিবাহিনীপতিং বিভীষণঞ্চ প্রতিমান্য সৎকৃতম্। সলক্ষ্মণো যূথপযূথপৈর্ব্বৃতঃ সুবেলপৃষ্ঠে ন্যবসদ্ যথাসুখম্॥ ততঃ সুবেলস্য গিরের্নিকাশে শৃঙ্গেঽবতস্থে সচিবৈঃ সমেত্য। বিভীষয়ন্ বৈ রজনীং স রাঘবঃ প্রকাশিতাং চন্দ্রসমঃ প্রভাতি॥ ততঃ প্রভাতে সচিবাংস্তু রাঘবঃ প্রয়াণমাজ্ঞাপয়তেত্যুবাচ হ। তে ধাবমানা অথ দক্ষিণামুখাস্ততস্তু লঙ্কাং দদৃশুঃ পুরীং তদা॥' ইত্যধিকম্।

(১৫) পঞ্চদশঃ সর্গঃ

১
তে রাত্রিমুষিতাস্তত্র সুবেলে হরিপুঙ্গবাঃ।
২
লঙ্কায়াং দদৃশুর্বীরা বনান্যুপবনানি চ ॥ ১ ॥
৩
সরাংসি চ সপদ্মানি বিশালায়তনানি চ।
৪
দৃষ্টিরম্যাণি তে দৃষ্ট্বা বভূবুর্জাতবিস্ময়াঃ ॥ ২ ॥
৫
চম্পকাশোকবকুলসালতালসমাকুলা।
৬
তমালবনসংচ্ছন্না নক্তমালসমাচিতা ॥ ৩ ॥

হিন্তালৈরর্জ্জুনৈঃ সর্জ্জৈঃ সপ্তপর্ণৈশ্চ পুষ্পিতৈঃ।
তিলকৈঃ কর্ণিকারৈশ্চ পাটলাভিশ্চ সর্ব্বতঃ ॥ ৪ ॥

২। লো-টী। জাতবিস্ময়াঃ জাতাশ্চর্য্যাঃ।

৩। লো-টী। লঙ্কা শুশুভে ইতি সার্দ্ধত্রয়েণান্বয়ঃ। নক্তমালৈঃ করঞ্জকৈঃ। 'চির-বিল্বো নক্তমালঃ করজশ্চ করঞ্জকে' ইত্যমরঃ। পাটলাভিঃ পারণিভিঃ, লতাপরিগতৈর্ভূতাব্যাপ্তৈঃ।

সেই বীর বানরপুঙ্গবগণ সুবেলপর্ব্বতে রাত্রি যাপন করিয়া লঙ্কানগরীর বন এবং উপবন দর্শন করিল ॥ ১ ॥

তাহারা নয়নাভিরাম পদ্মসমন্বিত অতিবিস্তৃত সরোবরসমূহ দেখিয়া আশ্চর্য্যান্বিত হইল ॥ ২ ॥

লঙ্কানগরী চম্পক, অশোক, বকুল, সাল, তাল, তমাল, নক্তমাল (করঞ্জ) এবং চারিদিকে পুষ্পিত হিন্তাল, অর্জ্জুন, সর্জ্জ, সপ্তপর্ণ, তিলক, কর্ণিকার,

১। ছ 'তাং'। ২। ছ '-য়া'। ৩। ছ 'বিমলা-'। ৪। ছ 'দৃষ্ট্বা চ'। ৫। ছ '-শাল-'। ৬। ছ '-বিভূষিতা'।

শুশুভে পুষ্পিতাগ্রৈশ্চ লতাপরিগতৈর্দ্রুমৈঃ।
বিচিত্রকুসুমোপেতৈ রক্তকোমলপল্লবৈঃ।
লঙ্কা কাননজৈঃ[১] ফুল্লৈর্যথেন্দ্রস্যামরাবতী ॥ ৫ ॥
শাদ্বলানি চ নীলানি চিত্রাশ্চ বনরাজয়ঃ।[২]
পুষ্পিতানি সুগন্ধীনি পুষ্পাণি চ ফলানি চ ॥ ৬ ॥
জালকং মঞ্জরীণাঞ্চ ফলং কিশলয়ানি চ।
ধারয়ন্তি দ্রুমাস্তত্র নরা ইব বিভূষণম্ ॥ ৭ ॥
তচ্চৈত্ররথসঙ্কাশং মনোজ্ঞং নন্দনোপমম্।
বনং সর্ব্বর্ত্তুকং রম্যং শুশুভে ষট্পদাকুলম্ ॥ ৮ ॥

৫। লো-টী। কাননজৈঃ ফুল্লৈঃ প্রফুল্লৈঃ, স্নিগ্ধৈরিতি যাবৎ, লঙ্কা শুশুভে ইতি পূর্ব্বেণান্বয়ঃ। 'নন্দনজৈর্বৈক্ষে'রিতি বা পাঠঃ ক্বচিৎ।

৬। লো-টী। পুষ্পিতানি বিকসিতানি।

৭। লো-টী। কুলকং কঃ স্বার্থে কুলং সমূহম্। 'জালক'মিতি বা পাঠঃ। আগমা বৃক্ষাঃ। 'ধারয়ন্তি দ্রুমা' ইতি বা পাঠঃ।

৮। লো-টী। চৈত্ররথং কুবেরস্য উপবনং তৎসঙ্কাশম্। সর্ব্বেষু ঋতুষু কং সুখং যত্র তৎ। যদ্বা, সর্ব্বে ঋতবো যস্মিন্ তৎ।

পারুল এবং লতাসমাচ্ছন্ন বিচিত্র কুসুমাকীর্ণ আরক্ত কোমল পল্লবযুক্ত বনজাত অন্যান্য প্রফুল্ল বৃক্ষদ্বারা ইন্দ্রের অমরাবতীর ন্যায় শোভা পাইতেছিল ॥ ৩-৫ ॥

[চারিদিকে] বিচিত্র বনরাজি, নব তৃণদ্বারা হরিদ্বর্ণ ও নীলবর্ণ স্থানসমূহ এবং বিকসিত ও সুগন্ধি পুষ্প এবং ফল বিদ্যমান ॥ ৬ ॥

লোকে যেমন অলঙ্কার ধারণ করে, সেখানকার বৃক্ষরাজি সেইরূপ ফল, পল্লব ও মঞ্জরীসমূহ ধারণ করিয়া রহিয়াছে ॥ ৭ ॥

সেই চৈত্ররথসদৃশ মনোজ্ঞ ভ্রমরপরিপূর্ণ সর্ব্ব-ঋতু-সুখকর রমণীয় বন নন্দনকাননের ন্যায় শোভা পাইতেছিল ॥ ৮ ॥

১। ছ 'নন্দনজৈঃ'। ২। ছ 'বিচিত্রা বন-'।

কোষষ্টিকৈঃ সদাত্যূহৈর্বিনদদ্ভিশ্চ বর্হিণৈঃ।

রুতৈঃ পরভৃতানাঞ্চ শুশুভে তদ্বনং মহৎ ॥ ৯ ॥

১ ২

নিত্যমত্তবিহঙ্গানি ভ্রমরাচরিতানি চ।

৩

কোকিলাকুলষণ্ডানি সারসাভিরুতানি চ ॥ ১০ ॥

৪

ভৃঙ্গরাজাভিগীতানি কুররৈঃ সেবিতানি চ।

৫

কোলাহলবিঘুষ্টানি দাত্যূহাভিরুতানি চ ॥ ১১ ॥

বিবিশুস্তে ততস্তানি বনান্যুপবনানি চ।

৬

প্রহৃষ্টা মুদিতা বীরা হরয়ঃ কামরূপিণঃ ॥ ১২ ॥

তেষাং নিবিশমানানাং বানরাণাং মহাত্মনাম্।

পুষ্পসংসর্গসুরভির্ববৌ ঘ্রাণসুখোঽনিলঃ ॥ ১৩ ॥

১০। লো-টী। কোকিলৈরাকুলা ব্যাপ্তাঃ ষণ্ডা বৃক্ষসংঘাতা যেষাং তানি। 'ষণ্ডং পদ্মাদিসংঘাতে ন স্ত্রী স্যাদ্ গোপতৌ পুমান্' ইতি কোষঃ।

১১। লো-টী। ভৃঙ্গরাজ ইব অভিনীলানি অভিতঃ কৃষ্ণানি। 'ভৃঙ্গরাজাবগাঢ়ানী'তি পাঠে ব্যাপ্তানি।

১২। লো-টী। প্রহৃষ্টা বাহ্যতঃ, মুদিতা অন্তরতঃ।

কোষষ্টিক (টিট্টিভ), দাত্যূহ (ডাহুক), ময়ূর এবং কোকিলের শব্দে সেই বিশাল বনের সৌন্দর্য্য বর্দ্ধিত হইয়াছিল ॥ ৯ ॥

অন্তরে ও বাহিরে আনন্দিত সেই কামরূপী বীর বানরগণ সেই বন এবং উপবনে প্রবেশ করিল; সেই বন ও উপবনগুলি কোকিলপরিব্যাপ্ত বৃক্ষরাজি, সর্ব্বদা মত্তবিহঙ্গকুল, গুঞ্জনকারী ভ্রমরবৃন্দ ও কুররপক্ষীদ্বারা পরিপূর্ণ এবং সারস ও দাত্যূহের শব্দ ও ভ্রমরগুঞ্জনের কলনাদে নিনাদিত ॥ ১০-১২ ॥

সেই প্রবেশকারী মহামনাঃ বানরদিগের ঘ্রাণ-সুখকর পুষ্পগন্ধে আমোদিত বায়ু প্রবাহিত হইতে লাগিল ॥ ১৩ ॥

১। ছ 'নিত্যং ম-'। ২। ছ '-রাভিরুতা-'। ৩। ছ 'বিহঙ্গা-'। ৪। ছ 'কুররৈঃ শুকসারীভির্ব্বলাকা-সেবিতানি চ'। ৫। ছ 'সারসাভি-'। ৬। ছ 'বহবঃ'।

তেষাং নিবেশস্তত্রাসীৎ প্রবিভাগৈরনেকশঃ।
অকম্পয়ংশ্চ লঙ্কাং তে নাদৈঃ স্বৈর্নদতাং বরাঃ॥ ১৪ ॥
সর্পদ্ভিশ্চ মহাযূথৈর্মহী চরণপীড়িতা।
উত্থিতং বৈ রজশ্চোর্দ্ধং জগামারুণসন্নিভম্॥ ১৫ ॥
অন্যে তু হরিবীরাণাং বিক্রান্তা হরিযূথপাঃ।
সুগ্রীবেণাভ্যনুজ্ঞাতা লঙ্কাং জগ্মুঃ পতাকিনীম্॥ ১৬ ॥
বিত্রাসয়ন্তো বিহগান্ পাতয়ন্তো মহীরুহান্।
আস্ফোটয়ন্তো বল্‌গন্তঃ সর্ব্বে রণসমুৎসুকাঃ।
কম্পয়ন্তশ্চ লঙ্কায়াং বনান্যুপবনানি চ॥ ১৭ ॥
১ ২
ঋক্ষাঃ সিংহা বরাহাশ্চ মহিষাঃ শূকরাস্তথা।
তেন শব্দেন বিত্রস্তা জগ্মুর্ভীতা দিশো দশ॥ ১৮ ॥

১৪। লো-টী। নিবেশঃ শিবিরং 'নিবেশঃ শিবিরং ষণ্ডে' ইত্যমরঃ।
১৫। লো-টী। চরণপীড়িতা আসীৎ, ততশ্চ উত্থিতং রজঃ অরুণসন্নিভং কপিল-বর্ণতুল্যম্।
১৭। লো-টী। আস্ফোটয়ন্তঃ বাহুশব্দং কুর্ব্বন্তঃ, বল্‌গন্তঃ গচ্ছন্তঃ।

সেই স্থানে তাহারা বহু ভাগে বিভক্ত হইয়া বাস করিতে লাগিল এবং ভীষণ-শব্দকারী সেই বানরগণ স্বীয় শব্দে লঙ্কানগরী কম্পিত করিল॥ ১৪॥

গমনকারী বানরদলের পদভরে পৃথিবী পীড়িতা হইল এবং অরুণবর্ণ ধূলিরাশি ঊর্দ্ধে উত্থিত হইল॥ ১৫॥

বানর-বীরগণের মধ্যে পরাক্রান্ত বানরদলপতিগণ সুগ্রীবকর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া পতাকাশোভিত লঙ্কায় গমন করিল॥ ১৬॥

যুদ্ধাভিলাষী তাহারা সকলে বিহগদিগকে বিত্রাসিত করিয়া, বৃক্ষসমূহ পাতিত করিয়া, বাহুশব্দ করিতে করিতে এবং লঙ্কার বন ও উপবন কম্পিত করিতে করিতে গমন করিল॥ ১৭॥

১। ছ 'সিংহবরা-'। ২। ছ '-শ্চমরা-'।

[1]শিখরং তু ত্রিকূটস্য [2]প্রাংশু চৈব নভঃ স্পৃশৎ।
সমন্তাদ্ দ্রুমসংচ্ছন্নং মহাভ্রচয়সন্নিভম্ ॥ ১৯ ॥
অধশ্চোর্দ্ধং চ বিস্তীর্ণং বিমলাদর্শসন্নিভম্।
[4]শ্লক্ষ্ণং [5]শ্রীমন্মহচ্চৈব দুষ্প্রাপং শকুনৈরপি ॥ ২০ ॥
মনসাপি দুরারোহং নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা।
নিবিষ্টা শিখরে তস্য লঙ্কা রাবণপালিতা ॥ ২১ ॥
সা পুরী গোপুরৈরুচ্চৈঃ পাণ্ডরাম্বুদসন্নিভৈঃ।
[6]কাঞ্চনেনৈব জালেন রাজতেন চ শোভিতা ॥ ২২ ॥
প্রাসাদৈশ্চ বিমানৈশ্চ লঙ্কা পরমশোভিতা।
ঘনৈরিবাতপাপায়ে মধ্যমং বৈষ্ণবং পদম্ ॥ ২৩ ॥

১৯-২১। লো-টী। প্রাংশুং দীর্ঘম্ একং প্রধানং শ্লক্ষ্ণং মনোরমং শ্রীমৎ কান্তিমৎ। 'প্রাংশু'মিত্যাদিকঃ 'নির্মিত'মিত্যন্তঃ প্রথমান্তোঽপি দৃশ্যতে। সমেনেতি পাঠে লঙ্কাবিশেষণম্ (?)।

২২-২৩। লো-টী। দ্বারেণ কাঞ্চনেনেব, ইব শব্দ এবার্থে। কাঞ্চনেন চ যানেনেতি

ভল্লূক, সিংহ, বরাহ, মহিষ, শূকর প্রভৃতি সেই শব্দে ভীত হইয়া দশদিকে ধাবিত হইতে লাগিল ॥ ১৮ ॥

অত্যুন্নত, গগনস্পর্শী, বৃক্ষসমাচ্ছন্ন, মেঘবৃন্দসদৃশ, ত্রিকূটপর্ব্বতের শিখর নিম্নে এবং ঊর্দ্ধে বিস্তীর্ণ, নির্ম্মল দর্পণসদৃশ, মনোরম, মসৃণ, পক্ষিগণেরও দুরারোহ; তাহা বিশ্বকর্ম্মার নির্ম্মিত, তাহার উপরে আরোহণের কল্পনাও করা যায় না; তাহার অগ্রভাগে রাবণপালিতা লঙ্কানগরী অবস্থিত ॥ ১৯-২১ ॥

সেই লঙ্কানগরী শুভ্রমেঘ-সদৃশ উচ্চ সিংহদ্বার এবং কাঞ্চন ও রজত-নির্ম্মিত গবাক্ষদ্বারা শোভিত ॥ ২২ ॥

গ্রীষ্মাবসানে মেঘদ্বারা গগনমণ্ডলের ন্যায় প্রাসাদ এবং বিমানদ্বারা সেই লঙ্কাপুরী শোভিত হইয়াছিল ॥ ২৩ ॥

১। ছ 'গিরেস্তস্য ত্রি-'। ২। ছ 'প্রাংশুমেকং'। ৩। ছ '-শম্'। ৪। ক 'শৃঙ্গং'। ৫। ছ 'শ্রীমৎ সমঞ্চৈব'। ৬। ক 'দ্বারেণ কাঞ্চনেনৈব'।

যস্যাং স্তম্ভসহস্রেণ প্রাসাদঃ সমলঙ্কৃতঃ।

কৈলাসশিখরাকারো দৃশ্যতে খমিবোল্লিখন্ ॥ ২৪ ॥

এতস্য[১] রাক্ষসেন্দ্রস্য রাবণস্য দুরাত্মনঃ।

শতেন[২] রক্ষসাং নিত্যং যঃ সমগ্রেণ রক্ষতে ॥ ২৫ ॥

দদৃশুস্তে তদা লঙ্কাং বিহসন্তো হ্যলঙ্কৃতাম্।

পশ্চিমাং শ্রিয়মাপন্নাং নারীমিব মুমূর্ষতীম্ ॥ ২৬ ॥

তাং সমৃদ্ধোঽথ লক্ষ্মীবান্ রাঘবো লক্ষ্মণাগ্রজঃ।

রাবণস্য পুরীং লঙ্কাং[৩] দদর্শ সহ বানরৈঃ[৪] ॥ ২৭ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে লঙ্কাদর্শনং নাম পঞ্চদশঃ সর্গ ॥ ১৫ ॥

পাঠঃ ক্বচিৎ। 'ক্বচিচ্চ জালেনে'তি পাঠে গবাক্ষেণ। মধ্যমং বৈষ্ণবং পদং ধ্রুবপদমিব, আতপাপায়ে প্রাবৃট্‌কালে।

[লো-টী।] চৈত্যঃ প্রধানপ্রাসাদঃ ইতি সর্ব্বজ্ঞঃ। তন্মতে নপুংসকত্বমার্ষম্। 'চৈত্যমায়তনে বুদ্ধবিম্বে নোদ্দেশপাদপে' ইতি কোষঃ। চিত্তমনুরঞ্জয়তীতি চৈত্যো দৃষ্টিরঞ্জনো গৃহবিশেষ ইতি বা।

২৬। লো-টী। পশ্চিমাং শ্রিয়ং নাশদশাম্।

লঙ্কাদর্শনং নাম সর্গঃ ॥ ১৫ ॥

সেই লঙ্কায় সহস্র স্তম্ভদ্বারা অলঙ্কৃত গগনস্পর্শী প্রাসাদ আকাশে কৈলাসশিখরের ন্যায় দেখাইত ॥ ২৪ ॥

রাক্ষসরাজ দুরাত্মা রাবণের সেই প্রাসাদ সর্ব্বদা শতাধিক রাক্ষসদ্বারা রক্ষিত হইত ॥ ২৫ ॥

বানরেরা হাসিতে হাসিতে অলঙ্কৃতা সেই লঙ্কানগরীকে শেষ-দশাপ্রাপ্ত মুমূর্ষু রমণীর ন্যায় দেখিল ॥ ২৬ ॥

সমৃদ্ধিশালী লক্ষ্মণাগ্রজ রামচন্দ্র বানরগণের সহিত রাবণের সেই লঙ্কানগরী দর্শন করিলেন ॥ ২৭ ॥

মহর্ষি বাল্মীকি-প্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে লঙ্কাদর্শন-নামক ১৫শ সর্গ সমাপ্ত ॥ ১৫ ॥

১। ছ 'দয়িতো'। ২। ছ 'সতেন'। ৩। ছ 'রামো'। ৪। অতঃ পরং ছ-পুস্তকে 'তাং রত্নপূর্ণাং বহুসন্নিধানাং প্রাসাদমালাভিরলঙ্কৃতাঞ্চ। পুরীং মহাযন্ত্রকবাটযুক্তাং দদর্শ রামো মহতা বলেন ॥' ইত্যধিকম্।

(১৬) ষোড়শঃ সর্গঃ

অথ তত্র নিমিত্তানি দৃষ্ট্বা লক্ষ্মণপূর্ব্বজঃ।
১ ২
লক্ষ্মণং বৈ সমাভাষ্য বচোঽবদদতন্দ্রিতঃ ॥ ১ ॥
৩
প্রবিগাহ্যোদকং তীর্ণং বনানি ফলবন্তি চ।
৪
বলঞ্চ প্রবিভজ্যেদং ব্যূদতিষ্ঠাম লক্ষ্মণ ॥ ২ ॥
৫
লোকক্ষয়করং ভীমং ভয়ং পশ্যাভ্যুপস্থিতম্।
৬
নিবর্হণং প্রবীরাণামৃক্ষবানররক্ষসাম্ ॥ ৩ ॥
বাতাশ্চ পরুষা বান্তি কম্পতে চ বসুন্ধরা।
৭
পর্ব্বতাগ্রাণি বেপন্তে নর্দন্তি ধরণীধরাঃ ॥ ৪ ॥

১। লো-টী। অতন্দ্রিতো নিরলসঃ।

২। লো-টী। তীর্ণং সর্ব্বতঃ প্লাবিতমুদকং পরিগাহ্য ফলবন্তি প্রশস্তফলবন্তি জানাতীতি শেষঃ। প্রবিভজ্য ইদং বনং ভঙ্ক্ত্বা ব্যূদতিষ্ঠাম গচ্ছাম।

৩। লো-টী। নিবর্হণম্ প্রণশনম্।

অনন্তর অতন্দ্রিত রামচন্দ্র সেস্থানে নানাবিধ [অশুভ] লক্ষণ দর্শন করিয়া লক্ষ্মণকে সম্বোধনপূর্ব্বক বলিলেন — ॥ ১ ॥

হে লক্ষ্মণ, আমরা ফলশালী অরণ্যসমূহ এবং সমুদ্র অবগাহনপূর্ব্বক লঙ্ঘন করিয়া এই সৈন্য বিভাগপূর্ব্বক সজ্জিত হইয়াছি ॥ ২ ॥

ভল্লুক, বানর এবং রাক্ষস-বীরগণের নিধনসূচক ভীষণ ভয় [-সূচক দুর্লক্ষণ] উপস্থিত হইয়াছে, দেখ ॥ ৩ ॥

কর্কশ-স্পর্শবিশিষ্ট বায়ু প্রবাহিত হইতেছে, বসুন্ধরা এবং পর্ব্বতাগ্র কম্পিত হইতেছে, পর্ব্বতসমূহ শব্দ করিতেছে ॥ ৪ ॥

১। ছ 'সংপরিষজ্য'। ২। ছ '-দতন্দ্রিতঃ'। ৩। ছ 'তূর্ণং'। ৪। ছ '-ষ্ঠিম'। ৫। ছ '-মমহং পশ্যাম্যুপ-'। ৬। ছ '-মুখে বা-'। ৭। ছ 'শীর্য্যন্তে'।

১
মেঘাঃ ক্রব্যাৎপ্রতীকাশাঃ পরুষাঃ পরুষস্বনাঃ।
আদিত্যপথমাবিশ্য জনয়ন্তো মহদ্ ভয়ম্ ॥ ৫ ॥
ক্রূরাঃ ক্রূরং প্রবর্ষন্তি মিশ্রং রুধিরবিন্দুভিঃ।
রক্তচন্দনসঙ্কাশাঃ সন্ধ্যাঃ পরমদারুণাঃ ॥ ৬ ॥
জ্বলচ্চ নিপতত্যেতদাদিত্যাদগ্নিমণ্ডলম্।
২
দীনা দীনস্বরা ঘোরাস্ত্বপ্রশস্তা মৃগদ্বিজাঃ ॥ ৭ ॥
রজন্যামপ্রশস্তশ্চ সন্তাপয়তি চন্দ্রমাঃ।
৩
কৃষ্ণরক্তাংশুপর্য্যন্তো যথা লোকস্য পর্য্যয়ে ॥ ৮ ॥

৫-৬। লো-টী। ক্রব্যাৎ রাক্ষসঃ, তৎপ্রতীকাশা অতএব পরুষাঃ নিষ্ঠুরাঃ, ক্রূরা নৃশংসাঃ। ক্রূরং প্রজানাং নাশং যথামিতাং পয় (?) ইতি শেষঃ।

৭। লো-টী। ঘোরা ভয়ঙ্করাঃ অপ্রশস্তাঃ কাকোলূকাদয়ঃ দ্বিজাতয়ঃ পক্ষিণঃ।

৮। লো-টী। অপ্রশস্তঃ অপ্রসন্নঃ। কৃষ্ণঃ কদাচিৎ কদাচ রক্তঃ অংশুঃ প্রভা দীপ্তির্যস্য স পর্জ্জন্যঃ ধ্বনদম্বুদঃ, পর্য্যায়েঽতিক্রমে।

রাক্ষসের ন্যায় কঠোর এবং কর্কশ-স্বরবিশিষ্ট ক্রূর মেঘগুলি আদিত্যের গতিরোধ করিয়া মহাভয় উৎপাদনপূর্ব্বক লোকক্ষয়সূচক রুধিরমিশ্রিত বারি বর্ষণ করিতেছে, রক্তচন্দনের ন্যায় সন্ধ্যাকাল অতিশয় দারুণ ॥ ৫-৬ ॥

সূর্য্য হইতে প্রজ্বলিত অগ্নিপিণ্ড পতিত হইতেছে ; পশু-পক্ষিগণের দীনভাব এবং কণ্ঠস্বরের দৈন্য মোটেই প্রশস্ত নহে, ইহা ভয়াবহ ॥ ৭ ॥

রাত্রিকালে চন্দ্রমাঃ সন্তাপ দান করে, প্রলয়কালের ন্যায় তাহার কিরণের প্রান্তভাগ কৃষ্ণ ও রক্তমিশ্রবর্ণ, ইহা প্রশস্ত নহে ॥ ৮ ॥

১। ইতঃ সার্দ্ধশ্লোকদ্বয়স্থানে ছ-পুস্তকে 'মেঘাঃ ক্রব্যাদসঙ্কাশা গর্জ্জন্তি পরুষস্বনাঃ। ক্রূরাঃ ক্রূরং প্রবর্ষন্তি মিশ্রং রুধিরবিন্দুভিঃ। রক্তচন্দনসঙ্কাশা সন্ধ্যা পরমদারুণা। দিনেষু নিপতত্যেতদাদিত্যাদগ্নিমণ্ডলম্॥ আদিত্যপথমাবিশ্য জনয়ন্তো মহদ্ভয়ম্।' এতাবান্ পাঠঃ। ২। ছ '-রা অপ্র-'। ৩। ছ '-রক্তাঙ্গপ-'।

হ্রস্বো রূক্ষোঽপ্রশস্তশ্চ[১] পরিবেশঃ[২] সলোহিতঃ।
আদিত্যমণ্ডলে লীনঃ পশ্য লক্ষ্মণ দৃশ্যতে ॥ ৯ ॥
চন্দ্রমা ন যথাবৃদ্ধি[৩] নক্ষত্রাণ্যভিপদ্যতে।
যুগান্ত ইব লোকানাং পশ্য লক্ষ্মণ দৃশ্যতে ॥ ১০ ॥
কঙ্কাঃ শ্যেনাস্তথা গৃধ্রা নীচৈঃ পরিচরন্তি চ।
শিবাশ্চাপ্যশিবা[৪] বাচঃ প্রবদন্তি মহাস্বনাঃ ॥ ১১ ॥
শরৈঃ শূলৈশ্চ খড়্গৈশ্চ বিমুক্তৈঃ[৫] কপিরাক্ষসৈঃ।
ভবিষ্যত্যাবৃতা ভূমির্মাংসশোণিতকর্দ্দমা ॥ ১২ ॥
তূর্ণমদ্য দুরাধর্ষাং পুরীং রাবণপালিতাম্।
অভিযামো জবেনৈব সর্ব্বতো হরিভির্বৃতাঃ ॥ ১৩ ॥

৯। লো-টী। লীনঃ অন্তর্ভূতঃ, লগ্ন ইতি যাবৎ, দৃশ্যতে ইতি পশ্য।
১০। লো-টী। যথাবৃদ্ধি বৃদ্ধিমনতিক্রম্য অভিপদ্যতে প্রাপ্নোতি। যুগান্তঃ প্রলয়ঃ।
১১। লো-টী। পরিচরন্তি গচ্ছন্তি। এতে হি উচ্চৈর্গগনমারোহন্তে, ইদানীং ন তথা।

হে লক্ষ্মণ, দেখ, আদিত্যমণ্ডল-সংলগ্ন হ্রস্ব, রূক্ষ ও রক্তবর্ণ পরিবেশ দেখা যাইতেছে ; ইহা অশুভ ॥ ৯ ॥

হে লক্ষ্মণ, দেখ, চন্দ্রমা বৃদ্ধি অনুসারে নক্ষত্রসমূহকে প্রকাশিত করিতেছে না, যেন জগতের প্রলয়কাল উপস্থিত দেখা যাইতেছে ॥ ১০ ॥

কঙ্ক, শ্যেন ও গৃধ্রগণ নিম্নভাগে যাতায়াত করিতেছে। শৃগালগণ অমঙ্গল-সূচক উৎকট চীৎকার করিতেছে ॥ ১১ ॥

বানর ও রাক্ষসগণের নিক্ষিপ্ত শর, শূল ও খড়্গে ভূতল মাংস ও শোণিতে পঙ্কিল হইয়া উঠিবে ॥ ১২ ॥

আজ আমরা চারিদিকে বানরপরিবৃত হইয়া রাবণ-পরিরক্ষিত নগরীতে দ্রুতবেগে প্রবেশ করিব ॥ ১৩ ॥

১। ছ '-ঽপ্রশাস্তশ্চ'। ২। ছ '-শশ্চ লো-'। ৩। ছ 'যথাবচ্চ'। ৪। ছ '-বান্ নাদান্'। ৫। ছ 'অয়ং শ্লোকো নাস্তি'।

১
ইত্যেবং প্রবদন্ বীরো রামো বৈ লক্ষ্মণাগ্রজঃ।
তস্মাদবততারাশু পর্ব্বতাগ্রান্মহাবলঃ ॥ ১৪ ॥
২
অবতীর্য্য তু ধর্ম্মাত্মা তস্মাচ্ছৈলাচ্চ রাঘবঃ।
পরৈরধৃষ্যমক্ষোভ্যং দদর্শ বলমাত্মনঃ ॥ ১৫ ॥
ততস্তদ্ ব্যূহ্য সুগ্রীবঃ কপিরাজো বলং মহৎ।
৩ ৪
কালজ্ঞো রাঘবো বীরঃ সংযুগায়াভ্যচোদয়ৎ ॥ ১৬ ॥
ততঃ কালে মহাবাহুর্বলেন মহতা বৃতঃ।
প্রতস্থে পুরতো রামো লঙ্কামভিমুখঃ পুরীম্ ॥ ১৭ ॥

১৪। লো-টী। অবততার জগাম, উচ্চশৈলশিখরান্নক্তাশ্রয়শিখরং জগামেত্যর্থঃ।

১৫। লো-টী। অমৃষ্যম্ অসহ্যম্।

১৬। লো-টী। ব্যূহ্য তত্তদ্বিভাগেন রচয়িত্বা।

[লো-টী]। গোধা জ্যাঘাতবারণম্, অঙ্গুলিত্রাণং হস্তাবাপঃ। তৌ পুরস্কৃত্য সুগ্রীবঃ প্রায়াদিতি পূর্ব্বেণান্বয়ঃ।

মহাবলশালী লক্ষ্মণাগ্রজ রামচন্দ্র এইরূপ বলিতে বলিতে সেই শিখর হইতে সত্বর অবতরণ করিলেন ॥ ১৪ ॥

ধর্ম্মাত্মা রাঘব সেই পর্ব্বত হইতে অবতীর্ণ হইয়া শত্রুর অধর্ষণীয় স্বীয় সৈন্য অবলোকন করিলেন ॥ ১৫ ॥

তারপর রামচন্দ্রের পক্ষভুক্ত বানররাজ বীর সুগ্রীব ব্যূহ রচনা করিয়া সেই বিশাল বাহিনীকে যুদ্ধার্থে উৎসাহিত করিতে লাগিলেন ॥ ১৬ ॥

তারপর মহাবাহু রামচন্দ্র বিপুল সৈন্যে পরিবৃত হইয়া যথাকালে লঙ্কানগরীর অভিমুখে অগ্রবর্ত্তী হইয়া প্রস্থান করিলেন ॥ ১৭ ॥

১। ছ '-বস্তু বদন্ বীরো লক্ষ্মণং লক্ষ্ম-'। ২। ছ '-মহাবলঃ'। ৩। ছ-'-বস্যাজ্ঞাং যুদ্ধাকাঙ্ক্ষী হ্যবৈক্ষত'। ৪। অতঃ পরং ছ-পুস্তকে 'ব্যূহ্য তদ্ বানরং সৈন্যং প্রায়াল্লঙ্কাপুরীং প্রতি। বদ্ধগোধাঙ্গুলীত্রাণৌ বরচাপাসিধারিণৌ। দিব্যশস্ত্রাস্ত্রসম্পন্নাবাবদ্ধকবচাবুভৌ। পুরস্কৃত্য মহাবীর্য্যৌ তাবুভৌ রামলক্ষ্মণৌ। বিভীষণেনানুগতৌ প্রবরৈশ্চ প্লবঙ্গমৈঃ।' ইত্যধিকম্।

১

তং বিভীষণসুগ্রীবৌ জাম্ববান্ হনুমান্ নলঃ।

ঋক্ষরাজোঽঙ্গদো নীলো লক্ষ্মণশ্চান্বযুস্তদা ॥ ১৮ ॥

ততঃ পশ্চাৎ সুমহতী পৃতনা কাননৌকসাম্।

প্রচ্ছাদ্য মহতীং ভূমিং প্রতস্থে যেন রাঘবঃ ॥ ১৯ ॥

শৈলশৃঙ্গাণি শতশঃ প্রবৃদ্ধাংশ্চ মহীরুহান্।

২

জগৃহুঃ কুঞ্জরপ্রখ্যা বানরাঃ পরবারণাঃ ॥ ২০ ॥

তৌ ত্বদীর্ঘেণ কালেন ভ্রাতরৌ রামলক্ষ্মণৌ।

৩

রাবণস্য পুরীং লঙ্কামাপেদতুররিন্দমৌ ॥ ২১ ॥

পতাকামালিনীং রম্যামুচ্ছ্রিতধ্বজতোরণাম্।

৪ ৫

বিচিত্রবপ্রাং যন্ত্রাঢ্যামূর্দ্ধপ্রাকারতোরণাম্ ॥ ২২ ॥

১৮। লো-টী। ঋক্ষরাজোঽবপ্রমাথী (?) বানরঃ।

১৯। লো-টী। যেন পথা রাঘবঃ প্রতস্থে তেন পথা।

২০-২৩। লো-টী। পরবারণাঃ শত্রুনিবারকাঃ। উচ্ছ্রিতাঃ প্রবৃদ্ধাঃ ধ্বজাস্তোরণেষু

তখন বিভীষণ, সুগ্রীব, জাম্ববান্, হনুমান্, নল, নীল, ঋক্ষরাজ ও অঙ্গদ তাঁহার অনুগমন করিলেন ॥ ১৮ ॥

তারপর পশ্চাদ্ভাগে বিশাল বানরবাহিনী ভূমণ্ডল আচ্ছাদিত করিয়া রাম যে পথে গমন করিলেন সেই পথে গমন করিতে লাগিল ॥ ১৯ ॥

শত্রুনিবারক শত শত কুঞ্জরতুল্য বানর পর্ব্বতশৃঙ্গ ও বৃহৎ বৃহৎ বৃক্ষ গ্রহণ করিল ॥ ২০ ॥

শত্রুদমনকারী সেই রাম ও লক্ষ্মণ ভ্রাতৃদ্বয় অল্পকাল মধ্যেই লঙ্কানগরীর নিকট উপস্থিত হইলেন ॥ ২১ ॥

পতাকাশ্রেণীপরিশোভিত উন্নমিত-ধ্বজতোরণযুক্ত বিচিত্র প্রাকার পরিবেষ্টিত

১। ছ 'হনুমান্ জাম্ববান্ নলঃ'। ২। ছ '-দারণাঃ'। ৩। ছ -মাসেদতু-'। ৪। ছ 'চিত্রবপ্রাং সুষ-'। ৫। ছ '-মুচ্চ-'।

তাং সুরৈরপি দুর্ধর্ষাং দৃষ্ট্বা রামপ্রচোদিতাঃ।
১
যথানিবেশং সম্পাদ্য ন্যবিশন্ত বনৌকসঃ ॥ ২৩ ॥
২
দশযোজনমাক্রম্য মণ্ডলং বানরং বলম্।
পরিক্ষিপ্য তদা লঙ্কাং যুদ্ধায়াভিসসার হ ॥ ২৪ ॥
৩ ৪
লঙ্কায়াস্তূত্তরং দ্বারং মেরোঃ শৃঙ্গমিবোচ্ছ্রিতম্।
রামঃ সহানুজো ধন্বী রুরোধ চ জুগোপ চ ॥ ২৫ ॥
লঙ্কামুপনিবিষ্টে চ রামে দশরথাত্মজে।
জহৃষুর্দেবগন্ধর্ব্বা বিব্যথুশ্চ নিশাচরাঃ ॥ ২৬ ॥

বহির্দ্বারেষু যস্যাঃ তাম্, বিচিত্রস্য বিবিধচিত্রস্য বপ্রশ্চয়ো যস্যাং তাম্, ঊর্দ্ধপ্রাকারেষু তোরণং বন্দনমালা যস্যাং তাম্। যথা যথাবৎ নিবেশং শিবিরং সম্পাদ্য কৃত্বা।

২৪। লো-টী। মণ্ডলং মণ্ডলাকারং পরিক্ষিপ্য বেষ্টয়িত্বা।

২৫। লো-টী। জুগোপ স্বসৈন্যম্।

প্রাকারোপরি তোরণযুক্ত নানাযন্ত্রসমন্বিত দেবতাদিগেরও দুর্দ্ধর্ষ সেই লঙ্কানগরী দেখিয়া রামের আদেশে বানরগণ উপযুক্ত সন্নিবেশ রচনা করিয়া অবস্থান করিতে লাগিল ॥ ২২-২৩ ॥

তখন বানরগণ দশযোজনব্যাপী মণ্ডলাকারে লঙ্কানগরী পরিবেষ্টন করিয়া যুদ্ধার্থে অগ্রসর হইল ॥ ২৪ ॥

ধনুর্দ্ধারী রাম লক্ষ্মণের সহিত সুমেরুপর্ব্বতের শৃঙ্গের ন্যায় উন্নত লঙ্কা-নগরীর উত্তরদ্বার অবরুদ্ধ করিয়া স্বীয় সৈন্য রক্ষা করিতে লাগিলেন ॥ ২৫ ॥

দশরথ-নন্দন রাম লঙ্কায় শিবিরসন্নিবেশ করিলে, দেবতা ও গন্ধর্ব্বগণ আনন্দিত হইলেন এবং রাক্ষসগণ ব্যথিত হইল ॥ ২৬ ॥

১। ছ 'সংপীড্য'। ২। ছ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ৩। ছ '-য়ামুক্ত-'। ৪। ছ 'গিরিশৃঙ্গ-'।

লক্ষ্মণানুচরে বীরে ব্যথিতাঃ সর্ব্বরাক্ষসাঃ।
অভবন্ নির্বিশঙ্কাশ্চ বানরর্ক্ষগণাধিপাঃ[১] ॥ ২৭ ॥

নান্যো রামাদ্ধি তদ্দ্বারং সমর্থঃ পরিরক্ষিতুম্।
রাবণাধিষ্ঠিতং তদ্ধি বরুণেনেব সাগরঃ ॥ ২৮ ॥

রাক্ষসৈঃ সায়ুধৈরুগ্রৈরভিগুপ্তং[২] সমন্ততঃ।
লঘূনাং ত্রাসজননং পাতালমিব দানবৈঃ ॥ ২৯ ॥

রাক্ষসৈর্বিবিধাকারৈঃ শুশুভে সা ভয়াবহৈঃ[৩]।
সমন্তাদ্বহুভির্গুপ্তা সর্পৈর্ভোগবতী যথা ॥ ৩০ ॥

বিন্যস্তানি চ যোধানাং বহূনি বিবিধানি চ।
দদর্শায়ুধজালানি কবচানি মহান্তি চ[৪] ॥ ৩১ ॥

২৭। লো-টী। বীরে রামে।
৩০। লো-টী। সা লঙ্কা।
৩১। লো-টী। আয়ুধজালানি আয়ুধসমূহান্।

বীর রাম অনুচর লক্ষণের সহিত মিলিত হইলে রাক্ষসগণ সকলেই ব্যথিত হইল এবং বানর ও ভল্লুকদলাধিপতিগণ নিঃশঙ্ক হইলেন ॥ ২৭ ॥

বরুণাধিষ্ঠিত সাগরের ন্যায় রাবণদ্বারা অধিষ্ঠিত সেই দ্বারদেশ রাম ভিন্ন অন্য কেহ রক্ষা করিতে সমর্থ নয় ॥ ২৮ ॥

দানবগণকর্ত্তৃক রক্ষিত পাতালের ন্যায় অতি ভীষণাকার অস্ত্রধারী রাক্ষসগণ-কর্ত্তৃক সেই উত্তর দ্বার চারিদিকে সুরক্ষিত এবং তাহা দুর্ব্বলদিগের ত্রাসজনক ॥ ২৯ ॥

চতুর্দ্দিকে বহু সর্পদ্বারা রক্ষিত নাগপুরীর ন্যায় বিভিন্নাকৃতি ভয়ঙ্কর রাক্ষসবৃন্দে সেই লঙ্কা শোভা পাইতেছিল ॥ ৩০ ॥

সৈনিকদিগের সংস্থাপিত নানাবিধ অস্ত্রসমূহ এবং বৃহৎ কবচসমূহ দেখা যাইতেছিল ॥ ৩১ ॥

১। ছ পুস্তকে অতঃ পরং 'প্রচ্ছাদ্য সর্ব্বতো ভূমিমণ্ডলং বানরং বলম্। পরিক্ষিপ্য তদা লঙ্কাং যুদ্ধায়াভিসসার হ ॥' ইত্যধিকম্। ২। ছ '-শ্চৈশ্চো-'। ৩। ছ 'মহাভয়ৈঃ'। ৪। অতঃ পরং ছ 'তস্যাং চাম্বরজালানি চিত্রাণি দদৃশে (?) তদা।' ইত্যধিকম্।

পূর্ব্বদ্বারমথোঽরক্ষন্নীলো হরিচমূপতিঃ।
মৈন্দশ্চ দ্বিবিদশ্চোভৌ শ্বেতং গিরিমিবোরগৌ ॥ ৩২ ॥
অঙ্গদো দক্ষিণদ্বারমরক্ষৎ প্লবগেশ্বরঃ।
ঋষভেণ গবাক্ষেণ গয়েন পনসেন চ ॥ ৩৩ ॥
হনূমান্ পশ্চিমং দ্বারং ররক্ষ বলবান্ কপিঃ।
প্রমাথিপ্রঘসাভ্যাঞ্চ বীরৈরন্যৈশ্চ সংবৃতঃ ॥ ৩৪ ॥
মধ্যমে তু স্বয়ং গুল্মে সুগ্রীবঃ সমতিষ্ঠত।
সহ সর্ব্বৈঃ কপিশ্রেষ্ঠৈঃ সুপর্ণশ্বসনোপমৈঃ ॥ ৩৫ ॥
বানরাণাং তু ষট্ত্রিংশৎকোট্যঃ প্রখ্যাতবিক্রমাঃ।
নিপীড্যোপনিবিষ্টাশ্চ সুগ্রীবো যত্র বানরঃ ॥ ৩৬ ॥

৩৫। লো-টী। সুপর্ণো গরুড়ঃ, শ্বসনো বায়ুস্তদুপমৈঃ।
৩৬। লো-টী। নিপীড্য লঙ্কাং সংরুধ্য।

বানর-সেনাপতি নীল এবং মৈন্দ ও দ্বিবিদ উভয়ে সর্পরক্ষিত শ্বেতগিরির ন্যায় পূর্ব্বদ্বার রক্ষা করিতে লাগিলেন ॥ ৩২ ॥

বানরশ্রেষ্ঠ অঙ্গদ ঋষভ, গবাক্ষ, গয় এবং পনসের সহিত দক্ষিণদ্বার রক্ষা করিতে লাগিলেন ॥৩৩ ॥

মহাবীর হনুমান্ প্রমাথী, প্রঘস এবং অন্যান্য বীরগণে পরিবৃত হইয়া পশ্চিম দ্বার রক্ষা করিলেন ॥ ৩৪ ॥

মধ্যম গুল্মে স্বয়ং সুগ্রীব গরুড় এবং বায়ুসদৃশ সমস্ত শ্রেষ্ঠ বানরগণের সহিত অবস্থান করিতে লাগিলেন ॥ ৩৫ ॥

সুগ্রীবকর্ত্তৃক অধিষ্ঠিত স্থানে বিখ্যাত পরাক্রমশালী ছত্রিশ কোটি বানর লঙ্কানগরী অবরোধ করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ৩৬ ॥

১। ছ '-থারক্ষ-'। ২। ছ '-ণং দ্বার'-। ৩। ছ 'পৃতনাপতিঃ'। ৪। ছ '-রমরক্ষদ্বলবান্'। ৫। ছ 'সংযুতঃ'। ৬। ছ '-পর্ণসমবিক্রমৈঃ'। ৭। ছ '-ড্য তে চ ন্যবসন্'।

শাসনেন তু রামস্য সুগ্রীবঃ সবিভীষণঃ।

দ্বারি দ্বারি প্লবঙ্গানাং কোটিং কোটিং ন্যবেশয়ৎ ॥ ৩৭ ॥

পশ্চিমেন তু রামস্য সুষেণঃ[১] সহজাম্ববান্।

অদূরান্মধ্যমে গুল্মে তস্থৌ বহুবলানুগঃ ॥ ৩৮ ॥

তে তু বানরশার্দ্দূলাঃ শার্দ্দূলা ইব দংষ্ট্রিণঃ।

গৃহীত্বা দ্রুমশৈলাগ্রান্ হৃষ্টা যোদ্ধুমুপস্থিতাঃ ॥ ৩৯ ॥

সর্ব্বে বিকৃতলাঙ্গূলাঃ সর্ব্বে দংষ্ট্রনখায়ুধাঃ।

সর্ব্বে বিকৃতচিত্রাঙ্গাঃ সর্ব্বে চ বিকৃতাননাঃ ॥ ৪০ ॥

৩৮। লো-টী। রামস্য অদূরাৎ নিকটে পশ্চিমেন দিগ্বিভাগেন বিশিষ্টঃ। বহুবলান্বিতঃ 'বহুবলানুগ' ইতি বা পাঠঃ।

৩৯। লো-টী। শার্দ্দূলা ইব দংষ্ট্রিণঃ সিংহা ইব। দ্রুমশৈলাগ্রান্ দ্রুমান্ শৈলাগ্রান্ শিখরান্। 'শিরোঽগ্রং শিখরং বা না' ইত্যমরঃ। অগ্রানিতি পুংস্ত্বমার্ষম্। যদ্বা, দ্রুমশৈলয়োরগ্রান্ প্রধানান্ দ্রুমান্ শৈলাংশ্চ। 'অগ্রং প্রধানেঽপ্যধিকে প্রথমে চাভিধেয়বদি'তি কোষঃ।

৪০। লো-টী। বিকৃতানি বিকারং সঞ্চালনং প্রাপিতানি লাঙ্গূলানি যৈস্তে। বিকৃতানি যুদ্ধবিহারোৎসুকানি চিত্রাণি নানাবিধানি অঙ্গানি যেষাং তে। 'বিকৃতে'তি (?) পাঠে বিকৃতানি হ্রস্বদীর্ঘস্থূলানি রূপাণি চিত্রয়া মায়য়া অঙ্গানি যেষাং তে। 'মায়ায়াং সর্পনক্ষত্র-নদীভেদেষু যোষিতী'তি কোষঃ।

রামের আদেশে সুগ্রীব বিভীষণের সহিত মিলিত হইয়া প্রত্যেক দ্বারে কোটি কোটি বানর সন্নিবেশিত করিলেন ॥ ৩৭ ॥

সুষেণ জাম্ববানের সহিত রামের নিকটে পশ্চিমদিক্‌স্থিত মধ্যম গুল্মে বহু সৈন্য-সমভিব্যাহারে অবস্থান করিলেন ॥ ৩৮ ॥

বৃহদ্দন্তযুক্ত ব্যাঘ্রের ন্যায় সেই প্রধান বানরগণ বৃক্ষ এবং পর্ব্বতশিখর গ্রহণ করিয়া আনন্দের সহিত যুদ্ধ করিতে উপস্থিত হইলেন ॥ ৩৯ ॥

তাঁহাদের সকলেরই লাঙ্গুল চঞ্চল এবং সকলেরই দন্ত এবং নখ প্রধান অস্ত্র, সকলেরই শরীর বিকৃত ও বিচিত্র এবং সকলেই বিকৃতবদন ॥ ৪০ ॥

১। ছ 'সুগ্রীবঃ'।

সর্ব্বে চৈব[১] কৃতোৎসাহাঃ সর্ব্বে দেবপরাক্রমাঃ[২]।
দশনাগবলাঃ কেচিৎ কেচিদ্দশগুণোত্তরাঃ।
কেচিন্নাগসহস্রস্য বভূবুস্তুল্যবিক্রমাঃ ॥ ৪১ ॥
সন্তি চৌঘবলাঃ কেচিৎ কেচিদ্বায়ুবলোপমাঃ[৩]।
অপ্রমেয়বলাশ্চান্যে তত্রাসন্ হরিযূথপাঃ ॥ ৪২ ॥
অদ্ভুতশ্চ বিচিত্রশ্চ তেষামাসীৎ সমাগমঃ।
তত্র বানরসৈন্যানাং শলভানামিবোদ্গমঃ ॥ ৪৩ ॥
পরিপূর্ণমিবাকাশং প্রচ্ছন্নেব চ মেদিনী।
লঙ্কামুপনিবিষ্টৈশ্চ সম্পতদ্ভিশ্চ বানরৈঃ ॥ ৪৪ ॥

৪১। লো-টী। বিশেষেণ হৃতো রক্ষসাং যুদ্ধোৎসাহো যৈস্তে। 'বিকৃতে'তিপাঠে বিশেষেণ কৃতো রামস্য উৎসাহো যৈস্তে। দশানাং নাগানাং হস্তিনাং বলমিব বলং যেষাং তে, দশনাগানাং বলাদপি দশগুণম্ উত্তরম্ উত্তমং বলং যেষাং তে। সমবিক্রমাস্তুল্যবিক্রমা ইতি বা পাঠঃ।

৪২। লো-টী। ওঘবলাঃ জলবেগতুল্যবলাঃ, অনিবারিতবেগা ইত্যর্থঃ। বায়ুবলোপমাঃ বায়ুবলং স্ববলে উপমা যেষাং তে।

৪৩। লো-টী। তত্র লঙ্কায়াং তেষাং সমাগমঃ সম্যগাগমনং মিলনং বা শলভানামুদ্গম ইব অদ্ভুত আশ্চর্য্যরূপঃ বিচিত্রো নানাবিধঃ।

৪৪। লো-টী। যথা শলভৈঃ পরিপূর্ণমাকাশং তথা লঙ্কামুপনিবিষ্টৈর্বানরৈর্মহী চ্ছন্না।

সকল বানরই উৎসাহসম্পন্ন এবং সকলেই দেবতার ন্যায় পরাক্রমশালী; কোন কোন বানর দশ হস্তীর, কেহ কেহ শত হস্তীর এবং কেহ কেহ সহস্র হস্তীর তুল্য পরাক্রমশালী ছিলেন ॥ ৪১ ॥

কতক বানর জলপ্রবাহের ন্যায় বেগবান্, কতক বানর বায়ুতুল্য বলশালী এবং অপরাপর বানরদলাধিপতিগণ অপরিমিত বলশালী ছিলেন ॥ ৪২ ॥

পতঙ্গগণের উত্থানের ন্যায় সেখানে সেই বানরগণের সমাগম অদ্ভুত এবং আশ্চর্য্যজনক হইয়াছিল ॥ ৪৩ ॥

লঙ্কায় অবস্থিত বানরগণের দ্বারা পৃথিবী যেন সমাচ্ছন্ন হইল এবং উল্লম্ফনকারী বানরবৃন্দে গগনমণ্ডল যেন পরিপূর্ণ হইল ॥ ৪৪ ॥

১। ছ 'রণকৃতোৎসাহাঃ'। ২। ছ '-দৃষ্ট-'। ৩। ছ 'সন্তি বায়ু-'।

শতং শতসহস্রাণাং বানরাণাং পৃথক্ পৃথক্।
লঙ্কাদ্বারাণ্যুপাজগ্মুঃ[১] সর্ব্বাণি তু সমন্ততঃ।
অন্যে ত্বন্যেষু[২] দেশেষু সংন্যস্তাশ্চ[৩] মহাবলাঃ ॥ ৪৫ ॥
সংচ্ছন্না নগরী লঙ্কা তৈঃ সমস্তৈঃ[৪] প্লবঙ্গমৈঃ।
অযুতানাং সহস্রন্তু[৫] লঙ্কাং তামভ্যবর্ত্তত[৬] ॥ ৪৬ ॥
বানরৈর্বলবদ্ভিশ্চ বভূব দ্রুমপাণিভিঃ।
সর্ব্বতঃ সংবৃতা লঙ্কা দুষ্প্রবেশাপি বায়ুনা ॥ ৪৭ ॥
মহান্ শব্দোঽভবৎ তত্র বলৌঘস্যাভিবর্দ্ধতঃ।
সাগরস্য হি ভিন্নস্য যথা স্যাৎ সলিলস্বনঃ ॥ ৪৮ ॥

৪৫। লো-টী। শতং শতসহস্রাণাম্। 'শতং শতসহস্রাণী'তি ক্বচিৎ পাঠঃ। 'সর্ব্বাণি তু সমন্ততঃ', 'অন্যে জগ্মুঃ সমন্তত' ইতি বা পাঠঃ।

৪৬। লো-টী। সংচ্ছন্না আচ্ছাদিতা। অভ্যবর্ত্তত অভি লক্ষ্যীকৃত্য অবর্ত্তত। 'অত্যবর্ত্তত' ইতি পাঠে অতিক্রম্য।

৪৮। লো-টী। অভিবর্দ্ধতঃ অভিবর্দ্ধমানস্য, 'অভিনর্দ্দত' ইতি ক্বচিৎ পাঠঃ। ভিন্নস্য সাগরান্তরং সঙ্গতস্য। 'ভিন্নং স্যাদ্রিষু দারিতে। সংগতেঽন্যত্র ফুল্লে চে'তি কোষঃ।

কোটিসংখ্যক বানর পৃথক্ পৃথক্‌ভাবে চতুর্দ্দিকে লঙ্কানগরীর সমস্ত দ্বারে উপস্থিত হইল এবং অন্যান্য মহাবলশালী বানরগণ বিভিন্নস্থানে অবস্থান করিতে লাগিল ॥ ৪৫ ॥

সেই সমস্ত বানরদ্বারা লঙ্কানগরী সমাচ্ছন্ন হইল এবং এক কোটি বানর লঙ্কার অভিমুখে অবস্থান করিতে লাগিল ॥ ৪৬ ॥

বায়ুরও যেখানে প্রবেশ কষ্টকর, সেই লঙ্কানগরীকে বলবান্ বানরগণ বৃক্ষ হস্তে চতুর্দ্দিক্ হইতে আচ্ছাদিত করিল ॥ ৪৭ ॥

সাগরান্তরে পতিত বর্দ্ধমান (উচ্ছ্বসিত) সাগরের যেরূপ জল-কল্লোল হয়, সেখানে সৈন্যসমূহের সেইরূপ ভীষণ শব্দ উত্থিত হইল ॥ ৪৮ ॥

১। ছ '-রন্যে জগ্মুঃ সমন্ততঃ'। ২। ছ 'ত্বন্যত্র'। ৩। ছ '-স্তাঃ সুমহা-'। ৪। ছ 'সমস্তাৎ'। ৫। ছ '-স্রঞ্চ'। ৬। ছ 'লঙ্কায়ামভ্য-'।

রাক্ষসা বিস্ময়ং জগ্মুঃ সহসাভিনিপীড়িতাঃ।
বানরৈর্মেঘসঙ্কাশৈঃ শক্রবীর্য্যপরাক্রমৈঃ ॥ ৪৯ ॥
সহস্রৈর্বহুভিশ্চাপি নীলমেঘৌঘসন্নিভৈঃ।
গিরিকূটপ্রমাণৈশ্চ[১] বানরৈরাবৃতা দিশঃ ॥ ৫০ ॥
নির্ঘাত ইব সংজজ্ঞে স বলৌঘস্বনো মহান্।
স যথা শ্রূয়তে শব্দো মথ্যমানস্য তোয়ধেঃ ॥ ৫১ ॥
তেন শব্দেন মহতা সপ্রাকারা সতোরণা।
লঙ্কা প্রচলিতা সর্ব্বা সশৈলবনকাননা ॥ ৫২ ॥
রাক্ষসা বিস্ময়ং জগ্মুঃ প্রাকারাট্টালকাস্থিতাঃ[২]।
তাদৃশান্ কপিলান্ দৃষ্ট্বা বানরানভিতঃ স্থিতান্ ॥ ৫৩ ॥

৪৯। লো-টী। বানরৈরভিনিপীড়িতাঃ।

৫০। লো-টী। বানরৈরাবৃতা দিশঃ।

৫১। লো টী। স্বস্যাত্মনো রামস্য বলৌঘস্বনঃ। 'স বলৌঘস্বনঃ' ইতি পাঠে স সংজজ্ঞে নির্ঘাত ইব; স স্বনঃ যথা জলধেঃ শব্দস্তথা শ্রূয়তে।

ইন্দ্রের ন্যায় পরাক্রমশালী মেঘসদৃশ বানরগণকর্ত্তৃক সহসা নিপীড়িত হইয়া রাক্ষসগণ আশ্চর্য্যান্বিত হইল ॥ ৪৯ ॥

নীলমেঘপুঞ্জসদৃশ পর্ব্বতশিখরপ্রমাণ বহুসহস্র বানরে চতুর্দ্দিক্ আচ্ছন্ন হইল ॥ ৫০ ॥

প্রবল বায়ুর পরস্পরাঘাতজনিত শব্দের ন্যায় সেই সৈন্যসমূহের প্রচণ্ড শব্দ উত্থিত হইল এবং তাহা মন্থনকালীন সমুদ্রের শব্দের ন্যায় শুনা গেল ॥ ৫১ ॥

সেই প্রচণ্ড শব্দে প্রাচীর, তোরণ, পর্ব্বত, বন এবং উপবনের সহিত সমস্ত লঙ্কানগরী কম্পিত হইল ॥ ৫২ ॥

প্রাচীর এবং অট্টালিকাস্থিত রাক্ষসগণ তাদৃশ কপিলবর্ণ বানরদিগকে চতুর্দ্দিকে অবস্থিত দেখিয়া বিস্মিত হইল ॥ ৫৩ ॥

১। ছ '-শৈস্তৈর্ব্বা-'। ২। ছ '-কস্থি-'।

কোটীশতসহস্রৈস্তু[১] অযুতৈরর্ব্বুদৈস্তথা।
শঙ্কুভিশ্চ হরীন্দ্রাণাং রামোঽথ[২] রুরুধে পুরীম্ ॥ ৫৪ ॥
নীহার ইব সংজজ্ঞে সৈন্যানামভিযায়িনাম্।
রজসা সংবৃতঃ সূর্য্যস্তমসেব তদাভবৎ ॥ ৫৫ ॥
প্রচচাল পুরী লঙ্কা সপ্রাকারা সতোরণা।
গুহাশ্চ নেদুঃ শৈলানাং গর্জদ্ভির্হরিযূথপৈঃ ॥ ৫৬ ॥
রামলক্ষ্মণগুপ্তা সা সুগ্রীবেণ চ বাহিনী।
বভূব[৩] দুর্দ্ধর্ষতরা সেন্দ্রৈরপি সুরাসুরৈঃ ॥ ৫৭ ॥
রামস্তু বহুভির্হৃষ্টৈঃ[৪] প্রণদদ্ভিঃ প্লবঙ্গমৈঃ।
সংমন্ত্র্য মন্ত্রিভিঃ কালে নিশ্চিত্য চ পুনঃ পুনঃ ॥ ৫৮ ॥

৫৪। লো-টী। শঙ্কুভিঃ সংখ্যাবিশেষৈঃ।

৫৫। লো-টী। নীহার ইতি, অত্র পঙ্‌ক্তিরিতি শেষঃ। যথা নীহারঃ সর্ব্বমাচ্ছাদ্য সংজজ্ঞে জায়তে, তথা সৈন্যানাং পঙক্তিরিত্যর্থঃ। রজসা ধূল্যা, তমসা রাহুণেব।

৫৭। লো-টী। দুর্দ্ধর্ষতরা অক্ষোভ্যতরা।

শত-সহস্র কোটি, অযুত, অর্ব্বুদ এবং শঙ্কুপরিমাণ বানরের সহিত রামচন্দ্র সেই লঙ্কানগরী অবরুদ্ধ করিলেন ॥ ৫৪ ॥

সৈন্যশ্রেণীর অভিযানে অন্ধকারের ন্যায় ধূলিদ্বারা সূর্য্য আবৃত হইলেন, যেন নীহার (অর্থাৎ কুজ্ঝটিকার) সঞ্চার হইল ॥ ৫৫ ॥

প্রাচীর এবং তোরণের সহিত লঙ্কানগরী কাঁপিতে আরম্ভ করিল এবং পর্ব্বতের গুহাসকল বানরদলপতিদের গর্জ্জনে ধ্বনিত হইল ॥ ৫৬ ॥

সুগ্রীব, রাম ও লক্ষ্মণকর্ত্তৃক রক্ষিত সেই বানরসৈন্য দেবতা এবং অসুরের সহিত ইন্দ্রেরও অধর্ষণীয় হইয়াছিল ॥ ৫৭ ॥

যুদ্ধতত্ত্বজ্ঞ রাম সানন্দে গর্জ্জনকারী বহু বানরমন্ত্রীর সহিত যথাকালে মন্ত্রণা

১। ছ '-শ্চ'। ২। 'রামোঽভিযুযুজে'। ৩। ছ 'তদা বভূব দুর্দ্ধর্ষা'। ৪। ছ '-ভির্দৃষ্টৈ-'।

আনন্তর্য্যমভিপ্রেপ্সুঃ ক্রমযোগার্থতত্ত্ববিৎ।
বিভীষণস্যানুমতে[১] রাজধর্ম্মমনুস্মরন্।
অঙ্গদং বালিতনয়ং সমাহূয়েদমব্রবীৎ ॥ ৫৯ ॥

গচ্ছ সৌম্য দশগ্রীবং ব্রূহি মদ্বচনাদিদম্।
লঙ্ঘয়িত্বা পুরীং লঙ্কাং ভয়ং ত্যক্ত্বা গতব্যথঃ।
ভ্রষ্টশ্রীকং গতৈশ্বর্য্যং মুমূর্ষুং নষ্টচেতনম্ ॥ ৬০ ॥

দেবতানামৃষীণাঞ্চ[২] গন্ধর্ব্বাপ্সরসাং তথা।
নাগানামথ যক্ষাণাং রাজ্ঞাঞ্চ রজনীচর ॥ ৬১ ॥

যৎ ত্বয়াপকৃতং[৩] মোহাদবলিপ্তেন রক্ষসা।
তেন[৪] তে জনিতো দর্পো বরদানাৎ স্বয়ম্ভুবঃ ॥ ৬২ ॥

৫৯। লো-টী। ক্রমো যুদ্ধোপক্রমঃ, তত্র যো যোগো যুক্তিস্তম্ (?)। মন্ত্রিণামনুমত্যা প্রাপ্য রাজধর্ম্মঞ্চানুস্মরন্ আনন্তর্য্যং দূতপ্রস্থাপনং যুদ্ধোপক্রমস্যানন্তরকার্য্যং দূতপ্রস্থাপনম্ অভিপ্রেপ্সুশ্চিকীর্ষুঃ। অঙ্গদং সমাহূয় রাম ইদমব্রবীদিতি সার্দ্ধদ্বয়েনান্বয়ঃ।

করিয়া পুনঃ পুনঃ সিদ্ধান্ত করত পরবর্ত্তী কর্ত্তব্য সম্পাদনের ইচ্ছায় রাজধর্ম্ম স্মরণ করিয়া বিভীষণের অভিপ্রায়ে বালিপুত্র অঙ্গদকে ডাকিয়া ইহা বলিলেন—॥ ৫৮-৫৯ ॥

হে সৌম্য, লঙ্কানগরীর প্রাচীর লঙ্ঘন করিয়া পরিশ্রমজনিত ক্লেশ দূর করত নির্ভয়ে ভ্রষ্টশ্রী ঐশ্বর্য্যবিহীন মুমূর্ষু চেতনাশূন্য দশাননের নিকটে যাইয়া আমার কথানুসারে এইরূপ বল— ॥ ৬০ ॥

হে রাক্ষস, তুমি ব্রহ্মার বরদানে গর্ব্বিত হইয়া মোহবশতঃ দেবতা, ঋষি, গন্ধর্ব্ব, অপ্সরা, নাগ, যক্ষ এবং রাজাদের যে অপকার করিয়াছ, তাহাতে তোমার অহঙ্কার জন্মিয়াছে ॥ ৬১-৬২ ॥

১। ছ '-স্যাভিমতে'। ২। ছ 'মুনীনাং দেবতানাঞ্চ'। ৩। ছ '-সঃ'। ৪। ছ 'মুনং তে'।

১ ২
তস্য দণ্ডধরস্তেঽহং দারাহরণরোষিতঃ।
দণ্ডং ধারয়িতুং শক্তো লঙ্কাদ্বারি ব্যবস্থিতঃ ॥ ৬৩ ॥
পদবীং দেবতানাঞ্চ মহর্ষীণাঞ্চ রাক্ষস।
রাজর্ষীণাঞ্চ সর্ব্বেষাং গমিষ্যামি যুধি স্থিতঃ ॥ ৬৪ ॥
৩ ৪ ৫
বলেন যেন বৈ সীতাং মায়য়া রাক্ষসাধিপ।
৬
মামতিক্রাময়িত্বা ত্বং হৃতবাংস্তদ্বিদর্শয় ॥ ৬৫ ॥
অরাক্ষসমিমং লোকং করোমি নিশিতৈঃ শরৈঃ।
৭
ন চেচ্ছরণমভ্যেষি মামুপাদায় মৈথিলীম্ ॥ ৬৬ ॥

৬৫-৬৬। লো-টী। মায়য়া বলেন মায়ারূপবলেন মামপক্রম্য মারীচদ্বারেণ তস্মাৎ কাননাৎ নিঃসার্য্য, যেন তৎ ত্বয়া সা ইহানীতা অতোঽরাক্ষসমিত্যাদি। অভ্যেতি, 'অভ্যেষী'তি বা পাঠঃ।

ভার্য্যার অপহরণে ক্রুদ্ধ হইয়া শক্তিশালী দণ্ডধর আমি সেই তোমার দণ্ডদানার্থে লঙ্কাদ্বারে অবস্থান করিতেছি ॥ ৬৩ ॥

হে রাক্ষস, আমি যুদ্ধক্ষেত্রে অবস্থান করিয়া সমস্ত দেবতা, মহর্ষি এবং রাজর্ষিদিগের মর্য্যাদা লাভ করিব ॥ ৬৪ ॥

হে রাক্ষসরাজ, তুমি যে মায়াবলে আমাকে অপসারিত করিয়া সীতাকে হরণ করিয়াছ, [এক্ষণে] সেই বল প্রদর্শন কর ॥ ৬৫ ॥

হে রাক্ষসরাজ, যদি তুমি মিথিলারাজনন্দিনী সীতাকে লইয়া আমার শরণাগত না হও, তবে আমি তীক্ষ্ণ শরদ্বারা এই জগৎকে রাক্ষসশূন্য করিব ॥ ৬৬ ॥

১। ছ '-ধরোঽস্ত্যহং'। ২। ছ '-পীড়িতঃ'। ৩। ছ 'তে'। ৪। ছ 'সীতা'। ৫। ছ '-ধম'। ৬। ছ 'মামপাক্রম্য সা তস্মাদানীতা কাননাদিহ'। ৭। ছ 'সমু-'।

লঙ্কৈশ্বর্য্যং পরিত্যজ্য হৃতরাজ্যো হৃতাসনঃ।
রক্ষস্ব জীবিতং মূঢ় মম নির্য্যাত্য মৈথিলীম্ ॥ ৬৭ ॥
ধর্ম্মাত্মা রক্ষসাং শ্রেষ্ঠঃ সম্প্রাপ্তোঽয়ং বিভীষণঃ।
লঙ্কৈশ্বর্য্যং মহদ্ধীমান্ মদ্‌গুপ্তঃ পালয়িষ্যতি ॥ ৬৮ ॥
ন হি রাজ্যমধর্ম্মেণ ভোক্তুং চিরমিহ ত্বয়া।
শক্যং মূর্খসহায়েন দুষ্টেনাবিজিতাত্মনা ॥ ৬৯ ॥
যুধ্যস্বার্য্যাং মতিং কৃত্বা শৌর্য্যমালম্ব্য রাক্ষস।
মচ্ছরৈস্ত্বং ততঃ শান্তো হতঃ পূতো ভবিষ্যসি ॥ ৭০ ॥
যদ্যাবিশসি লোকাংস্ত্রীন্ পক্ষী ভূত্বা মনোজবঃ।
মম চক্ষুঃপথং প্রাপ্য নৈব জীবন্ গমিষ্যসি ॥৭১ ॥

৬৭। লো-টী। হৃতাসনঃ হৃতসিংহাসনঃ। নির্য্যাত্য দত্ত্বা, ঐশ্বর্য্যাদিভ্যোঽপি জীবিতস্য প্রেয়স্ত্বাদিত্যর্থঃ।

৭০। লো-টী। হতো বিদ্ধস্ততঃ শান্তঃ মৃতঃ, ততঃ পূতো ভবিষ্যসি।

হে মূঢ়, তুমি লঙ্কার ঐশ্বর্য্য পরিত্যাগ করিয়া হৃতরাজ্য এবং হৃতসিংহাসন হইয়া মৈথিলীকে আমার নিকট অর্পণ করত জীবন রক্ষা কর ॥ ৬৭ ॥

রাক্ষসদিগের মধ্যে শ্রেষ্ঠ ধর্ম্মাত্মা বুদ্ধিমান্ এই বিভীষণ আমাকর্ত্তৃক রক্ষিত হইয়া লঙ্কার বিপুল ঐশ্বর্য্য উপভোগ করিবেন ॥ ৬৮ ॥

দুর্জ্জন ও অজিতেন্দ্রিয় তুমি মূর্খের সাহায্যে অধর্ম্মদ্বারা চিরকাল রাজ্য ভোগ করিতে পার না ॥ ৬৯ ॥

হে রাক্ষস, তুমি [দুর্বুদ্ধি পরিত্যাগ করিয়া] সদভিপ্রায়ে বীরত্ব অবলম্বন-পূর্ব্বক যুদ্ধ কর, পরে আমার শরদ্বারা বিদ্ধ হইয়া মরিয়া পবিত্র হইবে ॥ ৭০ ॥

মনের ন্যায় গতিশীল পক্ষী হইয়া স্বর্গ-মর্ত্ত-পাতালে প্রবেশ করিলেও আমার দৃষ্টিপথে আসিয়া জীবন লইয়া যাইতে পারিবে না ॥ ৭১ ॥

ব্রবীমি ত্বাং হিতং বাক্যং ক্রিয়তামৌর্দ্ধদেহিকম্।

[১]
সুদৃষ্টা ক্রিয়তাং লঙ্কা জীবিতং তে সুদুর্লভম্ ॥ ৭২ ॥

ইত্যুক্তঃ স তু তারেয়ো রামেণাক্লিষ্টকর্ম্মণা।

জগামাকাশমাবিশ্য মূর্ত্তিমানিব পাবকঃ ॥ ৭৩ ॥

[২]
সোঽভিপত্য মুহূর্ত্তেন শ্রীমান্ রাবণমন্দিরম্।

[৩]
দদর্শাসীনমস্বস্থং রাবণং সচিবৈঃ সহ ॥ ৭৪ ॥

[৪]
ততস্তস্যাবিদূরেঽসৌ নিপত্য হরিযুথপঃ।

তস্থৌ দীপ্তহুতাশাভঃ সোঽঙ্গদঃ কনকাঙ্গদঃ ॥ ৭৫ ॥

৭২। লো-টী। সুদৃষ্টা সুষ্ঠু বারং বারং দৃষ্টা ক্রিয়তামিত্যর্থঃ। 'জীবিতং তে সুদুর্লভং' 'জীবিতং তে ময়ি স্থিত'মিতি বা পাঠঃ।

৭৪। লো-টী। অস্বস্থম্ অপ্রকৃতিস্থম্।

৭৫। লো-টী। নিপত্য পতিত্বা।

তোমাকে হিতকথা বলিতেছি যে, তুমি উত্তমরূপে লঙ্কা পরিদর্শন কর এবং [স্বীয়] পারলৌকিক শ্রাদ্ধাদি [এখনই] সম্পন্ন কর; তোমার জীবন সুদুর্লভ। (অর্থাৎ লঙ্কা রাক্ষসশূন্য হইলে শ্রাদ্ধাদি অসম্ভব এবং তুমি মরিয়া গেলে পুনরায় লঙ্কার সৌন্দর্য্য দেখিতে পাইবে না) ॥ ৭২ ॥

অক্লিষ্টকর্ম্মা রাম তারাপুত্র অঙ্গদকে এইরূপ বলিলে মূর্ত্তিমান্ অগ্নির ন্যায় অঙ্গদ আকাশপথে গমন করিলেন ॥ ৭৩ ॥

শ্রীমান্ অঙ্গদ মুহূর্ত্তমধ্যে রাবণগৃহে পতিত হইয়া মন্ত্রিগণের সহিত অপ্রকৃতিস্থ রাবণকে উপবিষ্ট অবস্থায় দেখিতে পাইলেন ॥ ৭৪ ॥

স্বর্ণকেয়ূরধারী বানরদলাধিপতি প্রজ্বলিত অগ্নির তুল্য অঙ্গদ রাবণের অদূরে অবতীর্ণ হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ৭৫ ॥

১। ছ 'ময়ি তে স্থিতম্'। ২। ছ '-পত্য'। ৩। ক '-মব্যগ্রং'। ৪। ছ '-পুঙ্গবঃ'।

স তদ্রামবচঃ সর্ব্বমন্যূনাধিকমুত্তমম্ ।
সামাত্যং শ্রাবয়ামাস নিবেদ্যাত্মানমাত্মনা ॥ ৭৬ ॥
দূতোঽহং কোশলেন্দ্রস্য রামস্যাক্লিষ্টকর্ম্মণঃ।
বালিপুত্রোঽঙ্গদো নাম যদি তে শ্রোত্রমাগতঃ ॥ ৭৭ ॥
আহ ত্বাং রাঘবো রামঃ কৌশল্যানন্দিবর্দ্ধনঃ।
নিষ্পত্য[১] যুধি যুধ্যস্ব নৃশংস পুরুষো ভব ॥ ৭৮ ॥
অহং হন্তা সহামাত্যং সপুত্রভ্রাতৃবান্ধবম্ ।
নিরুদ্বিগ্নাস্ত্রয়ো লোকা ভবিষ্যন্তি হতে ত্বয়ি ॥ ৭৯ ॥
দেবদানবযক্ষাণাং গন্ধর্ব্বোরগরক্ষসাম্ ।
ত্বাং শক্রমুদ্ধরিষ্যামি সায়কৈরনলপ্রভৈঃ[২] ॥ ৮০ ॥

৭৮। লো-টী। সদৃশমাত্মনঃ সদৃশং যথা। 'নৃশংসে'তি বা পাঠঃ।
৭৯। লো-টী। হন্তা হনিষ্যামীত্যর্থঃ।
৮০। লো-টী। উদ্ধরিষ্যামি উন্মূলয়িষ্যামি।

অঙ্গদ নিজেই নিজের পরিচয় প্রদান করিয়া সেই রামবাক্য যথাযথভাবে অমাত্যগণপরিবৃত রাবণকে শুনাইলেন—॥ ৭৬ ॥

"আমি অক্লিষ্টকর্ম্মা কোশলরাজ রামচন্দ্রের দূত বালিপুত্র অঙ্গদ, সম্ভবতঃ আপনি আমার কথা শুনিয়া থাকিবেন ॥ ৭৭ ॥

কৌশল্যার আনন্দবর্দ্ধক রঘুবংশজাত রামচন্দ্র আপনাকে বলিয়াছেন যে, 'হে নৃশংস, নগর হইতে বহির্গত হইয়া যুদ্ধক্ষেত্রে যুদ্ধ করিয়া পুরুষত্ব প্রকাশ কর ॥ ৭৮ ॥

আমি অমাত্য, পুত্র, ভ্রাতা ও বন্ধুগণের সহিত তোমাকে বধ করিব এবং তুমি মরিলে ত্রিভুবন নিরুদ্বিগ্ন হইবে ॥ ৭৯ ॥

তুমি দেবতা, দানব, যক্ষ, গন্ধর্ব্ব, উরগ এবং রাক্ষসদিগের শত্রু; আমি তোমাকে অগ্নিসদৃশ বাণদ্বারা উন্মূলিত করিব ॥ ৮০ ॥

১। ছ 'নিষ্পত্য'। ২। ছ 'শায়-'।

ন চেৎ সৎকৃত্য বৈদেহীং প্রণিপত্য প্রদাস্যসি।

বিভীষণায় হত্বা ত্বাং রাজ্যং দাস্যামি রাবণ ॥ ৮১ ॥

অথৈবং[১] পরুষং বাক্যং[২] ব্রুবাণে হরিপুঙ্গবে।

ক্রোধেন মহতাবিষ্টো রাবণো লোকরাবণঃ ॥ ৮২ ॥

অতিরোষাতিতাম্রাক্ষঃ শশাস সচিবাংস্তদা।

গৃহ্যতামেষ দুর্ম্মেধাঃ শাস্যতামিতি চাসকৃৎ ॥ ৮৩ ॥

রাবণস্য বচঃ শ্রুত্বা দীপ্তাগ্নিসমতেজসঃ।

জগৃহুস্তং তদা ঘোরাশ্চত্বারো রজনীচরাঃ ॥ ৮৪ ॥

গ্রাহয়ামাস তারেয়ঃ স্বয়মাত্মানমাত্মনা।

বলং দর্শয়িতুং বীরো যাতুধানবলে তদা ॥ ৮৫ ॥

৮৩। লো-টী। গৃহ্যতাং শাস্যতামিতি চাসকৃৎ শশাস উক্তবানিত্যন্বয়ঃ।

হে রাবণ, যদি তুমি প্রণাম করিয়া সৎকারপূর্ব্বক বিদেহরাজনন্দিনী সীতাকে প্রদান না কর, তবে তোমাকে বধ করিয়া বিভীষণকে রাজ্য প্রদান করিব” ॥ ৮১ ॥

বানরশ্রেষ্ঠ অঙ্গদ এইরূপ কঠোর বাক্য বলিলে ত্রিভুবনের উদ্বেগজনক রাবণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া রোষকষায়িত লোচনে মন্ত্রীদিগকে পুনঃ পুনঃ বলিলেন যে, ‘এই দুষ্টবুদ্ধি বানরকে ধরিয়া শাস্তি প্রদান কর’ ॥ ৮২-৮৩ ॥

প্রজ্বলিত অগ্নিসদৃশ তেজস্বী রাবণের বাক্য শ্রবণ করিয়া ভীষণাকৃতি চারিজন রাক্ষস অঙ্গদকে ধরিল ॥ ৮৪ ॥

তারাপুত্র বীর অঙ্গদ রাক্ষসসৈন্যদিগের মধ্যে শক্তি দেখাইবার জন্য নিজেই নিজকে ধরিবার সুযোগ দিলেন ॥ ৮৫ ॥

১। ক ‘-নং’। ২। ছ ‘শব্দং’।

স তান্ বাহুদ্বয়ে সক্তানাদায় পতগানিব।

প্রাসাদং শৈলসঙ্কাশমুৎপপাত তদাঙ্গদঃ ॥ ৮৬ ॥

অন্তরীক্ষাদ্বিনির্ধূতাস্তস্য বেগেন রাক্ষসাঃ।

ভূমৌ নিপতিতাঃ সর্ব্বে বিসংজ্ঞা নষ্টচেতসঃ ॥ ৮৭ ॥

প্রাসাদশিখরং শ্রীমানঙ্গদস্তু পদাহনৎ।

ন্যপতৎ তৎ পদাক্রান্তং দশগ্রীবস্য পশ্যতঃ ॥ ৮৮ ॥

ভঙ্ক্ত্বা প্রাসাদশিখরং নাম বিশ্রাব্য চাত্মনঃ।

রাজা জয়তি সুগ্রীবো বানরাধিপতির্বলী ॥ ৮৯ ॥

তথা দাশরথী রামো লক্ষ্মণশ্চ মহাবলঃ।

বিভীষণশ্চ ধর্ম্মাত্মা রাজা রাক্ষসপুঙ্গবঃ ॥ ৯০ ॥

৮৬। লো-টী। সক্তান্ আসক্তান্।

৮৭। লো-টী। বিনির্ধূতাঃ ক্ষিপ্তাঃ। বিসংজ্ঞা বিস্মৃতনামানঃ।

৮৮। লো-টী। পশ্যতঃ সমক্ষমিত্যর্থঃ।

অঙ্গদ বাহুদ্বয়ে আসক্ত সেই রাক্ষসদিগকে পক্ষীর ন্যায় গ্রহণ করিয়া পর্ব্বত-সদৃশ উচ্চ অট্টালিকার উপরে আরোহণ করিলেন ॥ ৮৬ ॥

অঙ্গদের বেগে কম্পিত হইয়া সেই রাক্ষসগণ সকলেই অন্তরীক্ষ হইতে ভূতলে পতিত হইল এবং সংজ্ঞাহীন ও নিরুৎসাহ হইল ॥ ৮৭ ॥

শ্রীমান্ অঙ্গদ প্রাসাদশিখরে পদাঘাত করিলেন। রাবণের সমক্ষেই সেই পদাহত শিখর নিপতিত হইল ॥ ৮৮ ॥

অঙ্গদ অট্টালিকার শিখর ভগ্ন করিয়া, স্বীয় নাম উচ্চৈঃস্বরে শ্রবণ করাইয়া—'বানরাধিপতি বলবান্ রাজা সুগ্রীবের জয়, দশরথনন্দন রাম ও মহাবীর লক্ষ্মণের জয়, ধর্ম্মাত্মা রাক্ষসপুঙ্গব রাজা বিভীষণ যুদ্ধে তোমাকে

১। ছ 'নিঃসংজ্ঞা'। ২। ছ '-ত্তৎ পদাহনৎ'। ৩। ছ 'উৎপপাত পদা-'। ৪। ছ 'স চ'। ৫। ছ -'রথঃ'।

১
লঙ্কৈশ্বর্য্যং মহৎ প্রাপ্তা ত্বাং হত্বা রাবণং রণে।
২
আস্ফোটয়ৎ তদা হৃষ্টঃ পুনরাপুপ্লুবে ততঃ ॥ ৯১ ॥

সকাশং কোশলেন্দ্রস্য রামস্য চ মহাত্মনঃ।
সুগ্রীবস্য চ তৎ সর্ব্বং সমাগম্য ন্যবেদয়ৎ ॥ ৯২ ॥

শ্রুত্বা রামস্তু তদ্বাক্যমঙ্গদস্য মুখাচ্চ্যুতম্।
৩
বিস্ময়ং পরমং প্রাপ যুদ্ধায় চ মনো দধে ॥ ৯৩ ॥

৯১। লো-টী। প্রাপ্তা প্রাপ্স্যতি। 'প্রাপ্ত'মিতিপাঠে তেন প্রাপ্তমিতি সিদ্ধবন্নির্দ্দেশঃ।
[লো-টী।] আচক্রমে ততঃ 'লভ' ইতি বা পাঠঃ। আত্মধর্ষাৎ পরাভবাৎ। রত্ন-সারঃ রত্নশ্রেষ্ঠম্।

বধ করিয়া লঙ্কার বিশাল ঐশ্বর্য্য লাভ করিবেন' এইরূপ বলিয়া আস্ফালন করিতে লাগিলেন এবং আনন্দিত চিত্তে পুনরায় সেই স্থান হইতে আগমন করিলেন ॥ ৮৯-৯১ ॥

এবং কোশলরাজ মহাত্মা রামচন্দ্র ও সুগ্রীবের সমীপে আগমন করিয়া সেই সমস্তই নিবেদন করিলেন ॥ ৯২ ॥

রামচন্দ্র অঙ্গদের মুখে সেই সব কথা শ্রবণ করিয়া অতিশয় বিস্মিত হইলেন এবং যুদ্ধ করিতে উৎসুক হইলেন ॥ ৯৩ ॥

১। ছ 'প্রাপ্তং'। ২। ছ-পুস্তকে ইতঃ প্রভৃতি চতুর্ব্বতিতমশ্লোকপর্য্যন্তস্থানে 'আস্ফোটয়ংস্তদা হৃষ্টো বিনদ্য চক্রমে পুনঃ। উবাচ বচনঞ্চেদং তারেয়ো বালিনঃ সুতঃ॥ রামেণৈব প্রতিজ্ঞাতং দুরাত্মন্ নিধনং তব। তেন তে নিধনং নাদ্য করোমি বলবানপি॥ ক্রমমাণস্তু সন্ধ্যার্থং পিতা মে চতুরর্ণবান্। যস্ত্বামাদায় কক্ষেণ ব্যচরদ্ ভূমিমণ্ডলম্॥ যো বিভেদৈকবাণেন তাদৃশং পিতরং মম। কবন্ধঞ্চ বিরাধঞ্চ মারীচং খরদূষণৌ॥ তস্যাগ্রতো রণে মূঢ় ত্বং সিংহস্যেব জম্বুকঃ। ইত্যুক্ত্বা বচনং বীরো ননাদ নদতাং বরঃ॥ বায়ুবেগং সমাস্থায় রাবণস্য ততোঽঙ্গদঃ। জগ্রাহ মুকুটং বীরঃ পাদমাদায় মস্তকে॥ অঙ্গদেন পদাক্রান্তো রেজে সংসদি রাবণঃ। ত্রিবিক্রমক্রমাক্রান্তো বলির্বৈরোচনির্যথা॥ অঙ্গদঃ পুনরাগত্য ববন্দে চরণৌ ততঃ। সুগ্রীবস্য চ রামস্য লক্ষ্মণস্য তথৈব চ॥ মুকুটং রাক্ষসেন্দ্রস্য রাঘবায় ন্যবেদয়ৎ। তদ্দৃষ্ট্বা মুকুটং রামো রত্ন-সানুবিভূষিতম্। আববন্ধ মহাবাহু রাবণানুজমস্তকে॥ সাধু সাধু মহাবাহো যস্য তে বলমীদৃশম্। নৈতৎ কর্ম্ম করিষ্যন্তি দেবা অপি সপন্নগাঃ॥ প্রহস্যাঙ্গদমাভাষ্য সম্বজে চ বিভীষণঃ। দদৃশুর্ব্বানরা বীরা ভীষণঞ্চ বিভীষণম্। মুকুটেন প্রকাশন্তং ত্রিশৃঙ্গমিব পর্ব্বতম্।' ইতি পাঠঃ। ৩। ছ 'প্রাপ্য'।

রাবণস্তু পরং চক্রে ক্রোধং প্রাসাদধর্ষণাৎ।
বিনাশং চাত্মনঃ পশ্যন্ নিঃশ্বাসপরমোঽভবৎ ॥ ৯৪ ॥
রামস্তু বহুভির্হৃষ্টৈর্বিনদদ্ভিঃ প্লবঙ্গমৈঃ।
বৃতো রিপুবধাকাঙ্ক্ষী যুদ্ধায়ৈবাভ্যবর্ত্তত ॥ ৯৫ ॥
সুষেণস্তু মহাবীর্য্যো গিরিকূটোপমো বলী।
বহুভিঃ সংবৃতস্তত্র হরিভিঃ কামরূপিভিঃ ॥ ৯৬ ॥
দ্বারাণ্যালোক্য সর্ব্বাণি সুগ্রীববচনাৎ কপিঃ।
রামং পর্য্যেতি সংহৃষ্টো হর্ষয়ংস্তাং মহাচমূম্ ॥ ৯৭ ॥
[১]অক্ষৌহিণীশতং তেষাং সমবেক্ষ্য বনৌকসাম্।
[২]লঙ্কামুপনিবিষ্টানাং সাগরং চাতিবর্ত্তিনাম্ ॥ ৯৮ ॥

৯৬। লো-টী। কূটং সমূহঃ।
৯৮। লো-টী। অতিবর্ত্তিনাং সাগরমতিক্রমমাণানাম্।

অট্টালিকা বিধ্বংসনে রাবণ অত্যন্ত ক্রুদ্ধ হইলেন এবং স্বীয় মৃত্যু অবশ্যম্ভাবী জানিয়া নিঃশ্বাস ছাড়িতে লাগিলেন ॥ ৯৪ ॥

এদিকে শত্রুবধাকাঙ্ক্ষী রামচন্দ্র গর্জ্জনকারী বহু উৎফুল্ল বানরে পরিবেষ্টিত হইয়া যুদ্ধের জন্য প্রস্তুত হইলেন ॥ ৯৫ ॥

পর্ব্বতশৃঙ্গসদৃশ বলবান্ মহাবীর সুষেণ সেই স্থানে কামরূপী বহু বানরে পরিবৃত হইয়া সুগ্রীবের আদেশানুসারে সমস্ত দ্বার অবলোকন করত সেই বিশাল সৈন্যসমূহকে আনন্দিত করিয়া সানন্দে রামের সমীপবর্ত্তী হইলেন ॥ ৯৬-৯৭ ॥

সমুদ্র অতিক্রম করিয়া লঙ্কায় উপনিবিষ্ট সেই বানরদিগের শত অক্ষৌহিণী

১। ছ 'তেষামক্ষৌহিণীশতং সম-'। ২। ছ '-মভি-'।

রাক্ষসা বিস্ময়ং জগ্মুস্ত্রাসং জগ্মুস্তথাপরে।
অপরে সমরোদ্ধূতা হর্ষং চৈবাভিপেদিরে ॥ ৯৯ ॥

তাং তু সেনাং নিরীক্ষ্যৈব কপীনাং যুদ্ধকাঙ্ক্ষিণাম্।
লঙ্কামুপনিবিষ্টানাং সমহৃষ্যন্ত রাক্ষসাঃ ॥ ১০০ ॥

কৃৎস্নং হি কপিভির্ব্যাপ্তং প্রাকারপরিখান্তরম্।
দদৃশূ রাক্ষসা দীনাঃ প্রাকারধরণীগতাঃ ॥ ১০১ ॥

কৃৎস্না হি কপিভির্ব্যাপ্তা লঙ্কা রাবণপালিতা।
তিমিরা চাপ্রহৃষ্টা চ নিশেবাসীদ্ বিশাং পতে ॥ ১০২ ॥

৯৯। লো-টী। সমরোদ্ধূতাঃ সমরায় রাবণেন উদ্ধূতা উৎক্ষিপ্তা যোজিতা ইত্যর্থঃ। 'সমরামর্ষা' ইতি বা পাঠঃ।

১০১। লো-টী। প্রাকারং ধরণীঞ্চ গতাঃ। 'প্রকারবড়ভীং গতা' ইতি ক্বচিৎ পাঠঃ।

১০২। লো-টী। তিমিরা তিমিরাবৃতেত্যর্থঃ। 'স্তিমিতে'তিপাঠে নিষ্ক্রিয়া, কৃষ্ণা নিশা কৃষ্ণপক্ষীয়া।

দর্শন করিয়া কতক রাক্ষস বিস্মিত হইল, কতক ভীত হইল এবং যুদ্ধোন্মত্ত অপর রাক্ষসেরা আনন্দিত হইল ॥ ৯৮-৯৯ ॥

রাক্ষসগণ লঙ্কায় উপনিবিষ্ট যুদ্ধাভিলাষী বানরদিগের সেই সমস্ত সৈন্যদিগকে দেখিয়াই আনন্দিত হইল ॥ ১০০ ॥

প্রাচীর এবং ভূমিস্থিত দীন রাক্ষসগণ সমস্ত প্রাচীর এবং পরিখার অন্তরাল বানরবৃন্দে পরিব্যাপ্ত দেখিল ॥ ১০১ ॥

রাবণকর্ত্তৃক সুরক্ষিতা সমস্ত লঙ্কানগরী বানরগণকর্ত্তৃক সমাচ্ছন্ন হইয়া অন্ধকারাবৃত বিষাদপূর্ণ রাত্রির ন্যায় দুর্গম হইয়া উঠিল ॥ ১০২ ॥

১। ছ 'সমরামর্ষাদ্দর্পমেবাভি-'। ২। ছ 'স্তিমিতা'।

১

তস্মিন্ মহাভীষণকে প্রবৃত্তে

কোলাহলে রাক্ষসরাজধান্যাম্ ।

প্রগৃহ্য রক্ষাংসি মহায়ুধানি

যুগান্তবাতা ইব সম্প্রচেরুঃ ॥ ১০৩ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে দূতাঙ্গদপ্রবেশো নাম
ষোড়শঃ সর্গঃ ॥ ১৬ ॥

১০৩। লো-টী। সম্প্রচেরুঃ চঞ্চলা বভূবুঃ।

দূতাঙ্গদপ্রবেশঃ ॥ ১৬ ॥

রাক্ষসদিগের রাজধানী লঙ্কানগরীতে ভীষণ কোলাহল উত্থিত হইলে রাক্ষসগণ বিশাল অস্ত্রসমূহ গ্রহণ করত প্রলয়কালীন বাত্যার ন্যায় ইতস্ততঃ ধাবিত হইতে লাগিল ॥ ১০৩ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে দূতাঙ্গদপ্রবেশ-নামক
১৬শ সর্গ সমাপ্ত ॥ ১৬ ॥

১। ছ 'প্রবর্ত্তিতে'।

(১৭) সপ্তদশঃ সর্গঃ

ততস্তে রাক্ষসাস্ত্রস্তা গত্বা রাবণমন্দিরম্ ।

ন্যবেদয়ন্ পুরীং রুদ্ধাং রামেণ সহ বানরৈঃ ॥ ১ ॥

সংরুদ্ধাং নগরীং শ্রুত্বা জাতক্রোধো নিশাচরঃ ।

বিধানং দ্বিগুণং কৃত্বা প্রাসাদং সমরোহত ॥ ২ ॥

স দদর্শ ততো লঙ্কাং সশৈলবনকাননাম্ ।

অসংখ্যেয়ৈর্হরিবরৈঃ সংরুদ্ধাং যুদ্ধকাঙ্ক্ষিভিঃ ॥ ৩ ॥

স দৃষ্ট্বা[১] বানরৈঃ সর্ব্বং কাননং কপিলীকৃতম্ ।

কথং ক্ষপয়িতব্যাঃ[২] স্যুরিতি চিন্তাপরোঽভবৎ ॥ ৪ ॥

১ । লো-টী । 'গত্বা রাবণমন্দির'মিতি পাঠঃ । 'গত্বা বৈ রাবণান্তিক'মিতি ক্বচিৎ ।

২ । লো-টী । বিধানং পুরীরক্ষণপ্রকারম্ ।

অনন্তর সেই রাক্ষসগণ ভীত হইয়া রাবণের গৃহে যাইয়া নিবেদন করিল যে, বানরগণের সহিত রামচন্দ্র লঙ্কানগরী অবরুদ্ধ করিয়াছেন ॥ ১ ॥

রাবণ লঙ্কানগরী অবরুদ্ধা শ্রবণ করিয়া ক্রুদ্ধ হইয়া লঙ্কারক্ষণের দ্বিগুণ ব্যবস্থা করত প্রাসাদে আরোহণ করিলেন ॥ ২ ॥

[প্রাসাদে আরোহণ করিয়া] তিনি সমরাভিলাষী অসংখ্য বানরপুঙ্গব-দ্বারা পর্ব্বত, উদ্যান এবং কাননের সহিত লঙ্কানগরী অবরুদ্ধা দেখিতে পাইলেন ॥ ৩ ॥

রাবণ বানরগণদ্বারা সমস্ত কানন কপিলবর্ণ হইয়াছে দেখিয়া 'কি প্রকারে বানরগণকে বিনাশ করা যাইবে' এইরূপ চিন্তা করিতে লাগিলেন ॥ ৪ ॥

১ । ছ 'কাননং সর্ব্বং বানরৈঃ' । ২ । ক 'ক্ষয়ঃ' ।

সুচিরং চিন্তয়িত্বা তু ধৈর্য্যমালম্ব্য রাবণঃ।
রাঘবৌ হরিযূথাংশ্চ দদর্শায়তলোচনঃ॥ ৫ ॥
পশ্যতো রাক্ষসেন্দ্রস্য তান্যনীকানি ভাগশঃ
রাঘবপ্রিয়কামানি লঙ্কামারুরুহুস্তদা॥ ৬ ॥
তে তাম্রবক্ত্রা হেমাভা রামার্থে ত্যক্তজীবিতাঃ।
লঙ্কামেবাভ্যধাবন্ত সালতালশিলায়ুধাঃ॥ ৭ ॥
তে দ্রুমৈঃ পর্ব্বতাগ্রৈশ্চ মুষ্টিভিশ্চ মহাবলাঃ।
প্রাকারাগ্রাণ্যশক্যানি মমন্থুস্তোরণানি চ॥ ৮ ॥
পরিখাঃ পূরয়ন্তশ্চ প্রসন্নসলিলোদকাঃ।
পাংশুভিঃ পর্ব্বতাগ্রৈশ্চ সমযুধ্যন্ত বানরাঃ॥ ৯ ॥

৬। লো-টী। পশ্যতঃ পশ্যন্তমনাদৃত্য। 'আরুরুহু'রিতি পাঠঃ, 'আরুরুধু'রিতি বা।

৮। লো-টী। পর্ব্বতাগ্রৈঃ পর্ব্বতশিখরৈঃ। অশক্যানি অন্যৈর্মথিতুমিত্যর্থঃ। তোরণানি মহান্তি দ্বারাণি।

৯। লো-টী। প্রসন্নসলিলোদকাঃ প্রসন্নসলিলানাং স্বচ্ছজলাশয়ানাম্ উদকমিব উদকং যাসাং তাঃ। যদ্বা, প্রসন্নসলিলাঃ উদকাশ্চ উদ্গতমকং দুঃখং যাভ্যঃ তাশ্চ তাশ্চ। 'প্রসন্ন-সলিলাশয়া' ইতি ক্বচিৎ পাঠঃ।

বিশালাক্ষ রাবণ বহুকাল চিন্তা করিয়া ধৈর্য্য অবলম্বন করত রাম, লক্ষ্মণ ও বানরদলকে দেখিতে পাইলেন॥ ৫ ॥

রামচন্দ্রের শুভাকাঙ্ক্ষী সৈন্যগণ রাক্ষসরাজ রাবণের সম্মুখেই দলে দলে লঙ্কার [প্রাচীরের] উপর আরোহণ করিতে লাগিল॥ ৬ ॥

রামের জন্য উৎসর্গীকৃতপ্রাণ সাল, তাল এবং শিলারূপ অস্ত্রবিশিষ্ট তাম্রমুখ হেমকান্তি সেই বানরগণ লঙ্কাভিমুখে দ্রুত গমন করিতে লাগিল॥ ৭ ॥

সেই মহাবলশালী বানরগণ বৃক্ষ, পর্ব্বতশৃঙ্গ এবং মুষ্টিদ্বারা দুর্ভেদ্য প্রাচীর এবং তোরণসমূহ ভগ্ন করিতে লাগিল॥ ৮ ॥

বানরগণ স্বচ্ছ জলাশয়ের ন্যায় জলবিশিষ্ট পরিখাসকল ধূলি এবং পর্ব্বত-শৃঙ্গদ্বারা পূর্ণ করিয়া যুদ্ধ করিতে লাগিল॥ ৯ ॥

১। ছ '-শাল-'। ২। ছ '-ণ্যসক্তানি'। ৩। ছ-'পূর্য্যন্ত'।

এবং সহস্রযূথাশ্চ শতযূথাশ্চ বানরাঃ।

১

কোটীশতগুণাশ্চান্যে লঙ্কামারুরুহুস্তদা ॥ ১০ ॥

২

কাঞ্চনানি প্রমৃদ্নন্তস্তোরণানি প্লবঙ্গমাঃ।

৩

কৈলাসশিখরাভাণি গোপুরাণি প্রমথ্য চ ॥ ১১ ॥

আপ্লবন্তঃ প্লবন্তশ্চ গর্জন্তশ্চ প্লবঙ্গমাঃ।

লঙ্কামেবাভ্যধাবন্ত মহাপর্ব্বতসন্নিভাঃ ॥ ১২ ॥

জয়ত্যতিবলো রামো লক্ষ্মণশ্চ মহাবলঃ।

৪

রাজা জয়তি সুগ্রীবো রাঘবেণাভিপালিতঃ ॥ ১৩ ॥

১০। লো-টী। কোটীনাং শতগুণাঃ সন্তি যেষাং তে অর্শআদিত্বাদচ্। কোটিঃ শত-গুণা অত্রেতি বা।

১১। লো-টী। তোরণানি ক্ষুদ্রদ্বারাণি প্রমৃদ্নন্তঃ ভঞ্জন্তঃ। পুরাণি গৃহাণি। 'পুংনপুংসকং গেহে দেহপাটলিপুত্রয়ো'রিতি কোষঃ।

১২। লো-টী। আপ্লবন্তঃ গগনে উৎপতন্তঃ, প্লবন্তঃ ভূমৌ ধাবন্তঃ।

এইরূপে শত, সহস্র এবং শতকোটী বানরদল তখন লঙ্কার প্রাসাদে আরোহণ করিতে লাগিলেন ॥ ১০ ॥

বিশাল পর্ব্বতসদৃশ বানরগণ সুবর্ণনির্ম্মিত তোরণসমূহ এবং কৈলাসশিখর-সদৃশ নগরদ্বারসমূহ বিদলিত করিয়া গর্জ্জন এবং উল্লম্ফন করিতে করিতে লঙ্কাভিমুখে ধাবিত হইলেন ॥ ১১-১২ ॥

"অত্যন্ত বলশালী রাম, মহাবলশালী লক্ষ্মণ এবং রামচন্দ্রকর্ত্তৃক পালিত রাজা সুগ্রীব জয়যুক্ত হউন" এইরূপ ঘোষণা এবং গর্জ্জন করিতে করিতে

১। ছ '-কৃতা-'। ২। ছ 'প্রমর্দ্দন্ত'। ৩। ছ '-রাণীব তথা হর্ম্ম্যঃপুরাণি চ'। ৪। ছ '-ণাম্ন-'।

১
ইত্যেবং ঘোষয়ন্তশ্চ গর্জন্তশ্চ প্লবঙ্গমাঃ।
অভ্যধাবন্ত লঙ্কায়াঃ প্রাকারং কামরূপিণঃ ॥ ১৪ ॥
২
বীরবাহুঃ সুবাহুশ্চ নলশ্চ বনগোচরঃ।
এতস্মিন্নন্তরে চক্রুঃ স্কন্ধাবারনিবেশনম্ ॥ ১৫ ॥
পূর্ব্বদ্বারং তু কুমুদঃ কোটিভির্দশভির্বৃতঃ।
আবৃত্য বলবাংস্তস্থৌ বানরাণাং মহাত্মনাম্ ॥ ১৬ ॥
দক্ষিণং দ্বারমাশ্রিত্য বীরঃ শতবলিঃ কপিঃ।
আবৃত্য বলবাংস্তস্থৌ কোটিভির্দশভির্বৃতঃ ॥ ১৭ ॥

১৫। লো-টী। স্কন্ধাবারনিবেশনং স্কন্ধং রিপুসৈন্যসমূহম্ আবরয়তি নিবারয়তীতি স্কন্ধাবারঃ সেনাপতিঃ, তস্য নিবেশনং স্থাপনম্। 'স্কন্ধঃ প্রকাণ্ডে কায়ে স্যাদংশে নৃপসমূহয়ো'রিতি ভূরি০। যদ্বা, স্কন্ধাবারঃ কটকং কোঠ ইতি যস্য প্রসিদ্ধিঃ। 'স্কন্ধাবারস্তু কটকে'ইতি হারাবলী।

১৭। লো-টী। আশ্রিত্য গত্বা।

কামরূপী বানরগণ লঙ্কানগরীর প্রাচীরের অভিমুখে দ্রুত গমন করিতে লাগিলেন ॥ ১৩-১৪ ॥

ইতিমধ্যে বানর বীরবাহু, সুবাহু এবং নল সেনাপতি সংস্থাপন করিলেন ॥ ১৫ ॥

মহাবীর কুমুদ প্রধান প্রধান দশকোটী বানরে পরিবেষ্টিত হইয়া পূর্ব্বদ্বার আবৃত করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ১৬ ॥

বীর বানর শতবলি দশকোটী বানরদ্বারা পরিবেষ্টিত হইয়া দক্ষিণ দ্বার অবরোধ করিয়া রহিলেন ॥ ১৭ ॥

১। ছ 'মহাবলাঃ'। ২। ছ 'নর-' (?)।

সুষেণঃ পশ্চিমং দ্বারং গত্বা তারাপিতা হরিঃ।

আবৃত্য বলবাংস্তস্থৌ ষড়্ভিঃ কোটিভিরাবৃতঃ ॥ ১৮ ॥

উত্তরং দ্বারমাসাদ্য[১] রামঃ সৌমিত্রিণা সহ।

আবৃত্য বলবাংস্তস্থৌ সুগ্রীবশ্চ মহাবলঃ ॥ ১৯ ॥

গোলাঙ্গূলো মহারাজো গবাক্ষো ভীমদর্শনঃ।

বৃতঃ কোটীসহস্রেণ তস্থৌ রামস্য পার্শ্বতঃ ॥ ২০ ॥

ঋক্ষাণাং ভীমবেগানাং ধূম্রঃ শত্রুনিবর্হণঃ।

তস্থৌ রামসমীপে তু কোটিভির্দশভির্বৃতঃ ॥ ২১ ॥

গয়ো গবাক্ষো গবয়ঃ শরভো গন্ধমাদনঃ।

ভীমো দধিমুখো বীরঃ কেশরী পনসস্তথা।

এতে হরিবরাশ্চক্রুঃ স্কন্ধাবারস্য রক্ষণম্ ॥ ২২ ॥

২০। লো-টী। গবাং লাঙ্গূলানীব লাঙ্গূলানি যস্য স গোলাঙ্গূলঃ কৃষ্ণমুখো বানরঃ। গোলাঙ্গূলশ্চ কথিতো বিজ্ঞৈঃ কৃষ্ণমুখঃ কপি'রিতি রত্নমালা।

২২। লো-টী। স্কন্ধাবারস্য সেনাপতেঃ।

তারার পিতা বলবান্ বানরপুঙ্গব সুষেণ ছয়কোটী বানরের সহিত গমন করিয়া পশ্চিম দ্বার আবৃত করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ১৮ ॥

বলবান্ রামচন্দ্র এবং মহাবীর সুগ্রীব সুমিত্রানন্দন লক্ষ্মণের সহিত উত্তর দ্বারে গমন করত সেই দ্বার আবৃত করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥ ১৯ ॥

ভীষণাকৃতি গোলাঙ্গূল মহারাজ গবাক্ষ সহস্রকোটী বানরে পরিবৃত হইয়া রামচন্দ্রের পার্শ্বে অবস্থান করিতে লাগিলেন ॥ ২০ ॥

শত্রুসংহারক ধূম্র ভয়ঙ্কর বেগশালী দশকোটী ঋক্ষ-পরিবেষ্টিত হইয়া রামসমীপে অবস্থান করিতে লাগিলেন ॥ ২১ ॥

গয়, গবাক্ষ, গবয়, শরভ, গন্ধমাদন, ভয়ানক বীর দধিমুখ, কেশরী এবং পনস প্রভৃতি প্রধান বানরগণ সেনাপতিকে রক্ষা করিতে লাগিলেন ॥ ২২ ॥

১। ছ '-মাগম্য-'।

সন্নদ্ধস্তু[১] মহাবাহুর্গদাপাণির্বিভীষণঃ[২]।
আজ্ঞাপ্রতীক্ষো রামস্য তস্থৌ পার্শ্বে সকিঙ্করঃ ॥ ২৩ ॥

ততঃ ক্রোধপরীতাত্মা রাবণো রাক্ষসাধিপঃ।
নির্যাণং সর্ব্বসৈন্যানাং দ্রুতমাজ্ঞাপয়ৎ তদা ॥ ২৪ ॥

শূরাস্ততো বিনিষ্পেতুর্হৃষ্টা রাবণচোদিতাঃ ॥
সর্ব্বদ্বারৈরবিচ্ছিন্না[৩] বেগা ইব মহোদধেঃ ॥ ২৫ ॥

এতস্মিন্নন্তরে ঘোরঃ সংগ্রামঃ সমপদ্যত।
রক্ষসাং[৪] বানরাণাঞ্চ যথা দেবাসুরস্তথা ॥ ২৬ ॥

তে গদাভিঃ প্রদীপ্তাভিঃ শূলশক্তিপরশ্বধৈঃ।
নিজঘ্নুর্বানরান্[৫] ঘোরাঃ কথয়ন্তঃ স্বকান্ গুণান্ ॥ ২৭ ॥

২৩। লো-টী। সন্নদ্ধঃ বদ্ধকবচঃ, আজ্ঞাপ্রতীক্ষঃ আজ্ঞায়াঃ প্রতীক্ষা ঈক্ষণং যস্য সঃ। সকিঙ্করঃ চতুর্ভিরমাত্যৈঃ কিঙ্করৈঃ সহ।

২৫। লো-টী। সর্ব্বদ্বারৈঃ সর্ব্বদ্বারেষু অবিচ্ছিন্না বিচ্ছেদশূন্যাঃ।

২৭। লো-টী। স্বকান্ গুণান্ 'অস্মাভির্দেবা অসুরাশ্চ বহবো হতাস্তত্র যূয়ং বানরা হন্তব্যা ইতি কোঽস্মাকং পুরুষকার' ইতি কথয়ন্তঃ।

বর্ম্মপরিহিত বিশালবাহু বিভীষণ অমাত্যচতুষ্টয়ের সহিত গদাহস্তে রামের আদেশপ্রতীক্ষায় তাঁহার পার্শ্বে অবস্থান করিতে লাগিলেন ॥ ২৩ ॥

অনন্তর অতিশয় ক্রুদ্ধ রাক্ষসরাজ রাবণ অতিশীঘ্র সমস্ত সৈন্যদিগকে বাহির হইতে আদেশ দিলেন ॥ ২৪ ॥

রাবণকর্ত্তৃক আদিষ্ট হইয়া বীরগণ আনন্দিত চিত্তে সর্ব্বদ্বার হইতে সমুদ্রের অবিচ্ছিন্ন প্রবাহের ন্যায় বহির্গত হইলেন ॥ ২৫ ॥

ইতিমধ্যে দেবতা এবং অসুরদিগের সংগ্রামের ন্যায় রাক্ষস এবং বানরদিগের ঘোরতর সংগ্রাম আরম্ভ হইল ॥ ২৬ ॥

১। ছ '-শ্চ'। ২। ছ '-বীর্য্যো'। ৩। ছ '-রভিচ্ছ-'। ৪। ছ 'দৈবা-'। ৫। ছ 'ঘোরান্'

তথা বৃক্ষৈর্মহাকায়ৈঃ পর্ব্বতাগ্রৈশ্চ সর্ব্বতঃ।
নিজঘ্নুস্তানি রক্ষাংসি নখৈর্দন্তৈশ্চ বানরাঃ ॥ ২৮ ॥

রাক্ষসাস্ত্বপরে[১] ভীমাঃ প্রাকারস্থা[২] মহীগতান্।
বানরান্ ভিন্দিপালৈশ্চ শক্তিভিশ্চ ব্যদারয়ন্ ॥ ২৯ ॥

বানরাশ্চাপি[৩] সংক্রুদ্ধা রাক্ষসাংস্তান্[৪] মহাবলাঃ।
প্রাকারাৎ পাতয়ামাসুস্তরসাপ্লুত্য মুষ্টিভিঃ ॥ ৩০ ॥

স সম্প্রহারস্তুমুলো মাংসশোণিতকর্দ্দমঃ।
রক্ষসাং বানরাণাঞ্চ সম্বভূবাদ্ভুতোপমঃ ॥ ৩১ ॥

৩১। লো-টী। সম্প্রহারঃ সংগ্রামঃ, মাংসশোণিতাভ্যং কর্দ্দমো যত্র সঃ। অদ্ভুতোপমঃ আশ্চর্য্যরূপঃ।

সেই ভীষণাকৃতি রাক্ষসগণ স্ব স্ব গুণবর্ণনা করিতে করিতে উজ্জ্বল গদা, শূল, শক্তি এবং পরশুদ্বারা বানরদিগকে আঘাত করিতে লাগিলেন ॥ ২৭ ॥

বানরগণও সেইরূপ প্রকাণ্ড বৃক্ষ, পর্ব্বতশৃঙ্গ এবং নখ ও দন্তদ্বারা সেই রাক্ষসদিগকে আঘাত করিতে লাগিলেন ॥ ২৮ ॥

প্রাচীরস্থিত অন্যান্য ভীষণাকৃতি রাক্ষসগণ ভূতলস্থিত বানরদিগকে ভিন্দিপাল এবং শক্তিনামক অস্ত্রদ্বারা বিদারিত করিতে লাগিলেন ॥ ২৯ ॥

মহাবলশালী বানরগণও ক্রুদ্ধ হইয়া বেগে উল্লম্ফনপূর্ব্বক মুষ্ট্যাঘাতে সেই রাক্ষসদিগকে প্রাচীর হইতে নিম্নে পাতিত করিলেন ॥ ৩০ ॥

রাক্ষস এবং বানরদিগের সেই আশ্চর্য্যরূপ তুমুল যুদ্ধে মাংস এবং রক্তদ্বারা ধরণী প্লাবিত হইয়া উঠিল ॥ ৩১ ॥

১। ছ 'ঘোরাঃ'। ২। ছ '-হীঙ্গতান্'। ৩। ছ '-সাংশ্চ'। ৪। ছ '-লান্'।

বনৌকসাং তত্র তু সন্নিনাদো লঙ্কাগতানাঞ্চ নিশাচরাণাম্ ।
প্রক্ষেড়িতাস্ফোটিতনর্দ্দিতৈশ্চ দ্বাভ্যাং মহদ্ভ্যামিব সাগরাভ্যাম্ ॥ ৩২ ॥

ইত্যার্ষে বাল্মীকীয়ে রামায়ণে আদিকাব্যে যুদ্ধকাণ্ডে যুদ্ধারম্ভো নাম
সপ্তদশঃ সর্গঃ ॥ ১৭ ॥

---

৩২ । লো-টী । প্রক্ষেড়িতং গর্জনাদঃ, আস্ফোটিতং যোধানাং বাহুশব্দঃ, সিংহনাদো যোধানাং গর্জিতং, তৈঃ সহ সন্নাদঃ । দ্বাভ্যাং দ্বয়োরিত্যর্থঃ ।

যুদ্ধারম্ভঃ ॥ ১৭ ॥

বিশাল সমুদ্রদ্বয়ের ন্যায় বানর এবং লঙ্কাস্থিত রাক্ষসদিগের সিংহনাদ ও বাহ্বাস্ফালনশব্দ এবং হস্তিবৃন্দের বৃংহণধ্বনি মিলিত হইয়া তুমুল ধ্বনি উত্থিত হইল ॥ ৩২ ॥

মহর্ষি বাল্মীকিপ্রণীত আদিকাব্য রামায়ণের যুদ্ধকাণ্ডে যুদ্ধারম্ভ-নামক
১৭শ সর্গ সমাপ্ত ॥ ১৭ ॥

১। ছ '-তৈস্তু'।

(১৮) অষ্টাদশঃ সর্গঃ

যুধ্যতাং তু তদা তেষাং বানরাণাং মহাত্মনাম্ ।
রাক্ষসানাঞ্চ সুমহান্ বিমর্দ্দঃ সমজায়ত ॥ ১ ॥
তে হয়ৈঃ কাঞ্চনাপীড়ৈর্ধ্বজৈশ্চাগ্নিশিখোপমৈঃ ।
রথৈরাদিত্যসঙ্কাশৈঃ কবচৈশ্চ মহাপ্রভৈঃ ॥ ২ ॥
প্রভিন্নকরটৈর্ঘোরৈর্বানরেন্দ্রপ্রহারিভিঃ ।
অলঙ্কৃতৈর্বদ্ধতূণৈর্বৃহদ্‌ঘণ্টাবিভূষিতৈঃ ॥ ৩ ॥
নানাশস্ত্রধরা ঘোরা মেঘা ইব সবিদ্যুতঃ ।
নির্যযুঃ সমরং সর্ব্বে দারয়ন্তো মহীতলম্ ॥ ৪ ॥
সুমহদ্ভির্মহানাদৈঃ পূরয়ন্তো নভস্তলম্ ।
রাক্ষসা ভীমকর্ম্মাণো রাবণস্য জয়ৈষিণঃ ॥ ৫ ॥

১। লো-টী। বিমর্দ্দঃ পরস্পরপীড়নম্ ।

২-৪। লো-টী। তে রাক্ষসাঃ সমরং নির্যযুরিতি চতুর্থেনান্বয়ঃ। হয়ৈর্হয়াদিভির্বিশিষ্টাঃ। কাঞ্চনময় আপীড়ঃ শিরোভূষণং যেষাং তৈঃ। প্রভিন্নো মত্তঃ করটো গণ্ডো যেষাং তৈরিতি বিশেষণেন বিশেষ্যা গজা লক্ষ্যন্তে। প্রভিন্নো গর্জিতো মত্ত ইত্যর্থঃ। 'করটো গজগণ্ডে স্যাৎ কুসুম্ভে নিন্দ্যজীবিনী'তি কোষঃ।

সংগ্রামরত সেই উদারচেতা বানর এবং রাক্ষসদিগের পরস্পরসঙ্ঘর্ষ অতিশয় ভীষণ হইল ॥ ১ ॥

রাবণের বিজয়াভিলাষী নানাশস্ত্রধারী সেই ভীমকর্ম্মা রাক্ষসগণ সকলেই সুবর্ণভূষিত অশ্ব, অগ্নিশিখাসদৃশ ধ্বজ, সূর্য্যতুল্য রথ, অতিশয় উজ্জ্বল কবচ এবং বানরদিগের উপর প্রহারনিরত অলঙ্কৃত তূণবাহী বৃহদ্‌ঘণ্টাবিভূষিত মদস্রাবী হস্তিবৃন্দের সহিত বিদ্যুৎসমন্বিত ভয়ঙ্কর মেঘের ন্যায় ভীষণ নিনাদে গগনমণ্ডল পরিপূর্ণ করত পৃথিবী বিদারিত করিতে করিতে যুদ্ধে বহির্গত হইলেন ॥ ২-৫ ॥

১। ছ '-শ্চাদি-'। ২। ছ '-রেন্দ্রৈঃ'। ৩। ছ '-ষণৈঃ'।

[১]নির্য্যাতং রাক্ষসানীকং সংপ্রেক্ষ্য [২]তু দুরাসদম্।
বানরাণামপি চমূর্মহতী জয়মিচ্ছতাম্।
[৩]অভ্যধাবত তৎ সৈন্যং গর্জমানং মহাস্বনম্ ॥ ৬ ॥
এতস্মিন্নন্তরে তেষামন্যোন্যমভিধাবতাম্।
রক্ষসাং বানরাণাঞ্চ দ্বন্দ্বযুদ্ধমবর্ত্তত ॥ ৭ ॥
অঙ্গদেনেন্দ্রজিৎ সার্দ্ধং বালিপুত্রেণ রাক্ষসঃ।
অযুধ্যত মহাতেজাঃ পিতুস্তুল্যপরাক্রমঃ ॥ ৮ ॥
প্রজঙ্ঘেন চ সম্পাতির্নিত্যং দুর্দ্ধর্ষণো রণে।
[৪]জম্বুমালিনমারব্ধো হনূমানপি [৫]বীর্য্যবান্ ॥ ৯ ॥

৬। লো-টী। নির্য্যাতং তৎ সর্ব্বং রাক্ষসানীকং সংপ্রেক্ষ্যেতি সার্দ্ধেনান্বয়ঃ। 'নির্য্যাতং তৎ সৈন্য'মিতি চ পাঠে সৈন্যং বহুসেনাসমাবৃতং রাক্ষসানীকং নির্য্যান্তমিত্যন্বয়ঃ। 'অনীকোঽস্ত্রী রণে সৈন্যে'। 'সৈন্যং ক্লীবং বলে সেনা সমরে তে তু বাচ্যবদ'তি কোষঃ।

৯। লো-টী। কোঽসৌ জম্বুমালী তমাহ—রাবণাত্মজঃ (?) তৎপুত্রঃ।

দুর্দ্ধর্ষ রাক্ষসসৈন্যদিগকে নির্গত দেখিয়া বিজয়াকাঙ্ক্ষী বানরদিগেরও বিশাল সৈন্যসমূহ ভীষণ গর্জ্জনকারী সেই রাক্ষসসৈন্যদিগের প্রতি ধাবিত হইল ॥ ৬ ॥

ইতিমধ্যে পরস্পরের প্রতি ধাবিত সেই রাক্ষস এবং বানরদিগের দ্বন্দ্বযুদ্ধ আরম্ভ হইল ॥ ৭ ॥

পিতৃতুল্য পরাক্রমশালী মহাতেজস্বী রাক্ষস ইন্দ্রজিৎ বালিপুত্র অঙ্গদের সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥ ৮ ॥

যুদ্ধে সর্ব্বদা দুর্দ্ধর্ষ 'সম্পাতি' প্রজঙ্ঘনামক রাক্ষসের সহিত এবং মহাবীর হনুমান্ জম্বুমালীর সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥ ৯ ॥

১। ছ 'নির্য্যাতং'। ২। ছ 'সুদুরা-'। ৩। ছ '-ধাবত্ততঃ'। ৪। ছ '-মায়ান্তং'। ৫। ছ 'বানরঃ'।

সঙ্গতঃ[১] সুমহাক্রোধাদ্রাক্ষসো রাবণানুজঃ।
সমরে তীক্ষ্ণবেগেন মিত্রঘ্নেন বিভীষণঃ ॥ ১০ ॥
তপনেন নলঃ সার্দ্ধং রাক্ষসেন মহাবলঃ।
সুকর্ণেন[২] মহাতেজা নীলোঽপি সমযুধ্যত ॥ ১১ ॥
সুগ্রীবো বানরেন্দ্রস্তু প্রঘসেন[৩] সমাগতঃ।
সঙ্গতঃ[৪] সমরে ধীমান্ বিরূপাক্ষেণ লক্ষ্মণঃ ॥ ১২ ॥
অগ্নিকেতুশ্চ দুর্দ্ধর্ষো রশ্মিকেতুশ্চ রাক্ষসঃ।
সুপ্তঘ্নো যজ্ঞকেতুশ্চ রণে রামেণ সঙ্গতাঃ ॥ ১৩ ॥
বজ্রমুষ্টিশ্চ মৈন্দেন[৫] দ্বিবিদেনাশনিপ্রভঃ।
রাক্ষসৌ হরিমুখ্যাভ্যাং[৬] সমরায় সমীয়তুঃ ॥ ১৪ ॥

১৪। লো-টী। সমরায় সমরং কর্ত্তুম্।

রাবণের কনিষ্ঠ ভ্রাতা রাক্ষস বিভীষণ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অতিশয় বেগশালী মিত্রঘ্ননামক রাক্ষসের সহিত যুদ্ধে অবতীর্ণ হইলেন ॥ ১০ ॥

মহাবলবান্ নল তপননামক রাক্ষসের সহিত এবং মহাতেজা নীল সুকর্ণ-নামক রাক্ষসের সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥ ১১ ॥

বানরশ্রেষ্ঠ সুগ্রীব প্রঘসের সহিত এবং বুদ্ধিমান্ লক্ষ্মণ বিরূপাক্ষের সহিত [যুদ্ধার্থে] মিলিত হইলেন ॥ ১২ ॥

দুর্দ্ধর্ষ রাক্ষস অগ্নিকেতু, রশ্মিকেতু, সুপ্তঘ্ন এবং যজ্ঞকেতু রামের সহিত যুদ্ধে অবতীর্ণ হইলেন ॥ ১৩ ॥

বজ্রমুষ্টি এবং অশনিপ্রভনামক রাক্ষসদ্বয় মৈন্দ এবং দ্বিবিদনামক প্রধান বানরদ্বয়ের সহিত সংগ্রামে অবতীর্ণ হইলেন ॥ ১৪ ॥

১। ছ 'প্রহসন্ ক্রোধাদ্রা-'। ২। ছ 'নিকুম্ভেন'। ৩। ছ 'প্রহস্তেন'। ৪। ছ 'শ্রীমান্'। ৫। ছ -'স্তু'। ৬। ছ 'সমবায়ং'।

গয়েনাদিত্যসঙ্কাশো বীরঃ প্রতপনস্তথা।

বিদ্যুন্মালী সুষেণেন সমরে তু সমীয়িবান্।

অযুধ্যত মহাতেজাঃ শক্রেণ নমুচির্যথা ॥ ১৫ ॥

জাম্ববান্ মকরাক্ষেণ ধূম্রঃ কুম্ভেন সংগতঃ।

নরান্তকেন পনসঃ সংসক্তো রক্ষসা হরিঃ ॥ ১৬ ॥

দেবান্তকো গবাক্ষেণ ত্রিশিরাঃ শরভেণ চ।

রক্ষসাকম্পনেনাজৌ যুযুৎসুঃ কুমুদো হরিঃ ॥ ১৭ ॥

ঋষভো বানরশ্রেষ্ঠঃ সারণেন সমাগতঃ।

অতিকায়েন বিনতো রম্ভশ্চৈব সমাগতঃ ॥ ১৮ ॥

১৫। লো টী। সমীয়িবান্ সঙ্গতঃ সন্ অযুধ্যত।

সূর্য্যসদৃশ মহাবীর প্রতপন গয়ের সহিত এবং মহাতেজস্বী বিদ্যুন্মালী সুষেণের সহিত মিলিত হইয়া ইন্দ্রের সহিত নমুচির ন্যায় যুদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥ ১৫ ॥

জাম্ববান্ মকরাক্ষের সহিত, ধূম্র কুম্ভের সহিত এবং পনসনামক বানর নরান্তকনামক রাক্ষসের সহিত যুদ্ধ করিতে অবতীর্ণ হইলেন ॥ ১৬ ॥

দেবান্তক গবাক্ষের সহিত, ত্রিশিরাঃ শরভের সহিত এবং কুমুদনামক বানর অকম্পননামক রাক্ষসের সহিত সংগ্রামক্ষেত্রে যুদ্ধ করিতে উদ্যত হইলেন ॥ ১৭ ॥

বানরশ্রেষ্ঠ ঋষভ সারণের সহিত এবং বিনত ও রম্ভ অতিকায়ের সহিত [যুদ্ধার্থে] মিলিত হইলেন ॥ ১৮ ॥

১। ছ '-রেঽপি'। ২। ছ '-বাহুঃ'। ৩। ছ 'ত্রিশিরাঃ সরভেণ চ'। ৪। ছ 'যুযুধে'। ৫। 'গভৌ'।

ধূম্রাক্ষেণ সমাযুক্তঃ কেশরী হনুমৎপিতা।
বেগদর্শী শুকেনাজৌ সম্প্রহারমথাকরোৎ ॥ ১৯ ॥
সংক্রুদ্ধং তু মহাপার্শ্বং যুযুধে গন্ধমাদনঃ।
বীরঃ শতবলী[১] রক্ষো বিদ্যুজ্জিহ্বমযোধয়ৎ ॥ ২০ ॥
বানরাশ্চাপরে যোধা[২] রাক্ষসৈরপরৈঃ সহ।
দ্বন্দ্বং সমীয়ুর্বহবো যুদ্ধার্থং বহুভিঃ সহ ॥ ২১ ॥
তত্রাসীৎ সুমহদ্ যুদ্ধং তুমুলং লোমহর্ষণম্।
রক্ষসাং[৩] বানরাণাঞ্চ বীরাণাং জয়মিচ্ছতাম্ ॥ ২২ ॥
হরিরাক্ষসদেহেভ্যঃ[৪] প্রবৃত্তাঃ কেশশৈবলাঃ।
শরীরসংঘাতবহাঃ প্রসস্রুঃ[৫] শোণিতাপগাঃ ॥ ২৩ ॥

২০। লো-টী। মহাপার্শ্বং প্রাপ্যেতি শেষঃ।

২১। লো-টী। দ্বন্দ্বং যুগলং যথা সমীয়ুঃ সঙ্গতা বভূবুঃ। 'দ্বন্দ্বযুদ্ধমবর্ত্তন্ত বহবো বহুভিঃ সহে'তি পাঠে অবর্ত্তন্ত অবর্ত্তয়ন্ত ; দ্বন্দ্বযুদ্ধমিতি ক্রিয়াবিশেষণং বা।

২৩। লো-টী। প্রবৃত্তাঃ সত্যঃ প্রসস্রুঃ চেলুঃ। 'শরীরসংঘাতবহা' ইতি মৃতাবহান্ সাম্যম্ (?)।

হনুমানের পিতা কেশরী ধূম্রাক্ষের সহিত এবং 'বেগদর্শী' শুকের সহিত যুদ্ধক্ষেত্রে যুদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥ ১৯ ॥

গন্ধমাদন ক্রুদ্ধ মহাপার্শ্বের সহিত এবং মহাবীর রাক্ষস 'শতবলি' বিদ্যুজ্জিহ্বের সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিলেন ॥ ২০ ॥

অন্যান্য বহু যোদ্ধা বানর অপরাপর বহু রাক্ষসের সহিত দ্বন্দ্বযুদ্ধার্থ সম্মিলিত হইলেন ॥ ২১ ॥

সেই স্থানে জয়েচ্ছুক বহু বীর রাক্ষস এবং বানরদিগের অতি ভীষণ রোমাঞ্চজনক তুমুল যুদ্ধ আরম্ভ হইল ॥ ২২ ॥

রাক্ষস ও বানরদিগের শরীর হইতে নির্গত রক্তনদী কেশরূপ শৈবাল এবং শবদেহসমূহ বহন করিয়া প্রবাহিত হইতে লাগিল ॥ ২৩ ॥

১। ছ -'লির্দৃপ্তো'। ২। ছ 'ঘোরাঃ'। ৩। ছ 'রাক্ষসানাঞ্চ বীরাণাং বানরাণাং জয়ৈষিণাম্'। ৪। ছ '-সৈন্যেভ্যঃ'। ৫। ছ 'শুস্রুবুঃ' (?)।

[1]তস্মিন্ প্রবৃত্তে সংগ্রামে রৌদ্রে ভীরুভয়াবহে।
হরিরাক্ষসয়োর্যুদ্ধং তুমুলং সমপদ্যত ॥ ২৪ ॥
আজঘানেন্দ্রজিৎ ক্রুদ্ধো বজ্রেণেব শতক্রতুঃ।
অঙ্গদং গদয়া বীরঃ পরসৈন্যবিদারণঃ ॥ ২৫ ॥
তস্য কাঞ্চনচিত্রাঙ্গং রথং সাশ্বং সসারথিম্।
জঘান সমরে শ্রীমানঙ্গদো বিননাদ চ ॥ ২৬ ॥
[2]প্রজঙ্ঘেন তু সম্পাতিস্ত্রিভির্ব্বাণৈর্ব্বিদারিতঃ।
[3]নিজঘানাশ্বকর্ণেন প্রজঙ্ঘং রণমূর্দ্ধনি ॥ ২৭ ॥
অতিকায়োঽতিবলবান্ দেবদানবদর্পহা।
রন্তুঞ্চ বিনতঞ্চৈব তাড়য়ামাস মার্গণৈঃ ॥ ২৮ ॥

২৭। লো-টী। অশ্বকর্ণেন বৃক্ষেণ। 'আসকংধা' ইতি যস্য প্রসিদ্ধিঃ।
২৮। লো-টী। মার্গণৈর্বাণৈস্তাড়য়ামাস বিব্যাধ।

ভীরুদিগের ভীতিজনক সেই অতি ভয়ঙ্কর সংগ্রাম আরম্ভ হইলে বানর এবং রাক্ষসদিগের যুদ্ধ ভীষণাকার ধারণ করিল ॥ ২৪ ॥

পরসৈন্যবিদারক ক্রুদ্ধ বীর ইন্দ্রজিৎ বজ্রপ্রহারকারী ইন্দ্রের ন্যায় গদাদ্বারা অঙ্গদকে প্রহার করিলেন ॥ ২৫ ॥

শ্রীমান্ অঙ্গদ যুদ্ধে সেই ইন্দ্রজিতের অশ্ব এবং সারথির সহিত সুবর্ণচিত্রিত রথ বিনষ্ট করিলেন এবং সিংহনাদ করিতে লাগিলেন ॥ ২৬ ॥

সম্পাতি প্রজঙ্ঘকর্ত্তৃক নিক্ষিপ্ত বাণত্রয়ে বিদারিত হইয়া সংগ্রামক্ষেত্রে অশ্বকর্ণবৃক্ষদ্বারা প্রজঙ্ঘকে নিহত করিলেন ॥ ২৭ ॥

দেবতা এবং দানবদিগের দর্পহারী অত্যন্ত বলবান্ 'অতিকায়' রন্তু এবং 'বিনত'কে বাণদ্বারা বিদ্ধ করিলেন ॥ ২৮ ॥

১। ছ-পুস্তকে অয়ং শ্লোকো নাস্তি। ২। ছ 'সম্পাতিস্তু প্রজঙ্ঘেন ত্রিভি'-। ৩। ছ 'তং জঘা-'।

পতন্তং তপনো ঘোরমভ্যধাবন্নলং হরিম্ ।
তলেন তু নলস্তস্য পীড়য়ামাস চক্ষুষী ॥ ২৯ ॥
ভিন্নগাত্রঃ শরৈস্তীক্ষ্ণৈঃ ক্ষিপ্রহস্তেন রক্ষসা ।
নিজঘানাদ্রিসারেণ তপনং মুষ্টিনা নলঃ ॥ ৩০ ॥
জম্বুমালী রথস্থস্তু তথা শক্ত্যা মহাবলঃ ।
বিভেদ সমরে ক্রুদ্ধো হনূমন্তং স্তনান্তরে ॥ ৩১ ॥
স তস্য রথমারুহ্য হনূমান্ মারুতাত্মজঃ ।
প্রমমাথ তলেনৈব গিরিশৃঙ্গোপমং শিরঃ ॥ ৩২ ॥
ভিন্নগাত্রঃ শরৈস্তীক্ষ্ণৈর্মিত্রঘ্নেন বিভীষণঃ ।
মিত্রঘ্নং গদয়া ক্রুদ্ধো নিজঘান বিভীষণঃ ॥ ৩৩ ॥

৩০। লো-টী। অদ্রিসারেণ অদ্রেরপি সারেণ বলবত্তরেণ।
৩১। লো-টী। রথশক্ত্যা রথস্থয়া শক্ত্যা।

'তপন' ধাবমান বানর নলের প্রতি ধাবিত হইলে নল চপেটাঘাতে তাহার চক্ষুদুইটি পীড়িত করিলেন ॥ ২৯ ॥

ক্ষিপ্রহস্ত রাক্ষসকর্ত্তৃক তীক্ষ্ণ বাণদ্বারা বিদীর্ণগাত্র 'নল' দৃঢ়মুষ্টিদ্বারা তপনকে নিহত করিলেন ॥ ৩০ ॥

মহাবীর ক্রুদ্ধ জম্বুমালী রথারূঢ় হইয়া যুদ্ধক্ষেত্রে শক্তিদ্বারা হনুমানের বক্ষঃস্থল বিদীর্ণ করিলেন ॥ ৩১ ॥

পবননন্দন সেই হনুমান্ তাহার রথে আহোরণ করিয়া চপেটাঘাত দ্বারাই পর্ব্বতশৃঙ্গসদৃশ তাহার মস্তক মথিত করিলেন ॥ ৩২ ॥

মিত্রঘ্নের তীক্ষ্ণ শরদ্বারা বিদীর্ণগাত্র বিভীষণ ক্রুদ্ধ হইয়া গদাদ্বারা মিত্রঘ্নকে নিহত করিলেন ॥ ৩৩ ॥

১। ছ 'তপনস্তু তথা'। ২। ছ 'পাত্যা-'। ৩। ছ '-তিসারেণ'। ৪। ছ 'রথশক্ত্যা'।

গ্রসন্তমিব সৈন্যানি[১] প্রঘসং বানরাধিপঃ।
সুগ্রীবঃ সপ্তপর্ণেন[২] জঘান চ ননাদ চ ॥ ৩৪ ॥

সৃজন্তং শরবর্ষাণি রাক্ষসং ভীমদর্শনম্।
নিজঘান বিরূপাক্ষং শরেণৈকেন লক্ষ্মণঃ ॥ ৩৫ ॥

অগ্নিকেতুশ্চ দুর্দ্ধর্ষো রশ্মিকেতুশ্চ রাক্ষসঃ।
সুপ্তঘ্নো যজ্ঞকেতুশ্চ রামং নির্বিভিদুঃ শরৈঃ ॥ ৩৬ ॥

তেষাং চতুর্ণাং রামস্তু শিরাংসি সমরে শরৈঃ।
ক্রুদ্ধশ্চতুর্ভিশ্চিচ্ছেদ তান্যুৎপ্লুত্য ক্ষিতিং যযুঃ ॥ ৩৭ ॥

বজ্রমুষ্টিস্তু মৈন্দেন মুষ্টিনাভিহতো রণে।
পপাত সরথস্তূর্ণং পুরাট্ট[৩] ইব ভূতলে ॥ ৩৮ ॥

৩৪। লো-টী। সপ্তপর্ণেন বৃক্ষেণ।

৩৫। লোটী। ক্ষরন্তং মুঞ্চন্তম্।

৩৭। লো-টী। উৎপ্লুত্য প্লুতশব্দং কৃত্বা।

৩৮। লো টী। পুরাট্ট ইব পুরস্য অট্টঃ গৃহান্তরমিব। 'অট্টং ভক্তে চ শুল্কে না ক্ষৌমেঽত্যর্থে গৃহান্তরে' ইতি কোষঃ। 'মহীধ্র ইব ভূতলে' ইতি বা পাঠঃ।

বানররাজ সুগ্রীব সৈন্যদিগকে গ্রাস করিতে উদ্যত 'প্রঘস'কে সপ্তপর্ণ-বৃক্ষদ্বারা নিহত করিয়া গর্জ্জন করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

লক্ষ্মণ শরবর্ষী ভীমদর্শন বিরূপাক্ষনামক রাক্ষসকে একটীমাত্র শরদ্বারাই বধ করিলেন ॥ ৩৫ ॥

দুর্দ্ধর্ষ অগ্নিকেতু, রশ্মিকেতু, সুপ্তঘ্ন এবং যজ্ঞকেতুনামক রাক্ষস শরদ্বারা রামচন্দ্রকে বিদ্ধ করিলেন ॥ ৩৬ ॥

রামচন্দ্র ক্রুদ্ধ হইয়া চারিটি বাণদ্বারা সেই রাক্ষসচতুষ্টয়ের মস্তক ছেদন করিলেন, সেই ছিন্ন মস্তকগুলি ঊর্দ্ধে উত্থিত হইয়া ভূতলে পতিত হইল ॥ ৩৭ ॥

বজ্রমুষ্টিনামক রাক্ষস মৈন্দকর্ত্তৃক মুষ্টিপ্রহারে যুদ্ধক্ষেত্রে নিহত হইয়া রথের সহিত অতিদ্রুত নগরের অট্টালিকার ন্যায় ভূমিতে পতিত হইল ॥ ৩৮ ॥

১। ছ 'প্রহস্তং'। ২। ছ 'নিজঘান'। ৩। ছ 'মহীধ্র ইব'।

সুকর্ণঃ সমরে নীলং নীলাঞ্জনচয়োপমম্ ।

নির্বিভেদ শরৈস্তীক্ষ্ণৈর্মেঘং সূর্য্য ইবাংশুভিঃ ॥ ৩৯ ॥

পুনঃ[১] শরশতেনৈব ক্ষিপ্রহস্তো নিশাচরঃ ।

বিভেদ সমরে নীলং সুকর্ণঃ প্রজহাস চ ॥ ৪০ ॥

তস্যৈব রথচক্রেণ নীলো বিষ্ণুরিবাহবে ।

শিরশ্চিচ্ছেদ বলবান্ স নিকৃত্তোঽপতদ্ ভুবি ॥ ৪১ ॥

দ্বিবিদং বানরেন্দ্রন্তু দ্রুমপাণিং মহাহবে ।

শরৈরশনিসঙ্কাশৈঃ স বিব্যাধাশনিপ্রভঃ ॥ ৪২ ॥

৩৯। লো-টী। সুকর্ণো রাক্ষসঃ।

৪০। লো-টী। ক্ষিপ্রহস্তঃ শিক্ষিতহস্তঃ।

৪১। লো-টী। স নিকৃত্তঃ। স সুকর্ণঃ নিকৃত্তশ্ছিন্নঃ।

সূর্য্য যেমন কিরণদ্বারা মেঘ ভেদ করেন, সেইরূপ 'সুকর্ণ'নামক রাক্ষস রাশীকৃত নীলাঞ্জনসদৃশ 'নীল'নামক বানরকে তীক্ষ্ণ শরদ্বারা বিদারিত করিতে লাগিল ॥ ৩৯ ॥

পুনরায় ক্ষিপ্রহস্ত সুকর্ণনামক রাক্ষস শত শরদ্বারা যুদ্ধক্ষেত্রে নীলকে বিদীর্ণ করিয়া হাসিতে লাগিল ॥ ৪০ ॥

যুদ্ধক্ষেত্রে বিষ্ণুর ন্যায় বলবান্ নীল তাহারই রথের চক্রদ্বারা তাহার মস্তক ছেদন করিলে ছিন্নমস্তক সুকর্ণ ভূতলে পতিত হইল ॥ ৪১ ॥

প্রসিদ্ধ [রাক্ষস] 'অশনিপ্রভ' সমরক্ষেত্রে বৃক্ষপাণি বানরশ্রেষ্ঠ 'দ্বিবিদ'কে বজ্রতুল্য শরদ্বারা বিদীর্ণ করিলেন ॥ ৪২ ॥

১। ছ-তৈরেব।

শরৈরতিবিভিন্নাঙ্গো দ্বিবিদঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
সালেন[১] সরথং সাশ্বং নিজঘানাশনিপ্রভম্[২] ॥ ৪৩ ॥

বিদ্যুন্মালী রথস্থস্তু শরৈঃ কনকভূষণৈঃ।
সুষেণং তাড়য়ামাস ননাদ চ মুহুর্মুহুঃ ॥ ৪৪ ॥

তস্যান্তরমথো দৃষ্ট্বা সুষেণো হরিপুঙ্গবঃ[৩]।
গিরিশৃঙ্গেণ মহতা রথমাশু ব্যপোথয়ৎ ॥ ৪৫ ॥

৪৫। লো-টী। অন্তরং ছিদ্রম্ দৃষ্ট্বা জ্ঞাত্বা ব্যপোথয়ৎ বভঞ্জ।

শরদ্বারা অতিশয় বিদীর্ণগাত্র অত্যন্তক্রুদ্ধ 'দ্বিবিদ' শালবৃক্ষদ্বারা 'অশনি-প্রভ'কে নিহত করিলেন ॥ ৪৩ ॥

রথারূঢ় বিদ্যুন্মালী সুবর্ণভূষিত শরদ্বারা সুষেণকে মুহুর্মুহুঃ আহত করিয়া গর্জ্জন করিতে লাগিলেন ॥ ৪৪ ॥

বানরপুঙ্গব সুষেণ তাহার ছিদ্র লক্ষ্য করিয়া বিশাল পর্ব্বতশৃঙ্গদ্বারা শীঘ্রই তাহার রথ ভগ্ন করিলেন ॥ ৪৫ ॥

